



কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলা থেকে শীত কার্যত উধাও হয়ে গিয়েছে। সকালে ও রাতে ঠান্ডা অনুভূত হলেও, বেলা বাতেই উধাও হয়ে যাচ্ছে শীত। ...বিস্তারিত পাতা ৩



মাধ্যমিকের বাংলা পরীক্ষা চলাকালীনই শুক্রবার সমাজমাধ্যমে ছড়িয়ে পড়েছিল প্রশ্নপত্রের ছবি। ইংরেজি পরীক্ষার দিনও তার ব্যত্যয় হল না। ছড়িয়ে পড়ল প্রশ্নপত্রের ছবি। ...বিস্তারিত পাতা ৫



অস্ত্র, গোলাবারুদ এবং বিস্ফোরকগুলিকে আশ্রয় সীমাপ্রাপ্ত চোরালালানে যে নেটওয়ার্ক কাজ করতো তাদের দলের পর্দা ফাঁস করেছে জাতীয় তদন্তকারী সংস্থা। ...বিস্তারিত পাতা ৬



ঘরের মাঠে স্পিন পিচ বানিয়ে বিদেশি দলকে উড়িয়ে দাও। ঘরের মাঠে খেলতে নামে দল। বহু বছর ধরে এই প্রথা চলে আসছে। ফ্রুন্স সৌরভ গঙ্গোপাধ্যায়।...বিস্তারিত পাতা ৮

## ‘সরকার যাই করুক, সমর্থন করব’, বকেয়া ইস্যুতে জবাব রাজ্যপালের



দুরন্ত বার্তা, কলকাতা, ৩ ফেব্রুয়ারি : দিল্লি সফরে গিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহর সঙ্গে বৈঠক করেছিলেন রাজ্যপাল। সেখানেই বাংলার বকেয়া প্রসঙ্গে আলোচনা করেছেন তিনি। আর তার পর শুক্রবারই যৌথ প্রকল্প জল জীবন মিশনের ১০০০ কোটি টাকা পেয়েছে বাংলা। শনিবার তিনি দিল্লি থেকে কলকাতা ফিরে জানানলেন, আমি

শুধুমাত্র একটা মাধ্যম। এটা সবেমাত্র শুরু। আপনি আরও ইতিবাচক বিষয় জানতে পারবেন খুব শীঘ্রই। পাশাপাশি বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর কটাক্ষেরও জবাব দিয়েছেন রাজ্যপাল সি ডি আনন্দ বোস। তার কথায়, আমি বাংলার মানুষের স্বার্থে রয়েছি। কোনও নির্দিষ্ট সরকারের পক্ষে নই। আমার সঙ্গে সরকারের সম্পর্ক হচ্ছে, সরকার যাই করুক না কেন, আমি সমর্থন করব। শুক্রবার রাজ্যপালের এই ভূমিকা নিয়ে সমালোচনা করেছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। রাজ্য নির্বাচন কমিশনের সামনে সাংবাদিক বৈঠকে তিনি বলেন, রাজ্যপাল অনেক কথা বলেন, কেউ গুরুত্ব দেন না। বৃহস্পতিবার জগদীপ ধনকড়, অমিত শাহের সঙ্গে দেখা করে বাংলার হয়ে সমঝোলা করেছেন বোস। কখন প্রেম-প্রীতি-ভালবাসা আর কখন ঝগড়া, আমি বলতে পারব না। আসলে এই দুজনের সঙ্গে দেখা করেই রাজ্যপাল বাংলার বকেয়ার কথা বলেছেন। আর সেই কারণেই তিনি বিজেপির এমন সমালোচনার মুখে পড়েন। শনিবার কলকাতা বিমানবন্দরে পা রেখেই শুভেন্দু অধিকারীর সমালোচনার জবাব দিয়েছেন সি ডি আনন্দ বোস। তিনি বলেন, উনিও ঠিক, আমিও ঠিক। আমি বাংলার মানুষের স্বার্থে রয়েছি। তাদের জন্য কথা বলেছি। কোনও নির্দিষ্ট সরকারের পক্ষে নই। আমার সঙ্গে সরকারের সম্পর্ক হচ্ছে, সরকার যাই করুক না কেন আমি সমর্থন করব। তার কথায়, গভর্নর হিসেবে রাজ্যের মানুষ যাতে ভালো থাকেন, তার জন্য আমার একটা কর্তব্য রয়েছে। এটা আমার প্রথম ভিজিট নয়, দ্বিতীয় ভিজিট। কেন্দ্রীয় সরকারের কাছে মূলত বিভিন্ন প্রকল্পের তহবিল নিয়ে আলোচনা হয়েছে যেটা রাজ্যের মানুষের স্বার্থে লাগে। এই নিয়ে আলোচনা হয়েছে। রেজাল্ট খুবই ইতিবাচক।

## মনের মধ্যে কোনও ধন্দ রাখা উচিত নয় মমতা বন্দ্যোপাধ্যায়ের : জয়রাম



পাকুর (ঝাড়খণ্ড), ৩ ফেব্রুয়ারি : বিরোধীদের জোট নিয়ে জট অব্যাহত, এই পরিস্থিতিতে তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্দেশ্যে কংগ্রেস নেতা জয়রাম রমেশ বলেন, মনের মধ্যে কোনও ধন্দ রাখা উচিত নয় মমতা বন্দ্যোপাধ্যায়ের। শনিবার সকালে ঝাড়খণ্ডের পাকুরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে জয়রাম রমেশ বলেছেন, আমরা অবশ্যই উত্তর প্রদেশে যাব। মমতা বন্দ্যোপাধ্যায়ের মনে

কোনও ধন্দ থাকা উচিত নয়। ভারত জেতাে ন্যায় যাত্রা ১১-দিনের জন্য উত্তর প্রদেশে থাকবে। তিনি কংগ্রেস সম্পর্কে অনেক কিছু বলেছেন, কিন্তু আমিও কিছু বলতে চাই। আমি শুধু বলতে চাই, সে বারবার বলছে যে তিনি জোটের একটি অংশ। আমরাও জোটের একটি অংশ এবং এই জোটকে আরও শক্তিশালী করা আমাদের দায়িত্ব। জয়রাম রমেশ বলেছেন, একটা লক্ষ্য থাকা উচিত -আমরা বিজেপির বিরুদ্ধে লড়াই করছি, আরএসএস আদর্শের বিরুদ্ধে লড়াই করছি। রাজ্য পর্যায়ে রাজনীতি নিয়ে আমাদের মধ্যে যে মতপার্থক্য রয়েছে, তা দূর করতে হবে এবং একটি জাতীয় দৃষ্টিভঙ্গি নিয়ে এগিয়ে যেতে হবে। আইএনডিআই জাতীয় স্তরের জন্য, লোকসভা নির্বাচনের জন্য -বিধানসভা নির্বাচন নয়।

### পশ্চিমবঙ্গে রেলের উন্নয়নের জন্য বাজেটে ১৩,৮০০ কোটি টাকা বরাদ্দ : রেলমন্ত্রী

কলকাতা, ৩ ফেব্রুয়ারি : পশ্চিমবঙ্গে রেলের উন্নয়নের জন্য বাজেটে ১৩,৮০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। কলকাতা রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব শুক্রবার রাতে কলকাতায় সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেছেন, পশ্চিমবঙ্গে রেলের উন্নয়নের জন্য, বাজেটে ১৩,৮০০ কোটি টাকা বরাদ্দ করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। পশ্চিমবঙ্গ সরকারের কাছ থেকেও সহায়তা প্রত্যাশা করেছেন অশ্বিনী বৈষ্ণব, একইসঙ্গে রেলমন্ত্রী জানিয়েছেন, রাজ্য সরকার যদি জমি বরাদ্দ, আইন-শৃঙ্খলা বজায় রাখতে এবং তা আরও কার্যকর করতে সহায়তা করে, তবে বাংলায় দ্রুত অগ্রগতি হতে পারে। প্রসঙ্গত, কলকাতা থেকে ওড়িশা যাওয়ার পথে শুক্রবার রাতে সাংবাদিকদের মুখোমুখি হন রেলমন্ত্রী।

## অপারেশন বায়ুশক্তি ২০২৪, ১৭ ফেব্রুয়ারি পোখরানে শক্তি প্রদর্শন ভারতীয় বায়ুসেনার

নয়াদিল্লি, ৩ ফেব্রুয়ারি : রাজস্থানের পোখরানে শক্তি প্রদর্শন করতে চলেছে ভারতীয় বায়ুসেনা। পাকিস্তান সীমান্ত লাগোয়া রাজস্থানের জয়সলমেরের মরুভূমিতে আকাশ যুদ্ধের মহাভার নাম দেওয়া হয়েছে অপারেশন বায়ুশক্তি ২০২৪। আগামী ১৭ ফেব্রুয়ারি থেকে এই মহড়া শুরু হবে। রাজস্থানের পোখরানে আগেও বেশ কয়েক বার ভারতীয় বায়ুসেনার মহড়া হয়েছে। তবে এ বারেই প্রথম যুদ্ধবিমান রাফাল এবং দেশীয় প্রযুক্তিকে তৈরি ‘হালকা যুদ্ধ হেলিকপ্টার’ লাইট কমব্যাট চপার) ‘অংশ নিচ্ছে এই মহড়া। এ ছাড়া রুশ ‘সুখোই-৩০



বায়ুশক্তি’-তে। সেই সঙ্গে ‘ হিঃ দূতান অ্যারোনেটিক্স লিমিটেড’ (হ্যাল)-এর তৈরি বহুমুখী ব্যবহারযোগ্য হেলিকপ্টার ‘ফ্রব

এবং কয়েক ধরনের সামরিক পরিবহণ হেলিকপ্টারও এই মহড়ায় অংশ নেবে। বায়ুসেনার এই বীরত্ব প্রদর্শনে মোট ৭৭টি যুদ্ধবিমান, পাঁচটি সামরিক পরিবহণ বিমান এবং ৪১টি হেলিকপ্টার অংশ নেবে বলে বায়ুসেনার তরফে জানানো হয়েছে। সেই সঙ্গে থাকবে ভারতীয় স্থলসেনার আকাশ শাখা, ‘আর্মি অ্যান্ড্রেশন কোর’-এর রুদ্র এবং চিনুক হেলিকপ্টার। লেজার গাইডেড বোমা, ‘আকাশ থেকে ভূমি’, ‘ থেকে আকাশ’ ক্ষেপণাস্ত্র-সহ নানা অফ এবং সরঞ্জামও ব্যবহৃত হবে এই মহড়ায়।

## ‘১০০ দিনের কাজে বঞ্চিত ২১ লক্ষ মানুষকে টাকা দেব’, ঘোষণা মমতার



দুরন্ত বার্তা, কলকাতা, ৩ ফেব্রুয়ারি : কেন্দ্রীয় বকেয়া নিয়ে রাজ্যবাসীর জন্য বিরাট বড় ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ১০০ দিনের কাজ করে বঞ্চিত ২১ লক্ষ মানুষকে আগামী ২১ ফেব্রুয়ারি টাকা দেবে তার সরকার। সেই টাকা পৌঁছে যাবে তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে। শনিবার ধরনার শেষ দিনের ভাষণে এই ঘোষণা করলেন তৃণমূল সুপ্রিমো তথা মুখ্যমন্ত্রী। বকেয়া নিয়ে কেন্দ্রীয় বঞ্চনার প্রতিবাদে শুক্রবার থেকে ব্রেড রোডে ৪৮ ঘণ্টা ধরনার বসেছেন মমতা বন্দ্যোপাধ্যায়। শনিবার তার ধরনামঞ্চে দেখা গেল দিল্লির প্রাক্তন

আপ নেতা যোগেন্দ্র যাদবকে। আপ ছেড়ে তিনি নিজের রাজনৈতিক দল খুলেছেন। মমতার বিজেপি বিরোধী লড়াইয়ে এদিন শামিল হলেন যোগেন্দ্র যাদব। এদিন তাঁকে মঞ্চে স্বাগত জানান মমতা বন্দ্যোপাধ্যায়। আর তাঁর এই ঘোষণা স্বভাবতই খুশির হাওয়া ১০০ দিনের কাজ করা শ্রমিক মহলে। এদিন মুখ্যমন্ত্রী আরও জানিয়েছেন, বাকি শ্রমিকদেরও টাকা দেবে রাজ্য সরকার। আগামী ৮ ফেব্রুয়ারি রাজ্য

বাজেট পেশা। সেখানেই বাকি শ্রমিকদের বকেয়া মেটানো নিয়ে সিদ্ধান্ত ঘোষণা হতে পারে। লোকসভা নির্বাচনের আগে শ্রমিকদের বকেয়া মেটানোর দায়িত্ব রাজ্য সরকারের নেওয়ার ঘোষণা নিঃসন্দেহে বড় ঘোষণা। ১০০ দিনের কাজ করেও কেন্দ্র থেকে টাকা পাননি বাংলার শ্রমিকরা, এই

## নিজের বাড়িতে বৈঠক করে পার্থ ষড়যন্ত্র করেছেন বলেই দাবি করছে সিবিআই

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ ফেব্রুয়ারি : শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় বহুজ্ঞানকে জেলবন্দি পার্থ চট্টোপাধ্যায়। নিজেকে বার বার নিষেধ বলে দাবি করেছেন। প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের জামিনের বিরোধিতা করতে গিয়ে তাঁর কীর্তি আদালতে বিস্তারিত জানাল সিবিআই। সিবিআই-এর দাবি, কাকে কোন পদে নিয়োগ করা হবে, কাকে কোন পদ থেকে সরিয়ে দেওয়া হবে, পার্থবাবু ঠিক করতেন। তবে মন্ত্রী প্রকাশ্যে থাকতেন না।

আড়াল থেকে নাড়তেন কলকাতা। এমন ভাবে সব পরিকল্পনা করতেন, যাতে তিনি নিজে ‘ না থাকেন। শনিবার আলিপুরে সিবিআইয়ের বিশেষ আদালতে পার্থবাবুর জামিনের মামলার শুনানি ছিল। সেখানেই সিবিআইয়ের তরফে জামিনের বিরোধিতা করে এককথা জানানো হয়। যারা এই কাজে তাকে সাহায্য করতেন না, তাঁদের প্রাক্তন শিক্ষামন্ত্রীর কোণে পড়তে হত। পদ থেকে সরিয়ে দেওয়া হত তাঁদের। সিবিআই জানিয়েছে, পার্থবাবু নিজের

বাড়িতে বৈঠক করে অনেককে পদত্যাগ করতে বাধ্য করেছেন। কেন্দ্রীয় সংস্থার আইনজীবী আদালতে বলেন, ‘দুর্নীতির সম্পূর্ণ ছবিতেই রয়েছেন পার্থবাবু’। আইনজীবী বলেন, ‘শিক্ষা এমন একটা বিষয়, যা সমাজ গঠন করে। চিকিৎসক কোনও ভুল করলে রোগীর ক্ষতি হয়। কিন্তু এরা যে ধরনের অযোগ্য শিক্ষক এনেছেন, তাতে সমাজ কোন দিকে যাবে, ঠিক নেই। বর্তমান পরিস্থিতিতেই সেই ছবিটা স্পষ্ট হয়ে উঠছে।’

## শাহজাহানকে দ্বিতীয় নোটিস ইডির

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ ফেব্রুয়ারি : সন্দেহখালির ‘বেতাজ তৃণমূল নেতা শেখ শাহজাহানকে পুনরায় নোটিস পাঠানো হইয়া জানা গিয়েছে, আগামী সপ্তাহে হাজিরার নির্দেশ দেওয়া হয়েছে তাঁকে। এবার ইমেলে মারফত তাঁকে নোটিস পাঠানো হয়েছে। এর আগে তল্লাশিতে গিয়ে তাঁর বাড়ির সামনে নোটিস টাঙিয়ে এসেছিল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। রেশন দুর্নীতি মামলার তদন্তে গত ৫ জানুয়ারি সন্দেহখালির শেখ শাহজাহানের বাড়িতে তল্লাশি চালাতে গিয়ে আক্রান্ত হন ইডি আধিকারিকরা। সেদিন থেকেই নির্বোজ শাহজাহান। এর পর ২৪ তারিখও সেখানে গিয়ে ইডি তল্লাশি চালায়। শাহজাহানের তালাবন্ধ বাড়ির সামনে তাঁকে ইডি দপ্তরে হাজিরার নোটিস টাঙিয়ে দিয়ে আসা হয়। কিন্তু সেই নোটিসেও সাড়া নেননি সন্দেহখালির তৃণমূল নেতা। সিজিও কমপ্লেক্সে হাজিরা দেননি তিনি।

উল্টে আইনি রক্ষাব্যবস্থা চেয়ে নিজের সই করা হুকুমদামি দিয়ে আগাম জামিনের আবেদন করেন। তিনি আগাম জামিনের আবেদন জানান ব্যাঙ্কশাল কোর্টের বিশেষ ইডি আদালতে। শেখ শাহজাহানের সই করা হুকুমদামি আদালতে পেশ করেই তাঁর আগাম জামিনের আবেদন জানিয়েছেন আইনজীবী জাকির হোসেন। তাইই মাঝে সন্দেহখালির ‘বেতাজ বাদশা’কে দ্বিতীয়বার ইডির নোটিস। শেখ শাহজাহান আদৌ আগামী সপ্তাহে ইডির তলবে সাড়া দেন কিনা, সেটাই এখন প্রশ্ন। তবে তিনি তা না করলে ইডি পুনরায় তাকে নোটিশ পাঠাবে তা স্পষ্ট।

## শক্তি বৃদ্ধি পেল ভারতের, নৌবাহিনীতে অন্তর্ভুক্ত হয়ে গেল আইএনএস সন্ধ্যায়ক

নয়াদিল্লি, ৩ ফেব্রুয়ারি : আরও শক্তি বাল ভারতীয় নৌবাহিনী। শনিবার ভারতীয় নৌবাহিনীতে অন্তর্ভুক্ত হয়ে গেল আইএনএস সন্ধ্যায়ক। এদিন সকালে অন্ধ্রপ্রদেশের বিশাখাপত্তনমের নৌ ডকইয়ার্ডে আইএনএস সন্ধ্যায়ক-কে নৌবাহিনীতে অন্তর্ভুক্ত করেন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নৌবাহিনী প্রধান অ্যাডমিরাল আর হরিকুমার এবং অন্যান্য বিশিষ্ট অতিথিরা। প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিংকে এদিন সকালে বিশাখাপত্তনমের নৌ ডকইয়ার্ডে গার্ড অফ অনারে অভিবাদন জানানো হয়। এরপরই আইএনএস সন্ধ্যায়ক-কে নৌবাহিনীতে অন্তর্ভুক্ত করেন তিনি। নৌবাহিনী প্রধান অ্যাডমিরাল আর হরিকুমার এদিন বলেছেন, বিভিন্ন ধরনের ভূমিকা ও কাজ করার এই নমনিয়াতাকে কাজে লাগানোর জন্য, নৌবাহিনী গত এক দশকে দেশীয়ভাবে অত্যাধুনিক প্লাটফর্মের



সমান বৈচিত্র্যময় পরিসর চালু করেছে। শক্তিশালী বিমানবাহী রণতরী ব্রেক্সা হোক, বিশাখাপত্তনম শ্রেণীর মারাত্মক ধ্বংসকারী, বহুমুখী শ্রেণীর ট্রিগেট, সিলিং কালভারী শ্রেণীর সাবমেরিন

বা বিশেষায়িত ডাইভিং সাপোর্ট ভেসেল, আমরা সত্যকর্তার সঙ্গে একটি ভারসাম্যপূর্ণ ‘‘আত্মনির্ভর বাহিনী’’ তৈরি করছি। প্রকৃতপক্ষে, গত দশ বছরে যে তিনটি উপাসনা এবং সাবমেরিন চালু করা হয়েছে

তার সবই ভারতে নির্মিত এবং সন্ধ্যায়ক ভারতে নির্মিত হওয়া ৬৪-তম যুদ্ধজাহাজ। এই রণতরীটি কলকাতার গার্ডেনরিচ শিপ বিল্ডার অ্যান্ড ইঞ্জিনিয়ার্স তৈরি করেছে। রণতরীটিতে ৮০ শতাংশের বেশি

স্বদেশী সামগ্রী রয়েছে, যা যুদ্ধজাহাজ নির্মাণে ভারতের দক্ষতাকে পুনর্ব্যক্ত করে। এই যুদ্ধজাহাজ ভারতীয় নৌবাহিনীতে অন্তর্ভুক্ত হলে নৌবাহিনীর শক্তি আরও বাড়বে। ভারতীয় নৌবাহিনীতে আইএনএস সন্ধ্যায়ক নামে একটি জাহাজ ছিল। সেটিও ‘‘সার্ভে ভেসেল’’ ছিল। ১৯৮১ সালে ভারতীয় নৌবাহিনীতে সেটি অন্তর্ভুক্ত হয়েছিল। আর ২০২১ সালে ‘‘অবসরপ্রাপ্ত’’ করেছিল। এবার ১১০ মিটার দীর্ঘ এই রণতরী ভারতীয় নৌবাহিনীতে অন্তর্ভুক্ত হচ্ছে। সমুদ্রের তলায় বিভিন্নরকমের সন্ধান চালাতে পারবে ‘ সন্ধ্যায়ক’। জাহাজ কোন পথ ধরে এগিয়ে যেতে পারে, সেটাও খুঁজে বের করতে পারবে। প্রতিরক্ষা ক্ষেত্রে সমুদ্র এবং ভৌগোলিক বিভিন্ন তথ্য বের করতে সক্ষম সন্ধ্যায়ক শ্রেণির জাহাজ। তার ফলে ভারতীয় নৌসেনার হাত মজবুত হবে।

### ৬ ফেব্রুয়ারি থেকে সাধারণ মানুষের জন্য খুলে দেওয়া হবে ঝাড়খণ্ড রাজভবন উদ্যান



রাঁচি, ৬ ফেব্রুয়ারি :আগামী ৬ ফেব্রুয়ারি থেকে সাধারণ মানুষের জন্য ঝাড়খণ্ড রাজভবন উদ্যানের দরজা খুলে দেওয়া হবে। উদ্যানটি ১২ ফেব্রয়ারি পর্যন্ত সকাল ১০টা থেকে বিকাল ৬টৌ পর্যন্ত খোলা থাকবে। সকাল ১০টায় রাজভবনের গেট নম্বর-২ থেকে রেজিস্ট্রেশন ও নিরাপত্তা যাচাইয়ের পর যে কোনও ব্যক্তি বেলা ১টা পর্যন্ত বিনামূল্যে রাজভবনে প্রবেশ করতে পারবেন। জগনগের ভিড়ের কথা মাথায় রেখে দর্শনাধীশের শুধুমাত্র ৬০ মিনিটের জন্য ভিতরে থাকার নিয়ম করা হয়েছে। প্রবেশের জন্য প্রত্যেক ব্যক্তিকে পরিচয়পত্র নিয়ে আসতে হবে। পরিচয়পত্র বাধ্যতামূলক করা হয়েছে।এই উদ্যানে দর্শনীয় অনেক কিছু রয়েছে যেমন ৪০০ প্রজাতির ১৭ হাজারেরও বেশি গোলাপ, ভারত-পাকিস্তান যুদ্ধে ব্যবহৃত ট্যাংক, বিদেশ থেকে আনা ফুলসহ বড় বড় চরকা, শহীদ স্থান। ঝাড়খণ্ড রাজভবন প্রায় ৫২ একর জুড়ে অবস্থিত। রাজভবন ১৯৬০ সালে নির্মিত হয়েছিল। উদ্যানটি সর্বপ্রথম ২০০৪ সালে সর্বসাধারণের জন্য উন্মুক্ত করা হয়।

### হাওড়ার ডোমজুড়ে থার্মোকিল কারখানায় আগুন, কোনও হতাহতের ঘটনা ঘটেনি

হাওড়া, ৩ ফেব্রুয়ারিঃ হাওড়া জেলার ডোমজুড়ে আগুন লাগল একটি থার্মোকিল কারখানায়। শনিবার সকাল দশটা নাগাদ কারখানার গোড়াউনে হুাং আগুন লাগে। দাউ দাউ করে জ্বলতে থাকে গোড়াউনের জমানো থার্মোকিল। আগুনের তীব্রতা এতটাই ছিল যে টিনের তৈরি কারখানার শেড ডেঙে পড়ে। কর্মচারীরা সঙ্গে সঙ্গে আগুন নেভানোর কাজে হাত দেয়। গোটা এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে আসে দমকলের একটি ইঞ্জিন। কারখানার কর্মীরা এবং দমকল কর্মীরা তপরততাব আগুন নেভায়। কি কারণে আগুন লাগল তা এখনো স্পষ্ট নহা। আগুন লাগার কারণ খতিয়ে দেখছেন দমকল কর্মীরা।

### বান্দিপুরে বন্য হাতির মৃত্যু শোক প্রকাশ করেলের বনমন্ত্রী

কোঝিকোড়, ৩ ফেব্রুয়ারিঃ বান্দিপুরে বন্য হাতির মৃত্যু হওয়ায় শোকপ্রকাশ করেছেন কেন্দ্রেলের বনমন্ত্রী এ কে সসেন্দ্রান। তিনি শনিবার হাতির মৃত্যুর খবর জানিয়েছেন। তিনি এদিন আরও জানিয়েছেন যে ২ ফেব্রুয়ারি হাতিটিকে ওয়েনাদ থেকে ধরা হয়েছিল। বন দফতর বেশ কয়েক ঘটনার চেষ্টার পর হাতিটিকে ধরে তারপর কর্তৃপক্ষ নিয়ে যায়, শনিবার তা মৃত্যু হয।কেন্দ্রেলের বনমন্ত্রী এ কে সসেন্দ্রান হাতির মৃত্যুর খবরকে ‘অত্যন্ত বেদনাদায়ক’ বলে উল্লেখ করেন। মন্ত্রী আরও বলেন, প্রাণীটির মৃত্যুর খবর সবাইকে হতবাক করেছে। শুক্রবার রাতে কর্ণাটকের বান্দিপুরে নিয়ে যাওয়ার জন্য হাতিকে একটি ট্রাকে তুলে দুবার ট্রাঙ্কলাইজার প্রয়োগ করা হয়।

### গুদামে ভয়াবহ আগুন, পুড়ে ছাই মজুত সামগ্রী

নাগরাকাটা, ৩ ফেব্রুয়ারি : জলপাইগুড়ির নাগরাকাটা বাজারের স্টেশন রোডে দোকানের গুদামে ভয়াবহ আগুন । পুড়ে ছাই মজুত ভাষার একাংশ। ঘটনাটি ঘটেছে শনিবার। স্থানীয় বাসিন্দারা তৎক্ষণা একজেট হয়ে আগুন নেভানোর কাজে লগে পড়েন। খবর দেওয়া হয় দমকলে। এরপর মালবাজার থেকে দমকলের একটি ইঞ্জিন এসে আগুন নিয়ন্ত্রণে আনে।এই ঘটনায় মুম্বাে পাচ্ছেন ক্ষতিগ্রস্ত ব্যবসায়ী তারকেশ্বর টেপুুরী। তিনি বলেন, গুদামে বিস্কুট, সাবান, মশলাপাতি, ঘি সহ নানান ধরনের খাদ্যসামগ্রী মজুত থাকে। আমাদের বেশ কিছু কোম্পানির ডিস্ট্রিবিউটরশিপ


# ভারতরত্ন শুধু আমার কাছে সম্মান নয়, আদর্শ ও নীতির জন্যেও সেবা করেছি : আডবাণী

নয়াদিল্লি, ৩ ফেব্রুয়ারি, ঃ ভারতরত্ন শুধু আমার কাছে সম্মান নয়, আদর্শ ও নীতির জন্যেও আমি সেবা করেছি, শনিবার এক বিবৃতি মারফত এমনটাই জানান প্রবীণ বিজেপি নেতা লালকৃষ্ণ আডবাণী। তাঁকে ভারতরত্ন দেওয়ার কথা শনিবার ঘোষণা করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তারই প্রতিক্রিয়া জানিয়ে আডবাণী বলেন, ভারতরত্ন শুধু আমার কাছে সম্মান নয়, আদর্শ ও নীতির জন্যেও আমি সেবা করেছি। প্রবীণ বিজেপি নেতা লালকৃষ্ণ আডবাণী শনিবার বলেছেন, ভারতরত্ন পুরস্কার শুধুমাত্র একজন ব্যক্তি হিসাবে তার জন্য সম্মান নয় বরং সেই আদর্শ ও নীতির জন্যও যা তিনি তাঁর সর্বোত্তম ক্ষমতা দিয়ে সারাজীবন সেবা করার মাধ্যমে অর্জন করেছিলেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশের সর্বোচ্চ বেসামরিক সম্মানের জন্য তাঁর নাম ঘোষণা করার পরপরই তিনি এক বিবৃতি দেন। আডবাণী

## সেবার কোনও সীমানা নেই, তা খেলাধুলাই আমাদের শেখায়:প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ৩ ফেব্রুয়ারি ঃসেবার কোনও সীমানা নেই, তা খেলাধুলাই আমাদের শেখায়। বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রীর কথায়, খেলাধুলার সবচেয়ে ভালো দিক হল, খেলাধুলা শুধু জেতার জন্যই অভ্যস্ত করে না, বরং জীবনকে আরও ভালো হতে অনুপ্রাণিত করে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শনিবার পালি সংসদ খেল মহাকুন্তে বক্তব্য রাখেন। মোদী বলেছেন, খেলাধুলায় কখনও পরাজয় হয় না। খেলাধুলায় আপনি হয় জিতবেন, না হয় শিববেন। তাই সেখানে উপস্থিত সকল খেলোয়াড়, কোচ এবং পরিবাহের সদস্যদের জন্যই আমার শুভেচ্ছা।প্রধানমন্ত্রী মোদী আরও বলেছেন, খেলাধুলার



বিবৃতিতে বলেন, অত্যন্ত বিনয় এবং কৃতজ্ঞতার সঙ্গে আজ আমাকে যে ভারতরত্ন প্রদান করা হয়েছে তা গ্রহণ করছি। ৯৬ বছর বয়সী বিজেপির নেতা আরও জানান, ১৪ বছর বয়সে তিনি রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ (আরএসএস) এর মেছাসেবক হিসাবে যোগদানের পর থেকে তিনি কেবল একটি বিষয়েই পুরস্কার

চেয়েছেন সেটি হল জীবনের যে কোনো কাজের মাধ্যমে আমার প্রিয় দেশের নিঃস্বার্থ সেবা। শনিবার এঞ্জ হ্যাভেলে ঘোষণা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ১৯৮০ সালে ভারতীয় জনতা পার্টির জন্মের অন্যতম রূপকার এল কে আডবাণী। জনতা দল ছেড়ে সঙ্গীদের নিয়ে বিজেপির জন্ম দেন। তাঁর উত্থানের সঙ্গেই

## কর্ণাটক হাইকোর্টের প্রধান বিচারপতি হিসেবে শপথ নিলেন বিচারপতি দীনেশ কুমার

বেঙ্গালুরু, ৩ ফেব্রয়ারি : কর্ণাটক হাইকোর্টের প্রধান বিচারপতি হিসেবে শপথ নিয়েছেন বিচারপতি পি এস দীনেশ কু মার। শনিবার তিনি শপথগ্রহণ করেন। রাজ্যপাল ষাওয়ারচাঁদ গেহলট তাঁকে শপথখাবা পাঠ করান।এই শপথগ্রহণ

## বকেয়া নিয়ে মমতার দাবি, সত্যতা অবিলম্বে প্রকাশ্যে আনার দাবি তথাগতর

কলকাতা, ৩ ফেব্রুয়ারি : কেন্দ্রের বকেয়া নিয়ে মমতার দাবি সম্পর্কে ঘটনার সত্যতা অবিলম্বে বিজেপি-কে প্রকাশ্যে আনার কথা বলেন প্রান্তন রাজপাল তথাগত রায়।শনিবার তিনি এঞ্জ হ্যাণ্ডেলে বিখোছেন, কেন্দ্র থেকে বছরের পর বছর বরাদ্দ অর্থের ব্যবহারের শংসাপত্র তৃণমূল জমা দেয়নি।এই ব্যর্থতার র কথা পশ্চিম মঙ্গল রাজ্য বিজেপিকে অবিলম্বে জানাতে হবে। এখনই সাংবাদিক সম্মেলন করুন। এবং যত তাড়াতাড়ি সম্ভব একটি

ভারতীয় রাজনীতিতে জুড়ে যায় রামের রাজনীতি। গেরুয়া শিবিরের বহুযুদ্ধের সেই নায়ককে এবার ভারতের সর্বোচ্চ সম্মানে ভূষিত করা হবে। এদিন এঞ্জ হ্যাভেলে মোদি লেখেন, অত্যন্ত আনন্দের সঙ্গে জানাচ্ছি যে এলকে আড বাণীজিকে ভারতরত্নে সম্মানিত করা হবে। আমি ইতিমধ্যেই তাঁর সঙ্গে কথা বলেছি। তাঁকে অভিনন্দনও জানিয়েছি। এর পরই মোদি যোগ করেন, আমাদের সময়ের অন্যতম শ্রদ্ধেয় রাষ্ট্রনেতা তিনি। ভারতের উন্নতিতে তাঁর বিরাত অবদান রয়েছে। একেবারে তৃণমূল র্ত থেকে কাজ শুরু করেছিলেন। ধীরে ধীরে পৌঁছে গিয়েছিলেন উপপ্রধানমন্ত্রী পদে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রীর ভূমিকাও পালন ক রেছেন তিনি। সংসদীয় ক্রিয়াকলাপে দৃষ্টিস্ত স্থাপন করেছেন তিনি। মোদি প্রধানমন্ত্রী পদে আসিন হওয়ার পর থেকে ধীরে ধীরে ফিকে হয়েছিল আডবাণীর ভূমিকা।

## ৮৪ শতাংশ কাজ সম্পন্ন, ১৯ ফেব্রুয়ারি মুম্বই কোস্টাল রোডের প্রথম পর্যায়ের উদ্বোধন



মুম্বই, ৩ ফেব্রুয়ারি :প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৯ ফেব্রুয়ারি মুম্বই কোস্টাল রোডের প্রথম পর্যায়ের শুভ উদ্বোধন করবেন। পাশাপাশি ওই দিনই গোরেগাঁও-মুলন্দ লিঙ্ক রোডের ভিত্তিপ্রস্তরও স্থাপন করবেন। ওয়ারলি থেকে মেরিন ড্রাইভ পর্যন্ত কোস্টাল রোডের ১০ কিলোমিটার বিস্তৃত চার লেনের দক্ষিণ-মুম্বী প্রসারণটি প্রধানমন্ত্রীর উদ্বোধনের একদিন পরেই জনসাধারণের জন্য উন্মুক্ত করা হবে।১৩,৯৮৩ কোটি টাকা মূল্যে তৈরি কোস্টাল সড়কের কাজ ইতিমধ্যেই ৮৪ শতাংশ সম্পূর্ণ হয়েছে এবং দ্বিতীয় পর্যায়, যা মুম্বইয়ের মালাবার হিল এলাকার প্রিয়দর্শনী পার্ক থেকে মেরিন ড্রাইভ পর্যন্ত টুইন টানেল-সহ একটি ৪-লেনের প্রসারিত অংশ নিয়ে গঠিত, এটা তা এই বছরের ১৫ মে-র মধ্যে যানবাহন চলাচলের জন্য খুলে দেওয়া হবে।

## কুয়াশায় দৃশ্যমানতা কমল দিল্লিতে রবিবার বৃষ্টির পূর্বাভাস, প্রভাবিত বিমান পরিষেবা

নয়াদিল্লি, ৩ ফেব্রুয়ারি :রাজধানী দিল্লির ওপর থেকে কুয়াশার প্রভাব কাছেই না, শনিবারও কুয়াশার চাদরে ঢাকা থাকল দিল্লির আকাশ-বাতাস। কুয়াশার কারণে দৃশ্যমানতা অনেকটাই কমে যায়। আর তাই বিগত কয়েকদিনের মতো শনিবারও দিল্লি বিমানবন্দর থেকে বিপ্লিত হয়েছে উড়ান পরিষেবা। প্রভাবিত হয়েছে রেল পরিষেবাও। ভাগলপুর-আনন্দ বিহার এক্সপ্রেস, পুরী-নতুন দিল্লি এক্সপ্রেস-সহ বেশ কয়েকটি দূরপাল্লার ট্রেন বিলম্বে চলাচল করছে।আগামী ২৪ ঘণ্টার মধ্যে দিল্লি আবহাওয়া পরিবর্তনের পূর্বাভাস দিলি ভারতীয় আবহাওয়া দফতর (আইএমডি)। দিল্লিতে আজহালকা বৃষ্টির সম্ভাবনার কথা জানানো হয়েছে। রাজধানী দিল্লিতে এদিনও কনকনে ঠান্ডা বজায় ছিল, দিল্লিতে এদিন সর্বনিম্ন তাপমাত্রা ছিল ৭.০ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে এক ডিগ্রি কম।

## থানের উলহাসনগর থানায় চলল গুলি বিজেপি বিধায়ক-সহ প্রেফতার ৩

থানে, ৩ ফেব্রুয়ারি :মহারাষ্ট্রের থানে জেলার উলহাসনগর থানায় চলল গুলি। বিজেপি বিধায়ক গণপত গায়কওয়া। ও শিবসেনার শিন্ডে শিবিরের নেতা মহেশ গায়কওয়াড়রে মধ্যে ঝামেলার মধ্যেই ৬ রাউন্ড গুলি চলে। এই ঘটনায় অভিযুক্ত বিজেপি বিধায়ক-সহ প্রেফতার ৩ জনকে প্রেফতার করা হয়েছে। মহারাষ্ট্রের উপ-মুখ্যমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রী দেবেন্দ্র কানিশ উচ্চ-পর্যায়ের তদন্তের নির্দেশ দিয়েছেন।শনিবার সকালে পুলিশ জানিয়েছে - মহেশ গায়কওয়াড় (শিবসেনা শিন্ডে গোষ্ঠীর নেতা) এবং গণপত গায়কওয়াড় (বিজেপি বিধায়ক)-এর মধ্যে কোনও বিষয়ে মতপার্থক্য ছিল এবং তাঁরা অভিযোগ জানাতে থানায় এসেছিলেন। সেই সময় তাঁদের মধ্যে কথা কাটাকাটি হলে গণপত গায়কওয়াড় মহেশ গায়কোয়াড় ও তাঁর লোকজনকে লক্ষ্য করে গুলি চালায়। ডিসিপি সুধাকর পাথারে জানিয়েছেন, বিধায়ক-সহ ৩ জনকে প্রেফতার করা হয়েছে।প্রশাসন সূত্রের খবর, এই ঘটনার তদন্তে এসিপি নিলেশ সোনোগ্যানের অধীনে একটি বিশেষ তদন্তকারী দল গঠন করা হয়েছে। এই ঘটনার প্রেক্ষিতে শিবসেনার উক্ত ঠাকুরে শিবিরের নেতা সঞ্জয় রাউত বলেছেন, মুখ্যমন্ত্রী একনাথ শিন্ডের নিজের শহরে গুলি চালানোর ঘটনা ঘটেছে এবং বিধায়ক প্রকাশ্যে বলছেন, শিন্ডে তাঁকে গুলি করতে বাধ্য করেছেন, মুখ্যমন্ত্রীর পদত্যাগ করা উচিত। এখন এটি একটি ধারণা ঘটেছে। যেভাবে সিএমও গুভাদের আন্তানায় পরগনাইবে, আমি আশঙ্কা করছি মন্ত্রক এবং সিএমওতেও এমন ঘটনা ঘটতে পারে।

## দুনীতির বিরুদ্ধে আন্দোলন শুরু করতে ধর্নায় মমতা, কটাক্ষ জগন্নাথ সরকারের



রান্যঘাট, ৩ ফেব্রুয়ারি :হংগলার বকেয়া টাকা উদ্ধারের দাবিতে ধর্মতালয় ধর্নায় বসেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়। তাঁর দাবি ক্ষেত্র বিভিন্ন প্রকল্পের আর্থিক অনুদান না দিয়ে বঞ্চনা করছে। শনিবার মমতার সেই ধর্নাকে কটাক্ষ করলেন রান্যঘাট লোকসভা কেন্দ্রের সাংসদ জগন্নাথ সরকার। তাঁর কথায়, "কেন্দ্র প্রকল্পের বিভিন্ন খাতে টাকা দিচ্ছে। অথচ মুখ্যমন্ত্রী মিথ্যাদার করছেন। এই অছিলায় ন্যায় পাওনা ও বঞ্চনার দাবিতে যারা আন্দোলন করছেন তাদের আন্দোলনকে স্তব্ধ করার চেষ্টা করছেন। এমনকি কংগ্রেস সরকারের তুলনায় বিজেপি সরকার বাংলার বরাদ্দ বাড়িয়েছে। অথচ যেখানে ১৫০০০ হাজার টাকা পেত বাংলা সেখানে এখন ৫৫০০০ হাজার করেটা দেওয়া হয়। পাশাপাশি জব কার্ড নিয়ে রাজ্যে বড়সর দুনীতি হয়েছে খুব শীঘ্রই তদন্তে নামতে চলেছে কেন্দ্রীয় এজেন্সি। এদিকে দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল দুনীতি প্রসঙ্গে কেন্দ্রীয় এজেন্সির ডাকে সাহা দিচ্ছে না। শিবু সোমনের রেহাই হয়নি। তাই সব কিছু দেখে রাজ্যের মুখ্যমন্ত্রী ভয় পেয়েছেন। তাই মিথ্যা ধর্নায় বসেছেন।"

## অপরিশোধিত তেল ব্যারেল প্রতি ৭৮ ডলারের কাছাকাছি, পেট্রোল এবং ডিজেলের দাম স্থিতিশীল

নয়াদিল্লি, ৩ ফেব্রুয়ারি :আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম কমার প্রবণতা রয়েছে। গত ২৪ ঘণ্টায়, বেন্ট ব্রুডের দাম ব্যারেল প্রতি ৭৮ ডলার এবং ডব্লিউটিআই ব্রুডের দাম ব্যারেল প্রতি ৭৩ ডলারে নেমে এসেছে। তেল ও গ্যাস বিপণন সংস্থাগুলি শনিবার পেট্রোল এবং ডিজেলের দামে কোনও পরিবর্তন করেনি।ইন্ডিয়ান অয়েলের ওয়েবসাইট অনুসারে, দিল্লিতে পেট্রোলের দাম ৯৬.৭২ টাকা, ডিজলে ৮৯.৬২ টাকা, মুম্বইতে পেট্রোল ১০৬.৩১ টাকা, ডিজলে ৯৪.২৭ টাকা, কলকাতায়, পেট্রোল ১০৬.০৩ টাকা, ডিজলে ৯২.৭৬ টাকা, চেন্নাইতে পেট্রোল ১০২.৬৩ টাকা, ডিজেল ৯৪.২৪ প্রতি লিটারে।উপলব্ধ।আন্তর্জাতিক বাজারে, সপ্তাহের শেষে রাশিওর দাম, ব্রাউন্ড ব্রুডের দাম ১.৩৭ ডলার বা ১.৭৪ শতাংশ হ্রাস পেয়ে ব্যারেল প্রতি ৭৭.৩৬ ডলারে দাঁড়িয়েছে। একই সময়ে, ওরেস্ট টেক্সাস ইন্টারমিডিয়েটে (ডব্লিউটিআই) ব্রুড ১.৫৪ বা ২.০৯ শতাংশ কমেছে এবং ব্যারেল প্রতি ৭২.২৮ ডলারে স্থিতিশীল রয়েছে।

## এমএলএ হস্টেলে তৃণমূল বিধায়কের দেহরক্ষীর অস্বাভাবিক মৃত্যু

কলকাতা, ৩ ফেব্রুয়ারি : বান্দোয়ানের তৃণমূল বিধায়ক রাজীব লোচন সোমনের নিরাপত্তারক্ষীর রহস্যজনক মৃত্যু হয়েছে। কলকাতার কিড স্ট্রিটে এমএলএ হস্টেলেতে ২ নম্বর গেটের সামনে থেকে উদ্ধার হয়েছে তাঁর দেহ। ছাদ থেকে পড়ে গিয়ে মৃত্যু নাকি অন্য কিছু, তা এখনও স্পষ্ট নয়। পার্ক স্ট্রিট থানার পুলিশ ঘটনার তদন্ত নেমেছে।শনিবার সকালে হস্টেলের নিরাপত্তারক্ষীরা প্রথম দেহ পড়ে থাকতে দেখতে পান। খবর পেয়ে ঘটনাস্থলে

|                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                   |
|-----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| <p>কলকাতা,৩ফেব্রুয়ারিঃশনিবার, ২০মাম্ব মাস ১৪৬০ বঙ্গাব্দ, ইংরেজীঃ২ ফেব্রুয়ারিঃ ২০২৩, ৫৬৬ চৈতঃনান্দ, কলিঃ৫২২৩, সৌরঃ২০মাম্ব মাস, চান্দ ৭ মধুসূদন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাম্ব, ২৫৬৫ বুদ্ধাব্দঃ, বাংলাদেশঃ২০মাম্ব মাস ১৪৬০, ভারতীয় সিভিলঃ২০মাম্ব মাস ১৯৪৪, মৈতেঃ১৪ শজিবু, আসামঃ২৬ চ'ত্, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপূর্ণাপূজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০ঃ৫ঃ ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ ২২(৮) এবং অস্তঃরাত্রি ১২ঃ১ঃ৬৫ (২০(৮))শুক্র পক্ষ তিথিঃব্রহ্মপুত্রী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২২৮ঃ০১ দং ৭৭৬৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৪৫৬৮৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবহিঃজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৬৮৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅভিজিৎ অমৃতযোগঃদিন ২০ঃ২ঃ৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২ঃ৩৬ত পর্যন্ত, তারপর ১২ঃ ৫ঃ৩০৪ থেকে - ০২ঃ৩২ঃ৫৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ৩৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ ৪৫ পর্যন্ত, তারপর ০৬ঃ০৫ঃ০৪ থেকে - ০৬ঃ৫২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২ঃ৯ঃ০৪ থেকে - ১১ঃ১ঃ১ঃ১৪ পর্যন্ত, তারপর ০৫ঃ২২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩৮ পর্যন্ত।কুলিক বেলঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ ৪ঃ৪৫২ পর্যন্ত।কুলিক রাত্রিঃ০৭ঃ ২ঃ২২৫ থেকে - ০৮ঃ০ঃ০৫ঃ পর্যন্ত।বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ ২৫ থেকে - ১০ঃ৪ঃ৪৫২ পর্যন্ত।কালবেলাঃদিন ১০ঃ৪ঃ৪ঃ২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত।কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১ঃ১ঃ৫ পর্যন্ত।গ্রহচক্ৰ(সূর্য উদয় কালীনা)ঃরবিঃ১১২ঃ৪ঃ ৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫৫৩৯ (২৬) ২ পদবৃঃ ০২২২৫ (১) ১ পদবৃক্ষপতিঃ ১০২১৯৯২২৩ (২৫) ৬ পদশুক্রঃ ১০৮৭১৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪</p> |
|-----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|

## আবহাওয়া

বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ২৮.৩ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ১৯.০২ডিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৯২শতকরা এবং ৪১শতকরা। বৃষ্টি হয়নি শনিবার। জ্যোয়ার-সকাল ৬টা ২১ মিনিট এবং রাত৮টা ২০মিনিট হবে। ভাটা-সকাল-৬টা ২০মিনিট। রাত-১০ট ২১ মিনিট। সূর্য উদয়ঃ আতঃ ৬টা ২১ মিনিটে এবং সূর্য অস্ত যাবে ঃ ৫ টা ০৫ মিনিটে।

| রাশিফল                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                         |
|--------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| <p><b>মেঘরাশিঃ</b>এমন একটি দিন যেখানে আপনি আরাম করতে সমর্থ হবেন।সংসারে শান্তি হবে। <b>বৃষত রাশিঃ</b>আপনার দানী মনোভাব গোপন আত্মবীর্দ হতে পারে কারণ আপনি সম্ভবত অনেক বিষয় থেকে মুক্তি পাবেন <b>মিথুন রাশিঃ</b>আজ স্বাস্থ্য সুন্দর থাকবে। আজ শুধু বসে থাকার পরিবর্তে- কেন এমন কিছুতে নিযুক্ত হচ্ছেন না- যা আপনার উপার্জন ক্ষমতা উন্নত করবে। <b>কর্কট রাশিঃ</b>আপনার ভদ্র ব্যবহার প্রশংসনীয় হবে। অনেক মানুষ আপনার সামনেই মৌখিক প্রশংসা বর্ষণ করবে। <b>সিংহরাশিঃ</b>যদি আপনি সাম্প্রতিককালে হতাশ বোধ করে থাকেন-তাহলে আপনার মনে রাখা উচিত যে আজ সঠিক কাজ কন্যারাশিঃরয়স্বারা তৈরিতে বাড়তি শক্তি কোনো ইতিবাচক কাজে লাগালে শুভ ফল পাবেন। <b>ভুলারশিঃ</b>আপনার দিক থেকে এটা অত্যন্ত ভালো দিন। শুভাশীল <b>বৃষিক রাশিঃ</b> আপনি আপনার শারীরিক মনোবল বজায় রাখার জন্য খেলাধুলায় আপনার সময় ব্যয় করুন। সংসারে শান্তি হবে <b>ধনু রাশিঃ</b> আপনার ধর্মপ্রাণময় ব্যবহার আপনাকে দুঃখিত এবং অবসাদগ্রস্থ করছে পারে।একটি সীমাবদ্ধতা এড়াতে আপনার বাড়ীতে আটকে থাকুন। শুভদিন <b>মকর রাশিঃ</b>বন্ধুরা সহায়ক হবে এবং আপনাকে খুশি রাখবে। আপনি আজ আপনার অর্থ সঙ্গীর খারাপ স্বাস্থ্যের জন্য ব্যয় করতে <b>কুন্ত রাশিঃ</b>আপনার ওজনের উপর নজর রাখুন এবং বেশি খাওয়ায় প্রশ্রয় দেবেন না। আপনি যদি কোনও ঋণ নিয়ে চলে <b>মীন রাশিঃ</b>মানসিক চর্চার জন্য আকর্ষণীয় কিছু পুন। আপনি যদি ভ্রমণ করে থাকেন তবে আপনার মূল্যবান জিনিসগুলির বিশেষ যত্ন নিন। অযত্নে অতিবাহন করা আপনার আইটেমগুলি চুরি বা অপসারণের সম্ভাবনা বাড়িয়ে তুলতে পারে। কোন অতিবেশীর সাথে বাগড়া আপনার মেজাজ খারাপ করতে পারে। কিছু</p> |

## একশ দিনের কাজে ২১ লক্ষ শ্রমিকের মজুরি মিটিয়ে দেবে রাজ্য

দূরন্ত বার্তা, কলকাতা, ৬ ফেব্রুয়ারিঃ একশ দিনের কাজ প্রকল্পে রাজ্যের ২১ লক্ষ শ্রমিকের বকেয়া মজুরি রাজ্য সরকারই মিটিয়ে দেবে বলে তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ঘোষণা করেছেন। রোড রোডে ধর্না অবস্থানের দ্বিতীয় দিনে মধ্য থেকে তিনি বলেন, রাজ্যের ওই শ্রমিকদের বকেয়া গত তিন বছর ধরে কেন্দ্রীয় সরকার আটকে রেখেছে। রাজ্য সরকার আর কেন্দ্রের মুখাপেক্ষী হয়ে থাকবে না। রাজ্যের ২১ লক্ষ মানুষ যারা ১০০ দিনের টাকা পাননি, তাদের টাকা আগামী ২১ ফেব্রুয়ারি প্রত্যেকের ব্যাঙ্ক অ্যাকাউন্টে পাঠিয়ে দেওয়া হবে। মুখ্যমন্ত্রী বলেন, লক্ষ্মীর ভাভার সহ ৬২ টি জন কল্যাণ মূলক প্রকল্পের অর্থ সংস্থান করতে রাজ্য সরকারকে যথেষ্ট সমস্যায় পড়তে হচ্ছে। তা সত্ত্বেও গরীব মানুষের মুখ চেয়ে একশ দিনের কাজের শ্রমিকদের বকেয়া মজুরি মিটিয়ে দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে। চলতি আর্থিক বছরে রাজ্য নিজ উদ্যোগে তাদের ৪২ দিন করে কাজের ব্যবস্থা করেছে বলে মুখ্যমন্ত্রী জানান। সেই সঙ্গে প্রধানমন্ত্রী আবাস যোজনায় রাজ্যের সাড়ে ১১ লক্ষ উপভোক্তার বাড়ির টাকা কেন্দ্র আটকে রেখেছে বলে জানিয়ে মুখ্যমন্ত্রী বলেন, বিজেপি সরকার টাকা না দিলে এদের টাকাও রাজ্য সরকারই মিটিয়ে দেবে। তবে তার দিনশঙ্ক পড়ে ঘোষণা করা হবে।

## একাধিক এলাকায় পরিদর্শন করলেন উলুবেড়িয়া ১নং ব্লকের বিডিও



**মতিয়ার রহমান, উলুবেড়িয়া, ৩ ফেব্রুয়ারিঃ** শনিবার সমস্যা সমাধান ও জনসংযোগ কর্মসূচি পরিদর্শনে গিয়ে একাধিক এলাকায় পরিদর্শন করলেন উলুবেড়িয়া ১নং ব্লকের বিডিও এইচ এম রিয়াজুল হক। উলুবেড়িয়া ১নং ব্লকের তপনা গ্রাম পঞ্চায়েতের সমরুক গ্রামে কয়েকটি পরিবারের যাতায়াতের রাস্তা ও খালের উপর ক্যালভার্টের দীর্ঘ দিনের সমস্যা থাকায় এলাকাবাসীর আবেদনের প্রেক্ষিতে পরিদর্শনে যান উলুবেড়িয়া ১নং বিডিও। এলাকায় গিয়ে এলাকাবাসীর সঙ্গে কথা বলেন বিডিও এবং সমস্যা সমাধানের আশ্বাস দেন, এলাকার বয়স্ক প্রবীণ ব্যক্তি সেখা শাজহান বেগম আমরা ১২ থেকে ১৪টি পরিবারের যাতায়াতের সমস্যাও দীর্ঘ দিনের,আজ মাননীয় বিডিও সাহেব পরিদর্শন করলেন এবং আশ্বাস দিয়েছেন কাজ করে দেওয়ার, আমার আশাবাদী আগামী দিনে যাতায়াতের রাস্তা ও খালের উপর ক্যালভার্টের সমস্যা সমাধান হবে। উল্লেখ্য রাজ্যের প্রতিটি বুথে গত ইংরেজি ২০ই জানুয়ারি থেকে শুরু হয়েছে সমস্যা সমাধান ও জনসংযোগ কর্মসূচি চলবে আগামী ১২ই ফেব্রুয়ারী পর্যন্ত।

## ভাটপাড়ায় পরীক্ষাকেন্দ্রের বাইরে গাড়ির নীচে বোমা উদ্ধার

**কলকাতা, ৩ ফেব্রুয়ারি ঃ** শনিবার মাধ্যমিকের দ্বিতীয় দিন ছিল দ্বিতীয় ভাষার পরীক্ষা। বোমা উদ্ধার হল ভাটপাড়া থেকে। একটি পরীক্ষাকেন্দ্র থেকে একশো মিটার দূরেই। স্বাভাবিকভাবেই আতঙ্ক ছড়িয়ে পড়ে পরীক্ষার্থী, অভিভাবকদের মনে। পরে বম্ব স্ফোয়ড গিয়ে বোমা উদ্ধার করে। এলাকা ঘিরে রাখে পুলিশ। ভাটপাড়ায় সুন্দিয়া হাইস্কুল থেকে ১০০ দূরবে ৫ টি তাজা বোমা পড়ে থাকতে দেখা যায়। স্কুলের আশপাশের বাসিন্দারাই প্রথমে বোমাটি পড়ে থাকতে দেখেন। কিন্তু ওই এলাকার অপরের স্কুলেই মাধ্যমিকের সিট পড়েছে। খবর চাউর হতেই এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। এলাকার সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখে দেখা যায়, কে বা কারা ওই এলাকায় বোমা রেখে গিয়েছে। এলাকার বাসিন্দারা সকালে ওই এলাকায় পরিতাক্ত একটি ব্যাগ দেখে সন্দেহ করেন। তার পর বোমা দেখতে পেয়ে ভাটপাড়া থানার পুলিশকে খবর নেন। এরপরে চটজলদি পুলিশ গিয়ে বোমা গুলি উদ্ধার করে নিয়ে যায়। কী কারণে ওই এলাকায় বোমা রেখে যাওয়া হল, এর পিছনে বড কোনও অভিসন্ধি রয়েছে কিনা, তা খতিয়ে দেখছেন তদন্তকারীরা। এলাকায় পুলিশ মোতায়েন করা হয়।

## ভিনরাজ্যে কাজ করতে গিয়ে মৃত্যু হলো মুর্শিদাবাদের এক শ্রমিকের

**নিজস্ব প্রতিনিধি, সূতি, ৩ ফেব্রুয়ারি ঃ** ভিনরাজ্যে কাজ করতে করতে গিয়ে মৃত্যু হলো মুর্শিদাবাদের ফরাক্কার এক শ্রমিকের। মৃত ওই শ্রমিকের নাম লব মল্লিক (২১)। তার বাড়ি ফরাক্কা থানার বেওয়া –১ গ্রাম পঞ্চায়েতের জিতুপুর গ্রামে। পরিবার সূত্রে জানা গিয়েছে, মাস দুয়েক আগে ফরাক্কার বেওয়া এলাকা থেকে মুম্বাইয়ে একটি বেসরকারি সংস্থার তত্ত্বাবধানে মেট্রো রেলের কাজ গিয়েছিলেন লব মল্লিক নামে ওই শ্রমিক। সেখানে কাজ করার সময় দিন চারেক আগে হঠাৎ তার মাথায় ভারী লোহা পড়ে গুরুতর জখম হন তিনি। তড়িঘড়ি তাকে স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়। চারদিন চিকিৎসাধীন থাকার পর অবশেষে শুক্রবার রাতেই মৃত্যু হয় ওই শ্রমিক যুবকের। মৃত্যুর খবর পরিবারের কাছে আসতেই কার্যত কান্নায় ভেঙে পড়েন পরিবারের সদস্যরা। শনিবার দেহ ময়নাতত্ত্বের পরেই মৃতদেহ বাড়ি নিয়ে আসা হবে বলেই জানা গিয়েছে পরিবার সূত্রে। এদিকে ভিনরাজ্যে কাজ করতে গিয়ে শ্রমিকের মৃত্যু তে শোকের ছায়া নেমে এসেছে ফরাক্কা থানার বেওয়া –১ গ্রাম পঞ্চায়েতের জিতুপুর গ্রামে।

# সুন্দর জীবন গড়ে তোলার লক্ষ্যে নয়াগ্রাম থানা বালিকা বিদ্যাপীঠে শুরু হল একটি বিশেষ প্রশিক্ষণ

দূরন্ত বার্তা, কলকাতা,৩ ফেব্রুয়ারিঃ রোটারি ক্লাব অফ ক্যালকাটা সামারিটানস এর উদ্যোগে এলাকার পিছিয়ে পড়া বালিকাদের বিশেষ প্রশিক্ষণ দিয়ে সুন্দর জীবন গড়ে তোলার লক্ষ্যে নয়াগ্রাম থানা বালিকা বিদ্যাপীঠে শুরু হল একটি বিশেষ প্রশিক্ষণ শিবির, লোথা ও শবর সম্প্রদায়ের মেয়েদের জন্য, সংহতি রোটারি ইউথ লিডারশিপ অ্যাওয়ার্ডস নামের এই শিবির চলবে তিনদিন ধরে, নয়াগ্রাম থানা বালিকা বিদ্যাপীঠ এর ১২ থেকে ১৬ বছর বয়সী ৫০ জন ছাত্রীদেরকে নিয়ে এবং বিদ্যালয় কর্তৃপক্ষের বিশেষ সহায়তায় এই প্রশিক্ষণ শিবিরের



উদ্যোগ নিয়েছে রোটারি ক্লাব অফ ক্যালকাটা সামারিটানস, ট্রেনিংয়ের অংশ নেওয়া ছাত্রীদের জন্য রয়েছে বিভিন্ন প্রতিযোগিতার ব্যবস্থা, শেষ

# চুঁচুড়ায় রাজ্যের শাসক শিবিরকে বিঁধে কড়া আক্রমণ শোনালােন শুভেন্দু

**বনশ্পতি দে, চুঁচুড়া হুগলি, ৩ ফেব্রুয়ারিঃ** লোকসভা ভোটের ঘুঁটি সাজানোর পালা শুরু হয়ে গিয়েছে বাংলায়। সব রাজনৈতিক দলগুলি ব্যস্ত ভোটের নীল নকশা তৈরির কাজে। এসবের মধ্যেই ভোটের ময়দানে বার বার ঘুরে ফিরে সিএ প্রসঙ্গ। তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ও কিছুদিন আগেই কেন্দ্রকে বিধেছেন এই নিয়ে। বলেছিলেন, ‘নতুন করে ক্যা ক্যা করে চিৎকার করছে।’ আর এবার সিএই ইস্যুতে রাজ্যের শাসক শিবিরকে বিঁধে কড়া আক্রমণ শালালেন শুভেন্দুও।

বিধানসভার বিরোধী দলনেতাও ইঙ্গিতপূর্ণ বার্তা দিয়ে বলেছেন, ‘পশ্চিমবঙ্গের ২ কোটি বাঙালি হিন্দুর ১৯৪৫ সাল থেকে লড়াই সফল হতে চলেছে ফেব্রুয়ারি মাসে।’ শুভেন্দুর দাবি, সেই কারণেই মমতা বন্দ্যোপাধ্যায়



‘আতঙ্কিত’ হয়ে পড়েছেন। কেন ‘আতঙ্কিত’? সেই ব্যাখ্যাও দিয়েছেন বিরোধী দলনেতা। তাঁর বুক্তি, ‘মমতা বন্দ্যোপাধ্যায় আতঙ্কিত। ভাবছেন, আমার

সিটগুলো সব গেল। কারণ, এখানে ৬৫টি আসন (বিজেপি জেতা) মানে, মমতা ধপ! তার পরের দিন বিজেপি সরকার।’ চুঁচুড়ায় শুভেন্দু , সিএই নিয়ে

# হাওড়ায় একটি কারখানায় জোড়া অগ্নিকাণ্ড

**দূরন্ত বার্তা, হাওড়া, ৩ ফেব্রুয়ারিঃ** শনিবার জোড়া অগ্নিকান্ডের ঘটনা ঘটলো হাওড়ায়। এদিন হাওড়ার ডোমজুড়ের রাজাপুরের একটি থার্মোকল কারখানায় আগুন লাগে। ঘটনাস্থলে ছুটে আসে দমকলের একটি ইঞ্জিন। দমকল সূত্রের খবর, দমকলের ইঞ্জিন এসে পৌঁছানোর আগেই ওই কারখানার নিজস্ব অগ্নিনির্বাপক ব্যবস্থায় আগুন নিয়ন্ত্রণে চলে আসে। অপরদিকে, দ্বিতীয় ঘটনাটি ঘটে



জগৎবল্লভপুরে। সেখানে একটি ধূপকাঠি তৈরির কারখানায় আগুন লাগে। দমকলের তিনটি ইঞ্জিন ঘটনাস্থলে আসে। প্রায় ঘটনাক্ষণেকের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে। দুটি ঘটনাতেই হতাহতের খবর নেই। আগুন লাগার কারণ খতিয়ে দেখা হচ্ছে। প্রসঙ্গত, এদিন সকালে প্রথমে ডোমজুড়ের একটি থার্মোকলের

পৌছোয় দমকলের ১টি ইঞ্জিন। দমকল কর্মীদের সেখানে পৌঁছানোর আগেই আগুন নিয়ন্ত্রণে আসে। অন্যদিকে, এদিন বেলা সাড়ে ১১টা নাগাদ জগৎবল্লভপুরের একটি ধূপ তৈরির কারখানাতেও আগুন লাগে। ওই কারখানায় প্রচুর পরিমাণ দাহ্য বস্তু মজুত ছিল।

ফলে থোটা কারখানায় দ্রুত আগুন ছড়িয়ে পড়ে। এই কারখানাটি ঘন জনবসতিপূর্ণ হওয়ায় আতঙ্ক ছড়িয়ে পড়ে এলাকা। আগুন দেখে স্থানীয় মানুষজন বাড়ি থেকে বেরিয়ে এসে আগুন নেভানোর কাজে হাত দেন। স্থানীয় বাসিন্দারাই আগুন নেভানোর কাজে হাত লাগান। ঘটনাক্ষণেক পর আগুন নিয়ন্ত্রণে আসে। এই অগ্নিকান্ডেও কেউ হতাহত হয়নি বলে দমকল সূত্রে জানা গেছে।

# নদীয়ায় সাংসদের হাতধরে প্রায় তিনশত সমর্থকদের নিয়ে বিজেপি তে যোগ দিলো নির্দলে জেতা পঞ্চায়েত সদস্য

**গোপাল বিশ্বাস, নদীয়া, ৩ ফেব্রুয়ারি ঃ** আনুষ্ঠানিক ভাবে সে ভাবে ঘোষণা না হলেও ২০২৪ এর লোকসভা নির্বাচনের প্রস্তুতি ইতিমধ্যে শুরু করেছে সকল রাজনৈতিক দল সহ প্রশাসন তা বলার অপেক্ষা রাখে না।হিতি মধ্যে বিভিন্ন রাজনৈতিক দলের প্রার্থী তালিকারও চূড়ান্ত পর্যায়ের বাছাইয়ের কাজও প্রায় সমাপ্তির মর্যে বলেও জানা যায় সূত্র মতে। আর এরই সন্ধিক্ষণে চলতি সপ্তাহেই বিভিন্ন জেলার পাশাপাশি নদীয়া সফরেও এসেছিলেন মুখ্য মন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সেখানে একাধারে যেমন উদ্বোধন করেছেন অসংখ্য প্রকল্পের সাথে শিলান্যাস সহ একগুচ্ছ প্রকল্পের ঘোষণাও করতে শোনা গেছে মমতা বন্দ্যোপাধ্যায় এর গলায়। এই কর্মসূচীর রেশ কাটার আগেই নদীয়ায় ঘর শক্ত করে ফেললো বিজেপি। শনিবার ৬০০ কর্মী সমর্থক নিয়ে বিজেপিতে যোগদান করলো নির্দলে জয়ী হওয়া পঞ্চায়েত সদস্য। ঘটনাটি ঘটেছে নদীয়ার কৃষ্ণগঞ্জ



গ্রাম পঞ্চায়েত এলাকায়। জানা যায় এদিন তিনশো সমর্থক দের নিয়ে বিজেপিতে যোগদান করে লিটন সরকার। জানা যায় তিনি গত পঞ্চায়েত নির্বাচনে নির্দল প্রার্থী হয়ে ভোটে লড়াই করেন ও জয়ী হন।শনিবার রান্নাঘাট লোকসভার সাংসদ জগন্নাথ সরকারের হাত ধরে সমর্থক দের নিয়ে তিনি বিজেপিতে যোগদান করলেন । শনিবার কৃষ্ণগঞ্জের সতা নগর ঘাটে একটি রাজনৈতিক ও যোগদান সভার

অয়োজন করে বিজেপি। সেখানে উপস্থিত ছিলেন স্থানীয় একাধিক নেতৃত্ব সহ সংসদ জগন্নাথ সরকার সহ অসংখ্য কর্মী সমর্থক।সেখানেই সাংসদ জগন্নাথ সরকার এর হাত থেকে বিজেপির দলীয় পতাকা যোগদানকারী দের হাতে তুলে দেওয়া হয়।সাংসদ জগন্নাথ সরকার জানান বিজেপা নির্বাচনের পূর্বে এটা যথেষ্ট তাৎপর্য পূর্ণ ঘটনা, একাধারে যেমন তৃণমূলের পাহার প্রমান দৃনীতি, আর এর সাথে

## আগামী ২৬শে জাতীয় পুরস্কারপ্রাপ্ত শিল্পীদের নিয়ে মিলন সভা

**কলকাতা, ৩ ফেব্রুয়ারি ঃ** এতদিন যে শিল্পীরা জাতীয় পুরস্কার পেয়েছেন, তাদের নিয়ে হবে এক মিলন সভা। নাম, বাংলার জাতীয় গৌরব। শিল্পীদের নিয়ে এই অভিনব অনুষ্ঠানের দিন ধার্য হয়েছে আগামী ২৬ ফেব্রুয়ারি। পরিচালক রামকমল মুখার্জি ও অভিনেত্রী রূপা গাঙ্গুলির সহযোগিতায় এর আয়োজন করছেন সঙ্গীত সিন্ধা। সঙ্গীতার দাবি, ‘‘এর আগে বাংলায় এমন কোনও অনুষ্ঠান হয়নি। এ ছাাদের তলায় এতজন প্রতিভাবান ব্যক্তিদের আনতে পেরে আশ্চর্য। আমার সৈন্যের বাংলা

# সোনারপুর থানার পুলিশের তৎপরতায় একাধিক চোরাই মোবাইল সহ তিন মোবাইল চোর গ্রেপ্তার

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, সোনারপুর, ৩ ফেব্রুয়ারিঃ কলকাতা শহরতলির সোনারপুর, রাজপুর, নরেন্দ্রপুর, মল্লিকপুর বারুইপুর সহ বিভিন্ন এলাকা থেকে ইদানিং প্রচুর মোবাইল চুরির অভিযোগ সোনারপুর থানায় আসছিল।তাঁরই ভিত্তিতে সোনারপুর থানার আই সি সঞ্জীব চক্রবর্তী পিসি অফিসারদের নিয়ে একটি টিম তৈরি করেন। সেই টিমে পিসি অফিসার সুরজিৎ দাসের নেতৃত্বে স্টিম অপারেশনে তিনজন চোর হাতেনাতে গ্রেফতার হয়।পুলিশ গোপন সূত্রের মাধ্যমে জানতে পারে যে তিনজন চোর সোনারপুর মিশন পল্লীর মোড়ে জডো হয়েছে। কোথাও চুরি করতে যাবার উদ্দেশ্যে। সেই খবর পাওয়া

মাত্রই পিসি অফিসার এস আই সুরজিৎ দাস সহ পুলিশের বিশেষ টিমের তৎপরতার হাতেনাতে তিন চোরকে গ্রেফতার করা হয়। সাধারণ মানুষদের একটি আশাবাসন্যে দেখতে পেলেই তাদের কাছ থেকে মোবাইল ছিনিয়ে নিয়ে বাইকে করে পালিয়ে যেত।

বিশেষ করে সকালে যারা প্রাতঃ ভ্রমণ করেন, তাদের ফলে করে ছিল তাদের সোনার চেন,মোবাইল ছিনতাই করে বহিক চালিয়ে চোরের নিমেষে চলে যেত এরা। চোরের ধরার ক্ষমতা থাকতো না।কিভাবে ওরা স্টিম অপারেশন চালাতো পুলিশের কাছে সবইসহ্যরোক্তিক জডো হয়েছে। কোথাও চুরি করতে যাবার উদ্দেশ্যে। সেই খবর পাওয়া

# হুগলির চুঁচুড়ায় অন্তঃসত্ত্বা অবস্থাতেও শিক্ষিকা ডিউটি পালন করতে গিয়ে অসুস্থ

**দূরন্ত বার্তা, চুঁচুড়া হুগলি,৩ ফেব্রুয়ারিঃ** গর্ভবতী ছিলেন। সেই অবস্থার মধ্যেও নিজের কর্তব্য করছিলেন শিক্ষিকা। মাধ্যমিক পরীক্ষার গার্ড দিচ্ছিলেন তিনি। তবে আচমকাই পরিস্থিতি পাটে গেল। পরীক্ষার হলে প্রসব যন্ত্রণায় হটফট করতে শুরু করলেন তিনি। দ্রুত তাকে নিয়ে চুঁচুড়া ইমামবাড়া হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেইখানেই আপাতত চিকিৎসাধীন তিনি। ঘটনাস্থল হুগলির চুঁচুড়ার খাদিনা মোড়। সেখানকার বাসিন্দা অর্পিতা মল্লিকা। তিনি পেশায় একজন শিক্ষিকা। অন্তঃসত্ত্বা অবস্থাতেও তিনি তাঁর শিক্ষকতার ডিউটি পালন করছিলেন। মাধ্যমিক পরীক্ষায় পরীক্ষার্থীদের গার্ডের ডিউটি পড়ে তাঁরা। পরীক্ষা শুরুর কিছুক্ষণ গার্ডও দেন তিনি। তবে হঠাৎই তিনি পরীক্ষার হলেই অসুস্থ হয়ে পড়েন। রক্তক্ষরণ শুরু হয় তাঁর। তড়িঘড়ি স্কুলের তরফে তাকে নিয়ে আসা হয় ইমামবাড়া হাসপাতালে। হাসপাতাল সূত্রে খবর, ওই শিক্ষিকা হাসপাতালে চিকিৎসাধীন। তার আন্টাসনোগ্রাফিক করার ব্যবস্থা চলছে। শেষ পাওয়া খবর অনুযায়ী, সুস্থই রয়েছে ওই শিক্ষিকা। অর্পিতা মল্লিক বলেন, ‘‘মাধ্যমিক পরীক্ষা ছিল। আমি গার্ড দিচ্ছিলাম। তখনই হঠাৎ করে ব্লিডিং শুরু হয়। সঙ্গে সঙ্গে আমার হাসপাতালে নিয়ে আসা হয়। এখন একটু ভাল লাগছে। তবে পেটে যন্ত্রণা আছে।



## চাঁচলে বিজয় উৎসব পালন কংগ্রেস

# দলবদল আইন অনুসারে হাইকোর্টের নির্দেশে প্রধান পদ এবং সদস্য পদ খারিজ



**তনুজ জৈন, ৩ ফেব্রুয়ারিঃ** পঞ্চায়েত নির্বাচনের ৮ মাস পর নাটকীয় মোড় মালদহের চাচল ১ নম্বর ব্লকের তৃণমূল পরিচালিত মহানন্দপুর গ্রাম পঞ্চায়েতে। হাইকোর্টের নির্দেশে প্রধান পদ এবং সদস্য পদ খারিজ হল প্রধানের দায়িত্ব থাকা মৌ দাস সাহা। যিনি বোর্ড গঠনের সময়ে কংগ্রেস থেকে তৃণমূলে যোগদান করে প্রধান হন। তারপরেই দল বদলের আইন অনুসারে মৌ দেবির সদস্য পদ খারিজ করার জন্য হাইকোর্টের দ্বারস্থ হয় কংগ্রেস।গত ৬০ তারিখ হাইকোর্টের সেই নির্দেশ আসে।এবার সেই নির্দেশকেই কার্যকরী করল ব্লক প্রশাসনা। জানা যাচ্ছে পঞ্চায়েত আইন অনুসারে খুব দ্রুত প্রধান গঠন প্রক্রিয়া হবে।আর এই নির্দেশ সামনে আসতেই উৎসবে মেতে উঠল মহানন্দপুর অঞ্চলের কংগ্রেসকর্মী সমর্থকরা।মৌ দাস সরকারের বৃথ জগন্নাথপুরে মহানন্দার ঘাটে অকাল হোলিতে মেতে উঠলেন তারানিজেদের মধ্যে আবার খেলে বাজি ফাটিয়ে যেন বিজয় উৎসব পালন করল কংগ্রেস।তারপর মহানন্দা নদীতে সকলে স্নান করে শাপমোচন করলেন বলে দাবি।

কংগ্রেসের দাবি বিশ্বাসঘাতকতার ফল পেলেন উনি।সত্যের জয় হল। মহানন্দপুর গ্রাম পঞ্চায়েত দখলের ব্যাপারে এবার আশাবাদী কংগ্রেস।একুশ আসন বিশিষ্ট মহানন্দপুর গ্রাম পঞ্চায়েতে দশটি আসনে জয়লাভ করে কংগ্রেস, আটটি যায় তৃণমূলের দখলে, একটি করে জিতে বিজেপি সিপিএম এবং নির্দল। পঞ্চায়েত বোর্ড গঠনের সময় প্রথম দিনে ব্যাপক গভৃণোলের জেরে ভেঙে যায় প্রক্রিয়া।দ্বিতীয় দিনে কংগ্রেসের একজন এবং সিপিএম আর নির্দলকে নিজেদের সঙ্গে টেনে পঞ্চায়েত দখল করে তৃণমূল। দলবদল করে প্রধান হন মৌ দাস সরকার।চাচল ১ নম্বর ব্লক কংগ্রেসের সভাপতি আনজারুল হক জনি বলেন, সত্যের জয় হল। এই পঞ্চায়েতে আমাদের সদস্য সদস্যদের অনেক প্রলোভন দেখানো হয়েছিল।কিন্তু তারা উনার মত আপোষ না করে লড়াই করে গেলেন। আজ সত্যি তাদের জয়।

জগন্নাথপুরে যেসব মানুষ কংগ্রেসের প্রতীক দেখে ভোট দিয়েছিল তাদের জয়।পঞ্চায়েত এবার আমার দখল করবে।মহানন্দপুর গ্রাম পঞ্চায়েতের কংগ্রেসের সদস্য্য রুক্ষা সিংহ বলেন, জগন্নাথপুরে আজ শাপমোচন হল।যিনি বিশ্বাসঘাতকতা করেছিলেন তিনি জবাব পেলেন। তাই আমরা উৎসব পালন করলাম আর মহানন্দা নদীতে স্নান করে শাপমোচন করলাম।বিজেপির পঞ্চায়েত সদস্য্য লুসি সরকার জানান, এখানে আমি বিজেপির একমাত্র প্রতিনিধি।তৃণমূলকে আটকাতে এর আগেও কংগ্রেসকে সমর্থন জানিয়েছিলাম। পরবর্তীতেও জানাবো।মৌ দাস সরকার এই নিয়ে মন্তব্য করতে নারাজ। অন্যদিকে চাচলে ১ নম্বর ব্লক তৃণমূলের সভাপতি শেখ আফসার আলীর দাবী, কোর্টের নির্দেশ নিয়ে মন্তব্য করব না। তবে পঞ্চায়েত আমাদের দখলে থাকবে।

আমি তোমায় ভালোবাসি- কবিশুর্কর লেখা এই গান প্রত্যেকটি বাঙালির নিজের মনের কথা। সঙ্গীতা বলেন, ‘‘বাংলা আসলে আমাদের বড় অভিমানের জায়গা। কত প্রবাসী বাঙালি যারা বাইরের দেশে থাকেন, কিন্তু নিজেদের মধ্যে কোথাও টিক বাঁচিয়ে রেখেছেন একটা বাংলাকে। এমনই মায়়া এই বাংলার মাটির। আর আমাদের এই প্রিয় বাংলাকে যারা শুধু ভারতবর্ষে নয়, সারা বিশ্বের মাঝে এক অন্য উচ্চতায় পৌঁছে দিয়েছেন, তাদের আমরা কুর্নিশ জানাই।

রকমের অস্ত্র উদ্ধার হয়েছে।পুলিশ তিন জনের বিরুদ্ধে চুরি এবং ডাকাতির কেস রুজু করে তদন্তের কাজ শুরু করেছে।হুত তিনজন হলো- অসীম মন্ডল (১৮), বিকি থেকে বারুইপুর মহকুমা আদালতে পাঠানো হয়। এদের মধ্যে প্রথম দুজনের বাড়ি নরেন্দ্রপুর এবং আলী গাজীর বাড়ি মল্লিকপুর এলাকায়। হুতদের শনিবার সোনারপুর থানা থেকে বারুইপুর মহকুমা আদালতে পাঠানো হয়।



## গ্যাস কাটার দিয়ে এটিএম কাউন্টার থেকে টাকা লুটের চেষ্টা দুষ্কৃতীদের

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ৩ ফেব্রুয়ারি : গ্যাস কাটার দিয়ে গভীর রাতে এটিএম কাউন্টার থেকে টাকা লুটের চেষ্টা। অবশেষে পুলিশের তৎপরতায়



টাকা লুট করতে ব্যর্থ হল দুষ্কৃতীরা। শুক্রবার গভীর রাতেই ঘটনাটি করেছে শিলিগুড়ি মেট্রোপলিটন পুলিশের নিউ জলপাইগুড়ি থানার অন্তর্গত জুটিয়াকালী এলাকার একটি এটিএম কাউন্টারে। জানা গেছে এদিন রাত আনুমানিক একটা। নাগাদ পুলিশ যখন টহল দিচ্ছিলেন সেই সময় জোতিয়াখালী এলাকার ওই এটিএম কাউন্টারের সামনে কয়েকজন যুবককে দেখতে পান পুলিশ কর্মীরা। তখন ভিতরে কয়েকজন যুবক গ্যাস কাটার দিয়ে এটিএম কাউন্টারের মেশিন কাটার চেষ্টা করেছিলেন। তৎক্ষণাত পুলিশকে দেখেই দুষ্কৃতীরা গ্যাস কাটার, সিলিন্ডার সহ বেশকিছু সামগ্রী সেখানে রেখেই পালিয়ে যায়। পুলিশ তাদের পিছনে ধাওয়া করলেও তাদেরকে ধরা সম্ভব হয়নি। তারপর পুলিশ সারারাত এটিএম কাউন্টারটি কড়া পাহারায় থাকেন অবশেষে শনিবার দুপুর বারোটো নাগাদ রেল কর্তৃপক্ষ সেখান আসে।

## বিশাল আকৃতির মাছ জলপাইগুড়ির বাজারে, উপচে পড়ল ভিড়

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ৩ ফেব্রুয়ারি : দিন বাজারে মাছ কিনতে আসা মানুষদের মধ্যে যেন উৎসবের মেজাজ। বেজায় খুশি বিক্রেতারাও। কারণ বিহার থেকে শনিবার সকালেই ঢুকেছে বিশালআকার বাঘা মাছ। যার আকৃতি ও ওজন প্রায় ৭০ কিলো। আর যা দেখতে ভিড় উপচে পড়ছে মাছ ব্যবসারী অজয় দাসের মাছের দোকানো। মাছটির ওজন প্রায় ৭০ কেজি। এতবড় মাছ দেখে তার স্বাদ কেমন হবে সেটা জানতে ৫০০ টাকা কোঁজ দরে ফ্রেতারা কিনছেন সেই মাছ। এত বড় বাঘা মাছ বাজারে এই প্রথম এসেছে বলে জানান বিক্রেতা অজয় শা। তার কথায়, এটা গঙ্গার মাছ। বিহার থেকে এসেছে। জলপাইগুড়ির মানুষ এই মাছ সম্পর্কে সেভাবে অবগত নন। কিন্তু আজ এত বড় মাছ দেখে কিনছেন। এই রাজ্যের পাশাপাশি অসমেও এই মাছের চাহিদা অনেক।

## মাধ্যমিকের প্রথম দিনেই প্রশ্নফাঁস, ২ পরীক্ষার্থীকে খুঁজে বের করল পর্যদ

দুরন্ত বার্তা ডিজিটাল ডেস্ক, মালদা, ৩ ফেব্রুয়ারি : এত আটসাঁট ব্যবস্থা সত্ত্বেও ফের মাধ্যমিকের প্রশ্ন ফাঁস। প্রথম ভাষার পরীক্ষা শুরুর কিছুক্ষণের মধ্যেই স্যোশাল মিডিয়ায় ছড়িয়ে পড়ল প্রশ্নপত্র। পরীক্ষা শেষে দেখা গেল, আসলের সঙ্গে হুবহু মিলে গিয়েছে ভাইরাল প্রশ্ন। প্রাথমিকভাবে জানা গিয়েছে, মালদা থেকে ছড়িয়েছিল এই প্রশ্ন। তাঁদের পরীক্ষা বাতিল হতে পারে, এমন চিন্তাভাবনাও করছেন পর্যদের অধিকারিকরা। পরীক্ষা শেষ হওয়ার পর দেখা গেছে, আসল প্রশ্নপত্র ও ভাইরাল প্রশ্নপত্রের ছবি হুবহু একই। জানা গিয়েছে, ওই প্রশ্নপত্রে ছিল কিছু আর কোড। সেই কোড দেখেই পরীক্ষার্থীদের চিহ্নিত করা হয়েছে। হোয়াটসঅ্যাপে যে ছবি ভাইরাল হয়েছে, সেটি প্রশ্নপত্রের দ্বিতীয় পাতার ছবি। বেশোনে ১.১৩ থেকে শুরু করে ২.১২ পর্যন্ত প্রশ্নগুলি দেখা যাচ্ছে। পরীক্ষা চলাকালীন এই প্রশ্নগুলি খতিয়ে দেখে পর্যদ। আর পরীক্ষা শেষে পরীক্ষার্থীরাই স্বীকার করে নেন ভাইরাল হওয়া প্রশ্নপত্রে যে সব প্রশ্ন ছিল, সেগুলিই এসেছিল পরীক্ষায়। মাধ্যমিক পরীক্ষা নিয়ে এবার একাধিক সতর্কতা নিয়েছিল পর্যদ। পরীক্ষাকেন্দ্রগুলিতে লাগানো হয়েছে সিসিটিভিও। তার মধ্যেই কীভাবে এই প্রশ্নপত্র বাইরে এল, তা বুঝতে পারছেন না বোর্ডের অধিকারিকরাও। উল্লেখ্য, প্রশ্নপত্রে কিছু আর কোডের ব্যবহার এবারই প্রথম করা হয়েছে। প্রত্যেক পরীক্ষার্থীর জন্য পৃথক পৃথক কোড রয়েছে। প্রত্যেক প্লেনের পাশে রাখা সে সব কোড। ফলে পরীক্ষার্থী চিহ্নিত করা সহজ হয়েছে পর্যদের জন্য।

## ৫০ টি মোবাইল উদ্ধার করে আসল মালিকদের হাতে ফেরত দিলো পুলিশ

দুরন্ত বার্তা, কোচবিহার, ৩ ফেব্রুয়ারি : বিভিন্ন সময় হারিয়ে যাওয়া এবং চুরি হয়ে যাওয়া ৫০ টি মোবাইল উদ্ধার করে মোবাইলের মালিকদের হাতে মোবাইল ফেরত দিলো কোচবিহার জেলা পুলিশ। কোচবিহার জেলা পুলিশের পক্ষ থেকে আজ মোবাইলের মালিকদের ডেকে তাদের হাতে



তাদের হারিয়ে যাওয়া এবং চুরি হয়ে যাওয়া মোবাইল তাদের হাতে তুলে দেওয়া হয়। পুলিশ সূত্রে জানা যায়, গত এক মাসে এই পঞ্চাশটি মোবাইল উদ্ধার করতে পেরেছে কোচবিহার পুলিশ। এই মোবাইল গুলি মোবাইলের মালিকের কাছ থেকে বিভিন্ন সময় হারিয়ে গেছে অথবা চুরি হয়ে গিয়েছিল। মোবাইলের মালিক পুলিশে অভিযোগ জানানো পুলিশ এই মোবাইলগুলি উদ্ধার করার উদ্যোগ গ্রহণ করে। এবং ৫০ টি মোবাইল উদ্ধার করে তাদের মালিকদের হাতে তুলে দেওয়া হয়। পুলিশের পক্ষ থেকে জানানো হয় প্রতি মাসে এই ধরনের উদ্যোগ নেওয়া হয়। যদি কারো মোবাইল হারিয়ে গিয়ে থাকে অথবা চুরি গিয়ে থাকে, মোবাইলের ইএমআই নম্বার সহ থানায় অভিযোগ জানানোর আবেদন জানায় পুলিশ। একই সঙ্গে মোবাইলের মালিকদের আরো বেশি সচেতন হওয়ার আবেদন জানায় পুলিশ।

## চড়া দামে রেশন সামগ্রী বিক্রি করে পাচারের অভিযোগ ডিলারের বিরুদ্ধে

দুরন্ত বার্তা, মালদা, ৩ ফেব্রুয়ারি : দীর্ঘ দুই মাস ধরে রেশন সামগ্রী পাচ্ছেন না উপভোক্তারা। ফ্লিন্সপ্রিন্ট নিয়ে শুধু ধরিয়ে দেওয়া হচ্ছে স্লিপ। রেশন সামগ্রী নিতে গেলেই টালবাহানা করছে ডিলার। অভিযোগ,রেশন



সামগ্রী অনারূ পাচার করে চড়া দামে বিক্রি করে দিচ্ছে ডিলার। বিডিওর কাছে লিখিত অভিযোগ দায়ের করে বিক্ষোভ দেখান এলাকাবাসী। তারপরেই নড়ে-চড়ে বসে প্রশাসন। বিডিওর নির্দেশে ডিলারের খোঁজে যান ব্লকের খাদ্য দপ্তরের ফুড সাপ্লাই ইন্সপেক্টর হীরক ঘোষ। কিন্তু খোঁজ মেলেনি ডিলারের। মালদা জেলার হরিশ্চন্দ্রপুর ১ নম্বর ব্লকের বিশ্বপুর গ্রামের রেশন ডিলার শ্যামানন্দ সিনহার বিরুদ্ধে অভিযোগ উঠেছে। বিশ্বপুর ও কাটাগাঠী গ্রামের বাসিন্দারা তার কাছ থেকে রেশন সামগ্রী নিয়ে থাকেন। উপভোক্তাদের অভিযোগ, দীর্ঘ দুই মাস ধরে তারা রেশন সামগ্রী পাচ্ছেন না। এই মাসে তিন মাস হতে চলল। কিন্তু বারবার গেলেও বিভিন্ন অজুহাত দিচ্ছেন ওই ডিলার। আর উপভোক্তাদের প্রায় সামগ্রী পাচার করে বিক্রি করছে চড়া দামে। এই অভিযোগেই শুক্রবার হরিশ্চন্দ্রপুর ১ নম্বর ব্লকের বিডিও সৌমেন মন্ডলের কাছে অভিযোগ করেন এলাকাবাসী।

# পাহাড়ি জাতের লক্ষ্য চাষে স্বনির্ভর হওয়ার পথ দেখাচ্ছে মালদার কৃষকদের

দুরন্ত বার্তা, মালদা, ৩ ফেব্রুয়ারি : পাহাড়ি জাতের লক্ষ্য সমতলে চাষ করে লাভের পাশাপাশি স্বনির্ভর হওয়ার পথ দেখাচ্ছে পুরাতন মালদার এক কৃষক দম্পতি। এই প্রথম পুরাতন মালদা ব্লকের মহিষবাথানি গ্রাম পঞ্চায়েতের সঞ্জাইল গ্রামে শুরু হয়েছে পাহাড়ি জাতের লক্ষ্য চাষ যাকে শিমলা মির্চি অথবা প্রচলিত ভাষায় আঁচলের লক্ষ্য বলা হয়ে থাকে। এই লক্ষ্য চাষে খানিকটা পরিশ্রম বেশি হলেও লাভ রয়েছে দ্বিগুণ।



ফলে অন্যান্য ফসল সবজি চাষের পাশাপাশি এখন এখানে শিমলা মির্চি চাষ করেই মূলত ভালো রোজগার করছেন কৃষক দম্পতি উপেন রাজবংশী ও সুমিত্রা রাজবংশী। ওই কৃষক দম্পতির জানিয়েছেন, এক বিঘা জমিতে পাহাড়ি জাতের লক্ষ্য যাকে শিমলা মির্চি বলা হয় তা চাষ করতে খরচ হয় ৪০ হাজার টাকা। এবার তারা তিন বিঘা জমিতে এই লক্ষ্য চাষ শুরু করেছেন। গত সেপ্টেম্বর মাসে এই প্রজাতির লক্ষ্য

দ্বিগুণ। মালদা জেলায় মূলতঃ এই মহিষবাথানি গ্রাম পঞ্চায়েতেই শিমলা মির্চের চাষ শুরু হয়েছে। লক্ষ্য চাষি ওপেন রাজবংশী বলেন, তাদের দেখে আরো কয়েকজন চাষি এবছর এই জাতের লক্ষ্য চাষ শুরু করেছেন। যেহেতু এই লক্ষ্য চাষ শুরু করারত প্রথমেই মোটা টাকা খরচ হয়, তাই অনেকেই এই জাতের লক্ষ্য চাষ করার আগ্রহ দেখাচ্ছে না। কিন্তু এই শিমলা মির্চি উৎপাদনের পর তা সঠিকভাবে

পাইকারদের কাছে রপ্তানি করলে দাম ভালো পাওয়া যাবে। এমনকি মালদার পাশাপাশি অন্য জেলা থেকেও পাইকারিরা আসছেন এই জাতের লক্ষ্য কেনার জন্য। বর্তমান বাজারে পাঁচ থেকে ছয় হাজার টাকা কুইন্টাল দলে বিক্রি হচ্ছে এই পাহাড়ি জাতের লক্ষ্য। শুধু আচার নার, যে কোন ধরনের মুখরোচক খাবারেও এই জাতের লক্ষ্য ব্যবহার হয়ে থাকে। ওই কৃষক দম্পতির বক্তব্য, প্রশাসনের পক্ষ থেকে

আর্থিকভাবে এই চাষের জন্য সহযোগিতা করা হলে অনেকের আগ্রহ বাড়বে। পাশাপাশি এই লক্ষ্য চাষ করে খুব কম সময়ের মধ্যে স্বনির্ভর হতে পারবেন বহু কৃষকেরা। মালদা জেলা উদ্যান পালন দপ্তরের আধিকারিক সামন্ত লায়েক জানিয়েছেন, এই ধরনের লক্ষ্য চাষের ক্ষেত্রে চাষিদের আগ্রহ বাড়তে সংশ্লিষ্ট দপ্তর থেকে প্রয়োজনীয় পরামর্শ ও সমস্ত রকম উদ্যোগ নেওয়া হয়েছে।

# মাধ্যমিক পরীক্ষার্থীদের সহযোগিতার বার্তা জামালপুর ব্লক তৃণমূল নেতৃত্বের

সুজিত দত্ত, বর্ধমান, ৩ ফেব্রুয়ারি : মাধ্যমিক পরীক্ষার দ্বিতীয় দিনে বিভিন্ন সেন্টারে নিজে দাড়িয়ে থেকে ছাত্র ছাত্রীদের দেখভাল করলেন তৃণমূল কংগ্রেসের জামালপুর ব্লক সভাপতি তথা পঞ্চায়েত সমিতির পূর্ত কর্মাধ্যক্ষ মেহেদুদ খান। তার সঙ্গে ছিলেন কার্যকরী সভাপতি তথা পঞ্চায়েত সমিতির সহ সভাপতি ভূতনাথ মালিক, ব্লকের ছাত্র সভাপতি বিটু মল্লিক। এরপর তিনি সোলামাবাদ হাই স্কুল ও শুঁড়ে কালিতলা হাই স্কুলে যান। মাধ্যমিক পরীক্ষার্থী ও তাদের অভিভাবকদের সাথে কথা বলে তাদের কান সমস্যা হচ্ছে কিনা জানতে চান। কোন অসুবিধা হলে তাকে নিঃসঙ্কেচে জানানোর আবেদন জানান তিনি। এমনকি পরীক্ষা কেন্দ্রে যাওয়াতে কোনরকম অসুবিধা হলে নিজে গাড়ি পাঠিয়ে দেবেন বলে এদিন পরীক্ষার্থী ও তাদের অভিভাবকদের অভয় দিলেন তিনি। এদিন মেহেদুদবাবু আরও জানান, প্রতিবছরই তিনি মাধ্যমিক – উচ্চমাধ্যমিক পরীক্ষার শুরুর দিন থেকেই তার ব্লকের বিভিন্ন স্কুলে



পরীক্ষার্থী ও তাদের অভিভাবকদের সাথে কথা বলেন, তাদের সুবিধা অসুবিধা নিয়ে খোঁজ খবর করেন। কিন্তু গতকাল অর্থাৎ বৃহস্পতিবার মাধ্যমিক পরীক্ষা শুরুর দিন মুখ্যমন্ত্রীর ডাকে কলকাতায় ছিলেন। তাই নিজে ব্লকের স্কুলগুলিতে উপস্থিত থাকতে পারেন নি। কিন্তু পরীক্ষার্থীদের যাতে কোনরকম অসুবিধার সম্মুখীন না হতে হয় তার জন্য সমস্ত রকম ব্যবস্থা করেন গিয়েছিলেন। তাদের সাথে ছিলেন ছাত্র পরিষদের সভাপতি বিটু মল্লিক ও স্থানীয় নেতৃস্থ শেখ আজাদ রহমান। মেহেদুদ খান বলেন, ব্লকে সূঠ ভাবেই দ্বিতীয় দিনের পরীক্ষা শুরু

হয়েছে। প্রশাসন সজাগ আছে কোনো অসুবিধা হবে না। রকের কার্যকরী সভাপতি ভূতনাথ মালিক জানান, জীবনের প্রথম বড় পরীক্ষা দিতে চলেছে মাধ্যমিক পরীক্ষার্থীরা। তাই তাদের এবং তাদের অভিভাবকদের একটা টেনশন থাকে। তাই তাদের যাওয়া আসা থেকে শুরু করে পরীক্ষা কেন্দ্রে সূছুভাবে পরীক্ষা দিতে যাতে কোনরকম বাধার সৃষ্টি না হয় সে দিকে তারা সজাগ দৃষ্টি রেখেছেন। ব্লক তৃণমূলের সভাপতি মেহেদুদ খান এবং কার্যকরী সভাপতি ভূতনাথ মালিক দুজনেই মাধ্যমিক পরীক্ষার্থীদের সার্বিক সফলতা কামনা করেন।

# পূর্বরেলকর্মীর ললিতকলায় অসামান্য অবদান



কলকাতা , ২ ফেব্রুয়ারি : ছোটবেলা থেকে ছিল ছবি আঁকার যোঁকা। কোথাও অঙ্কন প্রতিযোগিতা বা প্রতিমা তৈরী দেখলেই দাড়িয়ে পড়তেন তিনি। সুদীর্ঘনী কাজের প্রতি তার এই অদম্য আকর্ষণ আজও বিদ্যমান। শ্রী শঙ্কর তরফদার , বর্তমানে গিলুয়া ওয়ার্কশপে অফিস সুপারিনটেনডেন্ট হিসেবে কর্মরত। শৈশব থেকেই মন দিয়ে ছবি এঁকে চলেছেন – ভা স্ট্রেট –পেন্সিলেই হোক বা পরবর্তীকালে ক্যানভাসে জল রং বা তেল রঙে তুলির টানেই হোক , তার অঙ্কিত সমস্ত প্রতিকৃতিই যেন জীবন্ত ও বাস্তবধর্মী। বিএসসি পাশ করার পরে ছবি আঁকার প্রতি এই অদম্য উৎসাহ তাকে চলে নিয়ে গেলে। আঁট কলেজের দোরগোড়ায়। তারপর ইন্ডিয়ান আর্ট কলেজ থেকে ডিগ্রিয়াল আর্টে প্রথম শ্রেণী সহ ৫ বছরের ডিপ্লোমা উত্তীর্ণ হওয়ার পর চাকরির চেষ্টা। চাকরিজীবনে শঙ্করক হিসাবে প্রথম পোস্টিং পেলে। আজিমগঞ্জের রেলওয়ে এটিপ্লি স্কুলে ১৯৯৬ সালে। আজিমগঞ্জের রেল স্কুলে অঙ্কন দিতে চাকরি করার সময় তিনি আকর্ষিত হন মূর্শিদাবাদের ঐতিহাসিক ভবনগুলির প্রতি। ছুটির দিন গুলিতে এখানকার ঐতিহাসিক ভবনগুলিতে ঘুরে বেড়িয়েছেন এবং পুরোনো স্থাপত্যে নির্মিত ভবনগুলির ফির প্রচুর ছবি এঁকেছেন। কলকাতার একাডেমি অফ ফাইন আর্টসে শঙ্করবাবুর এই নিয়ে প্রশঙ্গনী ভূয়সী প্রশংসা লাভ করে। এর সঙ্গে রয়েছে আরও অনেক বিক্ষিপ্ত অথচ জীবনধর্মী শিল্প নির্দশন যেমন, আজিমগঞ্জের ডন বস্কো গির্জায় সাঁওতালদের হারিয়ে যাওয়া জীবন যাত্রা নিয়ে ছবি। সেখানে ৩টি ১০ ফুট X ৬ ফুট মাপের ছবি ওর

শিল্পকলার এক জীবন্ত নিদর্শন। এরপর ২০০২ সালে তিনি গিলুয়ায় পূর্ব রেলওয়ের হাই স্কুলে শিক্ষকতা করতে চলে আসেন। এই সময় তার জলরঙে আঁকা ছবি বিভিন্ন বিষয়ে ব্যাপ্তিলাভ করে। তারমধ্যে সবথেকে উল্লেখযোগ্য তার আঁকা বাউলদের ছবিগুলি। বাউলদের সহজিয়া জীবনশ্রদের প্রতি তাঁর আকর্ষণ তার অঙ্কিত বাউলদের ছবিগুলিকে যেন আরও জীবন্ত করে তোলে – এ কেবল শুধু চিত্রপট নয় , যেন কৃষ্ণপদে নিবেদিত বাউল অন্তরাস্থার কানভাসে আত্মপ্রকাশ। শিল্পীজীবনে এর্যপ্ত শঙ্করবাবু দেশি-বিদেশী বহু প্রদর্শনীতে অংশগ্রহণ করেছেন এবং অসংখ্য পুরস্কারে ভূষিত হয়েছেন, যার মধ্যে উল্লেখযোগ্য ১৯৯৭ সালে পশ্চিমবঙ্গ যুব উৎসবে বন্দ চ্যাম্পিয়ান হিসেবে ব্যতী , ২০০৫ সালে হাওড়া স্টেশনের ১০০ বছর পূর্তি উপলক্ষে প্রাপ্ত সম্মান, ২০১৬ সালে রোদ্রুর আঁট ফাউন্ডেশন দ্বারা প্রাপ্ত লাইফ টাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড , ২০১৯ সালে নয়া দিল্লির নব শ্রী আঁট এন্ড কালচার এর অর্নামজু ছিল। এই আমন্ত্রণে অংশগ্রহণ করেন ভারত থেকে যাওয়া ৮ জন শিল্পী। এর পাশাপাশি ১৬ জন প্রবাসী বাঙালি চিত্রকর নিয়ে মোট ২৪ জন শিল্পীর আঁকা ছবির প্রশঙ্গী হয় (নোদারল্যান্ডসে, খোথো শঙ্করবাবুর আঁকা ছবিগুলি ভূয়সী প্রশংসিত হয়। পূর্বরেলের চাকরিক্ষেত্রে দক্ষতার সঙ্গে কাজ, তার সাথে ছবি আঁকা – এই নিয়ে শঙ্করবাবুর পৃথ চলা।) যত্ননির্ভর রেল সংস্কৃতির অঙ্গ হয়েও ললিতকলার প্রতি শ্রী শঙ্কর তরফদারের এই আকর্ষণ রেলওয়ে আধিকারিকরা যথেষ্ট সহর্মমিতার সাথে দেখেন। সুমিত সরকার, পূর্ব রেলের অতিরিক্ত জেনারেল ম্যানেজার , শঙ্করবাবুরকে ক্রমাগত উসাহিত করে চলেছেন তাঁর সৃষ্টিসুখের উল্লাস আরও ব্যাপ্ত করে সবাইকে অঙ্গীভূত করায়। পূর্বরেলের অতিরিক্ত জেনারেল ম্যানেজার, শ্রী সরকারের এই উৎসাহ শ্রী শঙ্কর তরফদারের পথ চলার পাথেয় হিসেবে কাজ করেছে।

## পরীক্ষা দিয়ে বাড়ি ফেরার পথে বইকে দুর্ঘটনায় মৃত ছাত্রী

দুরন্ত বার্তা, বীরভূম, ৩ ফেব্রুয়ারি : মাধ্যমিক পরীক্ষার প্রথম দিন অকালে প্রাণ হারালো এক মাধ্যমিক পরীক্ষার্থী। বাবা মা হারালো একমাত্র সন্তান। এক মাধ্যমিক ছেলে পরীক্ষার্থী সহ এক যুবকের রোমিও সুলভ আচরণের বলি ওই ছাত্রী। জামাইবাবুর মোটরবাইকে চেপে বাড়ি ফিরছিল ওই ছাত্রী। পিছন থেকে ওই ছাত্রীকে ধাওয়া করতে গিয়ে ছাত্রী যে বাইকে সেওয়ারী ছিল তার পিছনে সজোরে ধাক্কা মারে তাদের বাইকা। বাইকের বাইন থেকে রাস্তায় ছিটকে পড়ে ছাত্রীটি। কী অপর্যায় ছিল তার? বাংলা পরীক্ষা দিয়ে জামাইবাবুর বাইকে করে বাড়ি ফিরছিল ওই ছাত্রী। রাস্তায় ছিটকে পড়ে মাথায় চরম আঘাতে শুরু হয় রক্ত স্রাব। প্রথমে রামপুরহাট মেডিকাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয় ছাত্রীকে। তারপর সেখান থেকে বর্ধমান মেডিকাল কলেজ এবং তারপর কলকাতা এন আর এস হাসপাতালে স্থানান্তরিত করা হয়। শনিবার বিকেল সাড়ে চারটায় মৃত্যু ঘটে তার। ঘটনার জেরে এলাকার নেমে আসে শোকের ছায়া। মৃত ছাত্রীর নাম সোহানা খাতুন ওরফে মৌ। বাবার নাম সামসুল হক। তিনি ছিলেন ব্যবসায়ী। মায়ের নাম সাবিনা ইয়াসমিন। পিতা- মাতার একমাত্র সন্তান ছিল নেহা। বাড়ি নলহাট থানার অন্তর্গত মাঠ কলিঠা। ওই ছাত্রী ছিল কলিঠা হাইস্কুলের। সিট পড়ে বিবেকানন্দ বিদ্যাপীঠে। দুর্ঘটনা ঘটে কলিঠা সেরিকালচার অফিসের সামনে। নলহাট থানার পুলিশ ঘটনাস্থলে ছুটে আসেন। থানায় অভিযোগ দায়ের হয়েছে। ঘটনার তদন্ত শুরু করছেন পুলিশ। মৃতদেহ এখনও ফেরে নি। ফিরতে রাত বারোটো হবে বলে জানান মৃতার খুড়তুতো খালাতো ভাই সূজাউদ্দিন ইসলাম।

## ট্রেনের ধাক্কায় মৃত্যু কিশোরীর

দেবাশিষ কংশবধিক, কালনা, ৩ ফেব্রুয়ারি : ঘটনাটি ঘটেছে শনিবার সকালে হাওড়া কাটোয়া শাখায় সমুদ্রগড় নদাধি স্টেশনের মাঝামাঝি এলাকায়। ঘটনায় মৃত ওই কিশোরীর নাম, লক্ষ্মী হালদার, বয়স আনুমানিক ১৭। তার বাড়ি পূর্ব বর্ধমান জেলার নাদনঘাট থানার উপর হাটি গ্রামে। স্থানীয় ও পরিবার সূত্রে জানতে পারা যায়, দশম শ্রেণীর পড়ুয়া ওই কিশোরী শনিবার সকালে পরিবারকে কিছু না জানিয়েই বাড়ি থেকে বেরিয়ে পড়েন। সকাল প্রায় সাড়ে ৬ টা নাগাদ সমুদ্রগড় ও নান্দ্বাই স্টেশনের মাঝামাঝি ডাউন লাইনে এক কিশোরীর দেহ পড়ে থাকতে দেখেন স্থানীয় মানুষজন। স্থানীয়দের অভিযোগ যথাসময়ে খবর দিলেও অনেক দেরিতে দেহটি উদ্ধার করতে আসে জিআরপি কালনা। ঘটনার জেরে এলাকায় ছড়ায় তীব্র চাঞ্চল্য। স্থানীয় সূত্রে জানতে পারা যায়, শনিবার সকালে সম্ভবত ডাউন কাটোয়া হাওড়া লোকাল ট্রেনের ধাক্কায় ঘটনাস্থলেই মৃত্যু হয় দশম শ্রেণীর পড়ুয়া এক কিশোরী। নিখর ওই কিশোরীর পরিবার লাইনে একের পর এক যাত্রী বোঝাই ট্রেন কিশোরীর উপর দিয়ে চলে যেতে থাকে। যাওয়ায় রেলের ডুম্কা নিয়ে উঠল প্রশ্ন। অপরদিকে দেহ অক্ষত থাকলেও একের পর এক যাত্রী বোঝাই ট্রেনে মৃত কিশোরীর উপর দিয়ে চলে যাওয়ায় প্রশ্ন ওঠে রেল দপ্তরের ডুম্কা নিয়ে। স্থানীয়দের অভিযোগ রেলদপ্তর কোনও ভাবেই দায়িত্ব এড়িয়ে যেতে পারে না। ফলে রেলদপ্তর অমানবিকতার চরম নিদর্শন প্রত্যক্ষ দর্শন করলেন এলাকার অসংখ্য বাসিন্দা।

## কনযাত্রীর বাস উল্টে আহত ৭

দুরন্ত বার্তা, ডুয়ার্শ, ৩ ফেব্রুয়ারি : মেয়ের বৌভাত সেরে ফেরার সময় পথ দুর্ঘটনায় গুরুতর আহত হয়েছেন কনের বাবা। আশঙ্কাজনক অবস্থায় তাকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। কনযাত্রীর বাস উল্টে আরও ছয়জন আহত হয়েছেন। ডুয়ার্শের ফালাকটার হাটোয়া। শুক্রবার রাতে দুর্ঘটনাটি ঘটে। বৌভাতের অনুষ্ঠান থেকে ফেরার পথে নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তা থেকে সোজা একটি সুপারি বাগানে ঢুকে পড়ে কনযাত্রী বোঝাই বাস। এরপর উল্টে যায়। এই ঘটনায় কনের বাবা সহ সাতজন আহত হয়েছে। ঘটনাটি ঘটে ফালাকটার বীরপাড়া জাতীয় সড়কের ডালিমপুর এলাকায়। এলাকাবাসীরা এসে আহতদের উদ্ধার করে। খবর দেওয়া হয় ফালাকটা থানায়। ঘটনাস্থলে পৌঁছায় পুলিশ। এরপর স্থানীয়দের সহযোগিতায় আহতদের উদ্ধার করে ফালাকটা সুপার স্পেশালািটি হাসপাতালে পঠানো হয়। কনের বাবার অবস্থা আশঙ্কাজনক বলে জানা গেছে। দুর্ঘটনার কারণ খতিয়ে দেখছে পুলিশ।

## হাতির তাণ্ডব

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ৩ ফেব্রুয়ারি : গভীর রাতের হাতির নাক, ক্ষতিগ্রস্ত প্রাথমিক বিদ্যালয়ের রামাঘর সহ এলাকার বেশ কয়েকটি বাড়ি। শুক্রবার গভীর রাতে ঘটনাটি ঘটেছে রাজগঞ্জ ব্লকের মাস্তাদাডি গ্রাম পঞ্চায়েতের ললিতা বাড়ি এলাকায়। জানা গেছে, রাত প্রায় আড়াইটা নাগাদ একটি দাতাঘ হাতি ললিতা বাড়ি গ্রামে ঢুকে তাণ্ডব চালায়। হাতির তাণ্ডবে শিকারপুর নলিতা পাড়া প্রাইমারি স্কুলের রামাঘর ক্ষতিগ্রস্ত হয়। পাশাপাশি বেশকিছু ঘরও ক্ষতিগ্রস্ত করে হাতিটি। এদিন গ্রামের বাসিন্দা সৃশান্ত রায়ের পরিবারের সদস্যরা দুটি ঘরে ঘুমিয়ে ছিল। হাঠাৎই ঘর ভাঙার আওয়াজে ঘুম ভাঙে তাদের। কোনরকমে ঘর থেকে পালিয়ে প্রাণে বাঁচেন বাড়ির সদস্যরা। তবে দুটি ঘর, খাট ও আলমারি সহ বিভিন্ন জিনিস ভেঙে ফেলে হাতিটি। এছাড়াও ঘরে থাকা চালা-ডাল সহ খাদ্য সামগ্রী সাবার কলো বোশকিছুক্ষণ এভাবে তাণ্ডব চালানোর পর হাতিটি বৈকুণ্ঠপুর জঙ্গলে ফিরে যায়। হাতির তাণ্ডবে সবকিছু হারিয়ে দিশেহারা হয়ে পড়েছে দিনাজুর পরিবারটি। খবর পেয়ে ঘটনাস্থলে আসেন বদদপ্তরের আধিকারিকরা। ঘটনার তদন্তের পাশাপাশি পরিবারকে সাহায্যের আশ্বাস দেন তারা।



আজ ভারতীয় জাদুঘর-এর ২১০ বছর পূর্তি উপলক্ষ্যে পশ্চিমবঙ্গের রাজ্যপাল ডঃ সি ভি আনন্দ বোস চিত্র প্রদর্শনী ও ভাস্কর্যের ব্রহ্মা-বিশ্ব ও মহেশ্বর এই বিষয়ে উদ্বোধন করলেন ভারতীয় জাদুঘরের দিতলে প্রেক্ষা গৃহে । এই প্রদর্শনী আগামী ৩০ মার্চ পর্যন্ত চলবে । ছবি – সুবল সাহা

## কোচবিহারে নির্মীয়মান রামমন্দির ভাঙুর, কড়া প্রতিক্রিয়া সুকান্ত-নিশীথ-অমিতের

দুরন্ত বার্তা, কোচবিহার, ৩ ফেব্রুয়ারি : কোচবিহারে শুক্রবার রাতে নির্মীয়মান একটি রামমন্দির ভাঙুর হয়েছে। এর প্রতিবাদে শনিবার এন্স হ্যাণ্ডলে কড়া প্রতিক্রিয়া দিলেন বিজেপি-র রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার, কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিশীথ অধিকারী এবং বিজেপি-র পশ্চিমবঙ্গের সহ পর্যবেক্ষক অমিত মালব্য। সুকান্তবাবু লিখেছেন, শুক্রবার তৃণমূল কংগ্রেসের গুণ্ডারা কোচবিহারের দিনহাটায় নির্মাণাধীন রামমন্দিরের জন্য তৈরি সামগ্রী ধ্বংস করেছে। ভোট-পরবর্তী হিংসার অভিযোগে অস্তিত্ব এবং মমতা বন্দ্যোপাধ্যায়ের মন্ত্রিসভার সদস্য উদয়ন গুহ এলাকাটি নিরাপ্ত কর। পশ্চিমবঙ্গে হিন্দু হওয়া একটি অপর্যেের মতো মনে হয়। নিশীথবাবু লিখেনে, সমগ্র ভারত যখন অযোধ্যায় ভগবান রামের প্রাণ প্রতিষ্ঠা উদ্‌যাপন করছে, তখন তৃণমূল গুণ্ডারা পশ্চিমবঙ্গেই মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির শাসনে কোচবিহারে নির্মাণাধীন মন্দির ভাঙুর করেছে।

## খাবারে কীটনাশক মিশিয়ে পোষ্যকে

## মেরে ফেলার অভিযোগ



দুরন্ত বার্তা, উত্তর দিনাজপুর, ৩ ফেব্রুয়ারি : মাংসে কীটনাশক মিশিয়ে পোষা কুকুরকে মেরে ফেলার অভিযোগ তুলে থানায় লিখিত অভিযোগ দায়ের করল প্রতিবেশীর বিরুদ্ধে। এই ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। শনিবার ঘটনাটি ঘটেছে উত্তর দিনাজপুর জেলার চোপড়া থানার কালাগছ এলাকায়। জানা গেছে, চোপড়ার কালাগছ এলাকার বাসিন্দা রাজেশ সরকার তার বাড়িতে একটি পোষা কুকুর ছিল। অভিযোগ তুপেন সিংহ ও তার স্ত্রী গত দুই তিন ধরে এলাকার কুকুরদের মেরে ফেলার জন্য মাংসে কীটনাশক মিশিয়ে রাস্তার কুকুরদের খেতে দিলে। এই বিষয়টি রাজেশ সরকারের পরিবারের সদস্যরাও শুনে আবার মাংসে কীটনাশক মিশিয়ে রাস্তায় ফেলে রেখে ছিল। সেই কীটনাশক মেশানো মাংস খেয়ে মৃত্যু হয় রাজেশ সরকারের বাড়ির পোষা কুকুরের। এই খবর ছড়িয়ে পড়তেই এলাকায় চাঞ্চল্য ছড়ায়। রাজেশ সরকার অভিযুক্ত প্রতিবেশী তুপেন সিংহ ও তার স্ত্রীর বিরুদ্ধে চোপড়া থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। অন্যদিকে ঘটনার পর থেকেই পলাতক অভিযুক্তরা। অভিযোগের ভিত্তিতে ঘটনাস্থলে পৌঁছায় চোপড়া থানার পুলিশ। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

দুরন্ত বার্তা, উত্তর দিনাজপুর, ৩ ফেব্রুয়ারি : মেয়েটি হাটের বাসিন্দা রাজেশ সরকারের বাড়ির পোষা কুকুরের। এই খবর ছড়িয়ে পড়তেই এলাকায় চাঞ্চল্য ছড়ায়। রাজেশ সরকার অভিযুক্ত প্রতিবেশী তুপেন সিংহ ও তার স্ত্রীর বিরুদ্ধে চোপড়া থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। অন্যদিকে ঘটনার পর থেকেই পলাতক অভিযুক্তরা। অভিযোগের ভিত্তিতে ঘটনাস্থলে পৌঁছায় চোপড়া থানার পুলিশ। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

| Government of the Block Dev. Officer                                                                                                   |                      |                    |               |                         |                 |
|----------------------------------------------------------------------------------------------------------------------------------------|----------------------|--------------------|---------------|-------------------------|-----------------|
| Sankar! Dev. Block, Howrah                                                                                                             |                      |                    |               |                         |                 |
| ARGORI, ANDUL, HOWRAH                                                                                                                  |                      |                    |               |                         |                 |
| ABRIDGED NOTICE INVITING e-TENDER                                                                                                      |                      |                    |               |                         |                 |
| Block Development Officer, Sankral Development Block invites e-tender for following Work related to Civil Development Work as follows: |                      |                    |               |                         |                 |
| Sl. No.                                                                                                                                | Tender Reference No. | Tender ID          | Tender SI No. | Last Date of Submission | Date of Opening |
| 1.                                                                                                                                     | 30/BDO of 2023-24    | 2024_ZPHD_659916_1 | 01            | 17/02/2024              | 19/02/2024      |

Intending bidders are requested to visit the website <http://wbidders.gov.in> for details. For other details may contact with the office of the undersigned.

| Sd/- Block Dev. Officer                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                  |  |
|--------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|--|
| Sankar! Dev. Block, Howrah                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                               |  |
| NOTICE INVITING e-TENDER                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                 |  |
| The Notice Inviting e-Tender, vide NleT No.-WBPU/EO/PARA/ NIT(e)-4/1/2023- 24(2 nd Call) of the Office of the Para Panchayat Samity, P.O-Para, District-Purulia. 02(Two) no. works/ Schemes under 15 th CFC Fund in the portal: <a href="http://www.wbtenders.gov.in">www.wbtenders.gov.in</a> Tender ID: 2024_DM_658775_1 and 2024_DM_658757_2. Document download/sell starting from 01.02.2024 up to 09.02.2024 4.00 PM. Bid submission starting from 01.02.2024 up to 09.02.2024 at 4:00 pm. And Opening on 11.02.2024 at 04:05 PM. For details please visit website. |  |
| Sd/- Executive Officer                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                   |  |
| Para Panchayat Samity                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                    |  |

কাটিহার মণ্ডলে সিদ্যানা এবং টেলিকম কাজ

ই-টেন্ডার নোটিস নং. এন-২০২৩-কে-৪২ তারিখঃ ০১-০২-২০২৪। নিম্নে উল্লিখিত কাজের জন্য নিম্নস্বাক্ষরকারীর দ্বারা ই-টেন্ডার আহ্বান করা হয়েছে।
টেন্ডার নং.এন-২০২৩-কে-৪২।
কাজের নামঃ কাটিহার ডিভিশনের আমানডি ফালাকটা-মাদুরভান (এবিসস সেকেন্দ)
দৌলতিভাবের পরিলিখিত লিফট বিয়ারির দ্বারা মেকানিকাল লিফট বিয়ারির এর প্রতিস্থাপন।
টেন্ডার মূল্যঃ ১,৩৯,৮৭,০৮১.২৪ টাকা।
বানানার বন্ডঃ ১,১৯,৯০,০০,০০ টাকা।
ই-টেন্ডার ০৪-০২-২০২৪ তারিখে ১৫.০০ ঘটিকা।
উল্ল্যেক্ত ই-টেন্ডারের টেন্ডার প্র-পত্রের সঙ্গে সম্পূর্ণ বিবরণ আশাী ১৫-০২-২০২৪ তারিখে ১৫.০০ ঘটী

## আন্তঃসীমান্ত অস্ত্র ও বিস্ফোরক চোরাচালান মামলায় প্রধান অভিযুক্তকে ধৃত এনআইএ-র



নয়াদিল্লি, ৩ ফেব্রুয়ারিঃ অস্ত্র, গোলাবারুদ এবং বিস্ফোরকগুলিকে আন্তঃ সীমান্ত চোরাচালানে যে নেটওয়ার্ক কাজ করতো তাদের দলের পর্দা ফাঁস করেছে জাতীয় তদন্তকারী সংস্থা (এনআইএ)। পাশাপাশি এই মামলার প্রধান অভিযুক্তকেও শনিবার গ্রেফতার করেছে এনআইএ। অভিযুক্তের নাম লালনগাইহুমা, সে মিজোরামের মামিত এলাকার বাসিন্দা । এনআইএ-সূত্রে জানা গিয়েছে, ভারতের উত্তর-পূর্বাঞ্চলীয় কয়েকটি রাজ্যে একটি বড় আকারের অবৈধ অস্ত্র ও গোলাবারুদ সরবরাহ নেটওয়ার্ক পরিচালনার বিষয়ে তথ্য পাওয়ার পরই প্রধান অভিযুক্ত লালনগাইহুমাকে মিজোরামের আইজল থেকে ধরা হয়। শনিবার অভিযুক্তকে গ্রেফতার করা হয়। এনআইএ তার বিবৃতিতে জানিয়েছে যে মূল অভিযুক্ত অন্যের সঙ্গে অস্ত্র, গোলাবারুদ এবং বিস্ফোরক সামগ্রীর চোরাচালানে নিযুক্ত ছিল। ধৃত শুধুমাত্র উত্তর-পূর্ব রাজ্যগুলিতেই নয়, সীমান্তের ওপারেও এই কাজ করতো।

## তেলিয়ামুড়ায় চোরের দৌরাত্ম্য, পুলিশের ভূমিকায় অসন্তোষ

তেলিয়ামুড়া (ত্রিপুরা), ৩ ফেব্রুয়ারিঃ রাতের আধারে গৃহস্থের বাড়িতে নিশিকুটুম্বের হানা। চুরি হয়েছে দু-দুটি গবাদি পশু। ঘটনাটি সংঘটিত হয়েছে তেলিয়ামুড়া থানাধীন পূর্ব হাওয়াইবাড়ি এলাকায়। রাত্রিকালীন নিরাপত্তা নিয়ে প্রশ্নের মুখে তেলিয়ামুড়া থানার পুলিশ। ঘটনার বিবরণ দিয়ে গবাদি পশুর মালিক অভিযোগ করেছেন, অন্যান্য দিনের মতো শুক্রবার রাতেও তেলিয়ামুড়া থানাধীন পূর্ব হাওয়াইবাড়ি এলাকার বাসিন্দা নন্দন দাস নামের এক ব্যক্তি তাঁর গাড়ি ও বাছুরকে গোয়ালঘরে বেঁধে শুতে যান। কিন্তু শনিবার সাতসকালে বাড়ির মালিক নন্দন দাস দেখেন, তাঁর গোয়ালঘর থেকে গাড়ি ও বাছুরটি উধাও। ঘটনাটি দেখে বাড়ি মালিক নন্দন দাস শরণাগত হন তেলিয়ামুড়া থানার। গাড়ি ও বাছুরের মালিক নন্দন দাস জানিয়েছেন, এই গবাদি পশু ছিল তাঁর রুটি-রুজির সর্বস্ব। তিনি দীর্ঘ ৫০ বছরেরও অধিক সময় ধরে গো-পালন করে আসছেন ও এই এলাকায় এমন ঘটনা এর আগে কখনও ঘটেনি। তবে গো-পালক নন্দন দাসের গাড়ি ও বাছুর কে বা কারা চুরি করে নিয়ে গেছে সে বিষয়ের স্পষ্টিত কোনও ধারণাই করতে পারছেন না কেউ। তবে তেলিয়ামুড়া থানা এলাকার রাত্রিকালীন নিরাপত্তা নিয়ে প্রশ্ন উঠেছে।

## জাতীয় সড়কে বড়মুড়া ইকোপার্ক এলাকায় তিন গাড়ির সংঘর্ষে গুরুতর আহত তিন

তেলিয়ামুড়া, ৩ ফেব্রুয়ারিঃ জাতীয় সড়কে ৩ গাড়ির মুখোমুখি সংঘর্ষে ভয়াবহ অবস্থা। দুর্ঘটনাটি ঘটেছে শনিবার খোয়াই জেলার তেলিয়ামুড়া মহকুমার অন্তর্গত বড়মুড়া ইকোপার্ক সংলগ্ন এলাকায়।জানা গিয়েছে, শনিবার আসাম-আগরতলা জাতীয় সড়ক ধরে আসা একটি যাত্রীবাহী মার্কিতি ভ্যান, একটি লরি ও একটি কনটেইনার গাড়ির মধ্যে মুখোমুখি সংঘর্ষ হয়। এই তিন গাড়ির মুখোমুখি সংঘর্ষে আহত হয়েছেন মার্কিতি ভানের তিন যাত্রী। খবর পেয়ে তৎক্ষণাৎ দুর্ঘটনাস্থলে পৌঁছেন তেলিয়ামুড়া অগ্নিনির্বাপক দপ্তরের কর্মীরা। তাঁরা তড়িঘড়ি দুর্ঘটিনস্থল থেকে আহতদের উদ্ধার করে নিয়ে আসেন তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালো। পরে তেলিয়ামুড়া থানার পুলিশ ঘটনাস্থলে গিয়ে তিনটি গাড়ি নিজেদের হেলোজতে নিয়ে একটি দুর্ঘটনা সংক্রান্ত মামলা রুজু করেছে। জানা গিয়েছে বেপরোয়াভাবে চালানোর ফলে এই দুর্ঘটনা ঘটেছে।

## মাইলস্টোন অ্যাচিভমেন্ট আদিসাপগ্রাম এবং ব্যান্ডেলের মধ্যে সড়ক ওভার ব্রিজের নির্মাণ কাজ শীঘ্রই শেষ

**কলকাতা, ৩১ জানুয়ারী**, যানজট মোকাবেলায় পূর্ব রেলওয়ে দ্বারা একটি রূপান্তরমূলক পদক্ষেপ নেওয়া হয়েছে। মগড়ার সাথে ব্যান্ডেলের সংযোগ সড়ক। রোডের দিকে অতিরিক্ত অ্যাপ্রোচ রাস্প সহ লেভেল ক্রসিং গেট নং ১২ সরিয়ে একটি রোড ওভার ব্রিজ ( ) তৈরি করা হচ্ছে। এই উদ্যোগটি রাজ্য সরকারের সাথে খরচ ভাগাভাগির ভিত্তিতে নেওয়া হয়েছে। লেভেল ক্রসিং গেট নং ১২ বাদ দেওয়া পরিবর্তন পরিকাঠামো উন্নত করার ক্ষেত্রে একটি মাইলফকল হিসেবে চিহ্নিত। আসন্ন রোড ওভার ব্রিজটি ট্রাফিক প্রবাহকে প্রবাহিত করতে এবং ব্যান্ডেল থেকে মাগরা

প্রসারিত জুড়ে যানজট উল্লেখযোগ্যভাবে কমাতে প্রস্তুত। রোড ওভার ব্রিজের মূল বৈশিষ্ট্য দৈর্ঘ্য এবং প্রস্থ নবনির্মিত রোড ওভার ব্রিজটি ৮৯.৯ মিটার দৈর্ঘ্য এবং ১৭.৬০৬ মিটার প্রস্থে বিস্তৃত, যা উন্নত ট্রাফিক প্রবাহ এবং নিরাপত্তার জন্য একটি শক্তিশালী এবং বিস্তৃত সমাধান প্রদান করে। লোড ক্যাপাসিটি ১১৯৫ মেট্রিক টন। একটি অসাধারণ লোড ক্ষমতা সহ, রোড ওভার ব্রিজটি বিভিন্ন ধরনের যানবাহন ট্রাফিকের ব্যবস্থা করার জন্য প্রকৌশলী করা হয়েছে, ভারী শুষ্কযুক্ত যানবাহনের নির্বিঘ্ন চলাচল নিশ্চিত করে। সময়মতো সমাপ্তি পুরো নির্মাণ প্রক্রিয়াটি

১৫০ দিনের মধ্যে সম্পন্ন করা হয়েছিল, সময়মতো প্রকল্প সরবরাহের প্রতি আদায়ের প্রতিশ্রুতি প্রদর্শন করে এবং যাত্রীদের দৈনন্দিন জীবনে বিঘ্ন হ্রাস করা।

প্রকল্পের খরচ এই গুরুত্বপূর্ণ অবকাঠামো উন্নয়নের জন্য মোট বিনিয়োগ দাঁড়ায় . ৬৯.৯১ কোটি টাকা, রোড ওভার ব্রিজ নির্মাণ এবং ১৬৯১ মিটার বিস্তৃত একটি অ্যাপ্রোচ রোডকে অন্তর্ভুক্ত করে। সম্প্রদায়ের প্রভাব ব্যান্ডেল, কল্যাণী এলাকায় এবং এর আশেপাশে বসবাসকারী লোকেরা লেভেল ক্রসিং গেট নং ১২ বাদ দিয়ে প্রচুর সুবিধা ভোগ করবে। নতুন রোড ওভার ব্রিজ নিরাপত্তা

বাড়ায়, যানজট হ্রাস করে এবং এই অঞ্চলের সামগ্রিক উন্নয়নে অবদান রাখে। তদুপরি, ব্যান্ডেল এবং মগরার মধ্যে ভ্রমণকারী যাত্রীরা ভ্রমণের সময় উল্লেখযোগ্যভাবে হ্রাস পাবে এবং একটি মসৃণ যাত্রা অনুভব করবে, যা দৈনন্দিন যাত্রী এবং ব্যবসা উভয়কেই ইতিবাচকভাবে প্রভাবিত করবে।

শ্রী কৌসিক মিত্র মুখ্য জনসংযোগ আধিকারিক বলেন, এই রোড ওভার ব্রিজটির নির্মাণ এই অঞ্চলের পরিকাঠামোতে একটি কৌশলগত বিনিয়োগের প্রতিনিধিত্ব করে, যা অগ্রগতি এবং সমৃদ্ধির জন্য একটি ভাগ করা দৃষ্টি প্রতিফলিত করে

আন্বাসা, বদরপুরজং., গুয়াহাটি, রাঙিয়াজং., নিউজল পাইগুডি, নউগাছিয়া, ভাগলপুর ইত্যাদি হয়ে চলাচল করবে। এই ট্রেনটির এলএইচবি রেকের রূপান্তরের ফলে উত্তর পূর্বাঞ্চল থেকে যে সমস্ত তীর্থযাত্রী পবিত্রদেওঘর শহর দর্শনে যান, তাঁরা যাত্রার সময় আরও বেশি স্বাচ্ছন্দ্য অনুভব করবেন। এছাড়াও, যাত্রীদের সুবিধার্থে ট্রেন নং. ০৫৬২৮০৫৬২৭ (আগরতলা- গুয়াহাটি - আগরতলা) স্পেশাল এলএইচবি কোচেরপান্তর করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। ট্রেন নং.০৫৬২৮ (আগরতলা-গুয়াহাটি) স্পেশাল০৮ফেব্রুয়ারি, ২০২৪থেকে প্রত্যেক বৃহস্পতি ২০.০৫ ঘটায় রওনা দিবে, যা কার্যকর হবে ০৫ফেব্রুয়ারি, ২০২৪ থেকে। যাত্রা পথে ট্রেনটি

## নির্বাচনে ট্রান্স্পের হস্তক্ষেপ মামলার বিচার অনির্দিষ্টকালের জন্য বন্ধ



সময় তিনি প্রেসিডেন্ট পদে আসীন ছিলেন। প্রেসিডেন্ট পদে থাকা অবস্থায় ব্যক্তি এ ধরনের দায় থেকে মুক্তি পাবেন কি নাবর্তমানে তা যাচাই করে দেখছেন দেশটির ফেডারেল আপিলের তিন সদস্যের একটি প্যানেল। আগামী সপ্তাহের শুরুর দিকে এ বিষয়ে রুল আসতে পারে।

তবে ধারণা করা হচ্ছে, আপিল প্রক্রিয়া চলার কারণে ট্রান্স্পের বিরুদ্ধে আনা নির্বাচনে তার দল রিপাবলিকান থেকে আবার প্রার্থী হওয়ার ঘোষণা দিয়ে দৌড়ে এগিয়ে আছেন।তবে ট্রান্স্পের আইনজীবীদের যুক্তি, তাঁদের মক্কেলকে এই ধরনের অপরাধের অভিযোগের মুখোমুখি করা উচিত হবে না। কারণ, ঘটনার

কোটে ৬-৩ ব্যবধানে সংখ্যাগরিষ্ঠ রিপাবলিকানরা। বিশেষজ্ঞ ব্যক্তিরা বলছেন, এ ধরনের ঘটনা থেকে ট্রান্স্প দায়মুক্তি পেলে, তা ভবিষ্যতে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট পদে থাকা ব্যক্তির ওপর গভীর নেতিবাচক প্রভাব ফেলতে পারে।

নির্বাচনে হস্তক্ষেপের অভিযোগ বরাবরই অস্বীকার করে আসছেন ট্রান্স্প। তাঁর দাবি, তিনি অনায়্য কিছু করেননি।

তিনি বিচার বিভাগ ও বাইডেন প্রশাসনের বিরুদ্ধে রাজনৈতিক নিপীড়নের অভিযোগ করে আসছেন। এই চারটির বাইরে ট্রান্স্প আরও তিনটি ফৌজদারি মামলার

বিচারের মুখোমুখি হয়েছেন। এর একটি হলো ‘২০এর নির্বাচনে জর্জিয়া অঙ্গরাজ্যের নির্বাচনের ফলাফল পাল্টে দেওয়ারসংক্রান্ত। দ্বিতীয় অভিযোগ হলো, ট্রান্স্প প্রেসিডেন্ট পদ ছাড়ার সময় দাপ্তরিক কিছু গোপনীয় নথি সঙ্গে করে বাসায় নিয়ে গেছেন। তৃতীয় অভিযোগ, তিনি পর্নো তারকা স্টর্মি ড্যানিয়েলের মুখ বন্ধ রাখতে ২০১৬ সালের নির্বাচনের সময় ঘুষ দিয়েছিলেন।

এই মামলার বিচারকাজ আগামী ২৫ মার্চ নিউইয়র্কে শুরু হবে বলে দিন ঠিক করা আছে। নির্বাচনে হস্তক্ষেপ মামলার বন্ধ হয়ে যাওয়ায় সে ক্ষেত্রে স্টর্মির মামলাই হবে ট্রান্স্পের ক্ষেত্রে প্রথম ফৌজদারি বিচারকাজ।

## কেন্দ্রীয় বাজেটকে জনবিরোধী আখ্যা দিয়ে বাজেটের কপি পোড়ালেন সিপিএম নেতারা



সহ নারীর স্বার্থে নয়। কৃষক ও কৃষি বিরোধী এই বাজেট। রোগশ্রমিকদের বিরুদ্ধে এই বাজেট। এই বাজেট ভিত্তিহীন দাবি করে পুনরায় ক্ষমতায় থাকার জন্য দেশের সরকার এই বাজেট পেশ করেছে বলে উল্লেখ করেন সিপিআইএম উদয়পুর বিভাগীয় কমিটির নেতারা। বক্তারা বলেন, এই বাজেট সরকারের শ্রমিক বিরোধী, কৃষক ও কৃষি বিরোধী এবং জনবিরোধী। প্রতিবাদ সভায় উপস্থিত সিপিএম দলীয় কর্মী থেকে শুরু করে নেতারা বাজেটের কপি আগুনে পুড়িয়েছেন। এই বাজেট মানুষের কল্যাণের জন্য পেশ হয়নি বলে অভিযোগ করেন নেতারা।

## করিমগঞ্জ পুলিশের হাতে ধৃত ড্রাগস মافیয়া, বাজেয়াপ্ত লরি সহ বিপুল পরিমাণের হেরোইন

করিমগঞ্জ (অসম), ৩ ফেব্রুয়ারিঃ ফের করিমগঞ্জে বিপুল পরিমাণের ড্রাগস সমেত ধরা পড়েছে মিজোরামের এক ড্রাগস মافیয়া। ধৃত মাকিয়াকে চান্সপাই জেলার এলেক্সাসম গ্রামের ব্রিস্টোফার জশুয়ানা বলে পরিচয় উদ্ধার করেছে করিমগঞ্জ সদর থানার পুলিশ। ধৃতের বিরুদ্ধে শনিবার করিমগঞ্জ সদর থানায় নারকোটিক ড্রাগস অ্যান্ড সাইকেট্রপিক সাবস্ট্যান্সেস অ্যাক্ট, ১৯৮৫ (এনডিপিএস) আইনের অধীনে মামলা নথিভুক্ত করে গ্রেফতার করা হয়েছে। সদর পুলিশ সূত্রে জানা গেছে, গোপন তথ্যের ভিত্তিতে দলবল নিয়ে মাদক বিরোধী অভিযানে নামেন করিমগঞ্জের পুলিশ সুপার পার্শ্বপ্রতিম দাস নিজো। জাতীয় সড়কে নাকা চেকিং বসানো হয়। এর পর দুপুরের দিকে সাফল্য লাভ করেন পুলিশ সুপার। এমজেড ০৪ এ ৪৮২৭ নম্বরের পিকআপ ভানে পুলিশের তল্লাশিতে উদ্ধার হয় ৫৫টি সাবানের বাক্সে ৭০০ গ্রাম হেরোইন। পিকআপ ভ্যান সহ ধৃতের মোবাইল হ্যান্ডসেট বাজেয়াপ্ত করে পুলিশের তদন্ত শুরু হয়েছে বলে জানা গেছে। পুলিশের জনৈক আধিকারিক জানান, হেরোইন চালান মিজোরাম থেকে আসার খবর পেয়ে তাঁরা পুলিশ সুপারের নির্দেশে সঙ্গে সঙ্গে অভিযানে নামেন। তিনি বলেন, সেই চালককে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। এতে অনেক তথ্য লাভ করেছে পুলিশ। সেই তথ্যের ভিত্তিতে পুলিশের তদন্ত শুরু হয়েছে।

**নগাঁওয়ে পৃথক পৃথক সড়ক দুর্ঘটনায় হত দুই**
নগাঁও (অসম), ৩ ফেব্রুয়ারিঃ নগাঁও জেলার পৃথক দুই স্থানে সংঘটিত সড়ক দুর্ঘটনায় মৃত্যু হয়েছে দুজনের। জানা গেছে, আজ শনিবার লাহরিঘাটের রজাগাধোয়া এলাকায় সংঘটিত সড়ক দুর্ঘটনায় ঘটনাস্থলেই মৃত্যু হয়েছে জনৈক বাইক আরোহী। টাটা মোবাইল এবং বাইকের মুখোমুখি সংঘর্ষে এই দুর্ঘটনা সংঘটিত হয়েছে। দুর্ঘটনায় ঘটনাস্থলে নিহত বাইক আরোহীকে জনৈক সাহিদুল ইসলাম বলে শনাক্ত করা হয়েছে। সাহিদুল ইসলাম রজাগাধোয়া থেকে লাহরিঘাটের দিকে যাওয়ার সময় বিপরীত দিক থেকে আগত টাটা মোবাইলের সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয়। বাইক আরোহীকে রাস্তা থেকে তুলে লাহরিঘাট মহাশ্মা গান্ধী আদর্শ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। কিন্তু কর্তব্যরত চিকিৎস তাঁকে মৃত বলে ঘোষণা করেন। এদিকে কঠিয়াতলিতে পুলিশ টোকার সামনে বন্ধন ব্যাংকের কাছে চারলেনের ৩৭ নম্বর জাতীয় সড়কে ভয়ংকর আরেক সড়ক দুর্ঘটনায় জনৈক গাড়ি চালকের মৃত্যু হয়েছে।

**Name Change**  
I, Md Abul Kalam (old name) S/O Ebadat Ali, Residing at Vill- Basudebpur, P.O.- Chorashi, P.S.- Deganga, Dist-North 24 Pgs, Pin- 743424, West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) Abul Kalam ( new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 02/02/2024. Abul Kalam (new name) and Md Abul Kalam (old name) both are same identical person.

**Name Change**  
I,EUNUS MONDAL AND YUNIS MONDAL AND YUNUS MONDAL.SON OF SAIYAD ALI MONDAL RESIDING AT S AILEPARA,P.O-GOPALNAGAR, NORTH24PARGANAS - 743262,WEST BENGAL.SHALL HENCEFORTH BE KNOWN AS UNISH ALI MONDAL VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 01/02/2024.THAT EUNUS MONDAL AND YUNIS MONDAL AND YUNUS MONDAL ALSO UNISH ALI MONDAL ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

**Name Change**  
I SOAIB MOHAMMAD, S/O AMIN MOHAMMAD, R/O 23/8H/5, KHAGEN-DRA CHATTERJEE ROAD, COSSIPORE, KOLKATA -700002, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS SHOAB MOHAMMAD, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 02/02/2024, THAT SOAIB MOHAMMAD AND SHOAB MOHAMMAD ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

**Name Change**  
I, MOHAMMMAD SHOUKAT ALI,SON OF LATE GOLAM HANIB, RESIDING AT 15 PILKHANA 2ND BYE LANE,PS-GO-LABARI,HOWRAH-711101,WEST BENGAL,SHALL HENCEFORTH BE KNOWN AS MD. SHAUKAT ALI SIDDIQUE,VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 01/02/2024.THAT MOHAMMAD SHOUKAT ALI AND MD. SHAUKAT ALI SIDDIQUE ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

**Name Change**  
I, SUVASH BISWAS & SUBASH BISWAS AND SUBHAS BISWAS, S/O LATE SATYENDRA NATH BISWAS, R/O VILL - RAJBIPUR BIRA, PS -ASHOKENAGAR, DIST NORTH 24 PARGANAS, PIN-743234, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS SUBHASH BISWAS, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 03/02/2024, THAT SUVASH BISWAS & SUBASH BISWAS AND SUBHAS BISWAS ALSO SUBHASH BISWAS ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

**Name Change**  
I, BOKUL Rani DeuryW/O Manojkr-ishnaDeury R/o Vill.- Chikanpara, P.O.- Thakurnagar, P.S.- Gaighata, Dist.- 24 Pgs (N), Pin-743287 shall henceforth be known asBakul Deury. I declare that Bakul Deury and Bokul Rani Deury is same and one identical person by virtue of affidavit sworn before the Ld. 1st Class Executive Magistrate at Bongaon, Dist.- 24 Pgs (N) on 29-01-2024.

**Name Change**  
I,PRADIP AGARWAL ALIAS PRADEEP AGARWAL,SON OF DWARKA DAS AGARWAL, RESIDING AT 783 ANANDAPUR,MADURDAH,URBANA,TO WER- 3,FLAT-2002, PO-E.K.T,PS-ANANDAPUR,KOLKATA-700107,WEST BENGAL,SHALL HENCEFORTH BE KNOWN AS PRADIP KUMAR AGARWAL VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 02/02/2024.THAT PRADIP AGARWAL ALIAS PRADEEP AGARWAL AND PRADIP KUMAR AGARWAL ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

**Name Change**  
I, Anurupa Kanjilal (old name) W/O Shu-vanuy Kanjilal, Residing at A/1, Bharat Apt, Nishikanan, P.S.- Eco Park, Bid-hannagar, Dist-North 24 Pgs, Pin-700157, West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) Anurupa Acharya ( new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 02/02/2024. Anurupa Acharya (new name) and Anu-rupa Kanjilal (old name) both are same identical person.

**Name Change**  
I SMT NISHAT SIDDIQUE, W/O NAZIR HASSAN SIDDIQUE, R/O 52A, TAL-TALA LANE, PARK STREET, KOLKATA -700016, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS NISHAT JABEEN, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 01/02/2024, THAT NISHAT JABEEN AND SMT NUSRAT SIDDIQUE ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

**Name Change**  
I MD WAQASS ALI,SON OF MAN-ZOOR ALI, RESIDING AT 11A RAJA RAJ KISHAN STREET, PO - BEADON STREET, P.S BURTLA, KOLKATA -700006,WEST BENGAL,SHALL HENCEFORTH BE KNOWN AS WAQASS ALI VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 02/02/2024.THAT MD WAQASS ALI AND WAQASS ALI ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

**Name Change**  
I C K KAZARIA, S/O O M KAZARIA, R/O 157, CHITTARANJAN AVENUE , BARABAZAR, KOLKATA -700007, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS CHANDRA KUMAR KAJARIA, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 03/02/2024, THAT CHANDRA KUMAR KAJARIA AND C K KAZARIA ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

**Name Change**  
I RANITA MAITY, W/O SUJIT RAY, R/O WARD NO 0009, BIJOY CHARDRA DAS ROAD, PO & PS BASIRHAT, NORTH 24 PARGANAS, PIN-743411, WEST BENGAL,SHALL HENCEFORTH BE KNOWN AS RANITA MAITY RAY, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 02/02/2024, THAT RANITA MAITY RAY AND RANITA MAITY ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

**Name Change**  
I ANAND KUMAR, S/O TIRTHESWAR PRASAD, R/O 51/13, BROJEN MUKHERJEE ROAD, LAXMI NIWAS, PO BEHALA, PS BEHALA, KOLKATA -700034, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS ANAND KUMAR GUPTA, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 02/02/2024, THAT ANAND KUMAR AND ANAND KUMAR GUPTA ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON

# চাকরির বিনিময়ে পিএইচইর জন্য জমি দিয়ে প্রতারিত হওয়ার অভিযোগ সাধারণ যুবকের, টায়ার জ্বালিয়ে বিক্ষোভ গোটা গ্রামবাসীর

দুরন্ত বার্তা, মালদা, ৩ ফেব্রুয়ারি : চাকরির বিনিময়ে পিএইচইর জন্য জমি দিয়ে প্রতারিত হওয়ার অভিযোগ সাধারণ যুবকের। এলাকার দীর্ঘদিন ধরে জলসংকট। ব্লক দপ্তরের ভ্রাম্যমান গাড়ি করে জল সরবরাহ করা হয় এলাকায়। পিএইচই বসলে জল সংকট মিটেবে আশা করেছিল এলাকাবাসী। পিএইচই’র জন্য জনস্বাস্থ্য কারিগরি দপ্তরকে জমি দান করেছিল এলাকার এক সাধারণ যুবক। দপ্তর থেকে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল এর বিনিময়ে তুরে পরিবারে দুটো চাকরি দেওয়া হবে। সেই জমি রেজিস্ট্রি হয়ে যায়। মাটির পরীক্ষা করার পর পাশ্প বসার জন্য মেশিন ও চলে আসে। কিন্তু পরবর্তীতে আর কাজ হয়নি। পার্শ্ববর্তী একটি এলাকায় এক তৃণমূল কমীর জমিতে বসছে সেই পিএইচই। এক দিকে চাকরির আশায় জমি দিয়ে প্রতারণার অভিযোগে ওই সাধারণ যুবকের। ৪ কোটি ৬৬ লক্ষ টাকার বিনিময়ে টেন্ডার হয়েও কাজ হয়নি। বারবার স্থানীয় তৃণমূল বিধায়ক এবং দপ্তরে গিয়েও ঘুরে এসেছেন। অন্যদিকে তিমিরে এলাকার জলসংকট। ওই যুবকের সমর্থনেই টায়ার জ্বালিয়ে বিক্ষোভ এলাকাবাসীরা। অভিযোগ তিনি তৃণমূল নেতাদের কাটমানি দিতে পারেন নি বলে তার জমি থেকে পিএইচই সরে গেছে। এদিকে এই ঘটনা সামনে আসতেই শুরু হয়েছে রাজনৈতিক তরঙ্গ। দূর্নীতি নিয়ে খোঁচা দিয়ে তৃণমূলকে কটাক্ষ বিজেপির। পাঁচটা সাফাই বিধায়কের। মালদা জেলার হরিশ্চন্দ্রপুর ১ নম্বর ব্লকের অরণ্যত আঙ্গারমনি গ্রামের বাসিন্দা পাশ্পু দাস। ওই এলাকায় আঙ্গারমনি, বড়োল, কাহাটা সহ বিভিন্ন গ্রামে মারাত্মক পানীয় জলের সংকট। এর আগে পানীয় জলের দাবিতে বিক্ষোভও হয়েছে এলাকাগুলিতে। সেই সময় বিধায়ক নীহাররঞ্জন ঘোষ প্রতিশ্রুতি দিয়েছিলেন এলাকায় পিএইচই বসবে। পিএইচইর জন্য বিভিন্ন এলাকায় জমি অধিগ্রহণ শুরু হয়। এই এলাকায় জমি দেওয়ার জন্য এগিয়ে আসেন পাশ্পু দাস। জনস্বাস্থ্য কারিগরি দপ্তর থেকে প্রতিশ্রুতি দেওয়া হয় এই জমির বিনিময়ে তাকে দুটো চাকরি দেওয়া হবে পিএইচই- তে। পাশ্পুর প্রায় ছাব্বিশ শতক জমি পিএইচইর জন্য রেজিস্ট্রি করে দেন জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের নেতা। তারপর দপ্তরের পক্ষ থেকে মাটি পরীক্ষা করা হয়। পাশ্প বসার জন্য মেশিন চলে আসে। ৪ কোটি ৬৬ লক্ষ টাকার বিনিময়ে কাজের টেন্ডার হয়ে যায়। কিন্তু পরে আর কাজ শুরু হয়নি। মেশিন নিয়ে চলে যাওয়া হয় অন্যত্র। পাশ্প খোঁজ নিয়ে জানতে পারেন পার্শ্ববর্তী এলাকায় রবানী নামে তৃণমূল কমীর জমিতে এই পিএইচই হচ্ছে। এই খবর শুনে হতাশ হয়ে পড়ে এলাকার লোকেরাও। পাশ্প এরপর বিধায়ক এবং দপ্তরের অধিকারিকদের কাছে যান। কিন্তু কেন বসলো না সেই নির্দিষ্ট কারণ না বলে তার সঙ্গে দূর্ব্যবহার করা হয় বলে অভিযোগ। পাশ্প এবং এলাকাবাসীর আশঙ্কা এর নেপথ্যে রয়েছে কাটমানি। হয়তো বিধায়কের লোকেরা কাটমানির ভিত্তিতে পিএইচইর কাজ অন্যত্র করছেন।



জমিদারের পরিবর্তে এখানে জল প্রকল্প হবে সেখানে দুটো আমদের চাকরি দেওয়া হবে। এমনটাই বলা হয়েছিল। তার জন্য বন্ধুপাতি এনে কাজ শুরু করেছিল দপ্তর কিন্তু হঠাৎ করে সমস্ত কিছু উঠিয়ে নিয়ে চলে যায় এবং জানায় এখানে আর জল প্রকল্প হবে না। কেন হবে না এই বিষয়ে তারা কোন আশ্বাস উত্তর দিতে পারেনি। পাশ্পু দাসের দিদি খুমা দাস জানান এখানে জল প্রকল্প হলে বেশ কয়েকটি গ্রামের মানুষ প্রচুর সুবিধা ভোগ করতো। দীর্ঘদিন ধরেই এখানে জলের সমস্যা আছে। আমার ভাই তাই জমি দান করেছিল। প্রশাসনের কর্তারাও জানিয়েছিলেন যে এখানেই জল প্রকল্প হবে কিন্তু হঠাৎ করে এই প্রকল্প এখান থেকে সরিয়ে নেওয়া হয়েছে। আমরা চাই অবিলম্বে জল প্রকল্প তৈরি হোক। এলাকার বিধায়ক নিহার রঞ্জন ঘোষ জানান, জনস্বাস্থ্য কারিগরি দপ্তর প্রথমে এই জমি নিয়েছিল কিন্তু পরে তারা সার্ভে করে দেখে যে এখান থেকে জল প্রকল্প করে হলে বিভিন্ন গ্রামে পাইপ লাইনের সংযোগের সমস্যা হবে তাই তারা এই প্রকল্প সরিয়ে নিয়েছে। এই প্রসঙ্গে বিজেপির রজা সাংগঠনিক কমিটির সদস্য রুপেশ আনরওয়াল জানান, এর পিছনে কাটমানির গন্ধ রয়েছে। শাসকদের নেতারা পাশ্পু দাসের কাছ থেকে এই প্রকল্প করার জন্য টাকা চেয়ে ছিল। কিন্তু উনি দিতে পারেননি বলেই উনার জমি থেকে এই প্রকল্প সরিয়ে নেওয়া হয়েছে এটাই তো আজকের রাজ্যের শাসকের চরিত্র।

## বনভূমি থেকে দেদার মোরাম চুরি-পাচার ঝাড়গ্রামে

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ৩ ফেব্রুয়ারি : মাধ্যমিক পরীক্ষাকে কাজে লাগিয়ে কয়েকস্ট ল্যান্ড থেকে দেদার মোরাম চুরি। গ্রামবাসীদের তৎপরতায় যদিও শেষ পর্যন্ত আর মোরাম পাচার করতে পারল না টিকাদার সংস্থা।

ঘটনাটি ঘটেছে ঝাড়গ্রাম জেলার শলবাণি এলাকায় কংসাবতী ক্যানলে বরাবর পার্শ্ববর্তী এলাকায়। গত কয়েক মাস ধরে ক্যানলে সংস্কার করাছিল এক টিকাদার সংস্থা। কাজ শেষ হওয়ার পর উদ্ভূত মোরাম অন্য জায়গায় কাজ লাগানোর অনুমতি নেয় তারা। আর সেই অনুমতির ফাঁকে বনভূমি এলাকা থেকে মোরাম তুলে পাচার শুরু করে। এদিকে মাধ্যমিক পরীক্ষা চলছে বলে বনদফতর, সাধারণ প্রশাসনের নজর সেই দিকে থাকবে। সেই সুযোগে ফরেস্টের তত্ত্বের মোরামও পাচার শুরু করে টিকাদার সংস্থা। অভিযোগে গ্রামবাসীদের। তাদের দাবি উদ্ভূত মোরাম তেে তুলছেই, পাশাপাশি ওই টিকাদার সংস্থা বহু পুনরো ফরেস্টের মোরামও তুলে নিচ্ছে। গ্রামবাসীরা এই বিষয়ে প্রথমে বনদফতরকে জানানো তারা বিষয়টি বেনিয়ম বলেই দাবি করেন। গ্রামবাসীদের লিখিত অভিযোগ দিতে বলেন। অপরদিকে ভূমি রাজস্ব থেকে মোরাম তোলার বিষয়টি স্বীকার করে নিয়ে বলে যে, আমরা ক্যানেলের পাশ থেকে নিতে বলেছিলাম। কিন্তু ওনারা থোখান থেকে তুলছেন, সেটা বেআইনি। আমরা এই বিষয় টিকাদার সংস্থার বিরুদ্ধে উপযুক্ত আইনে ব্যবস্থা নেব। রোজই এই ভাবে জঙ্গলের গাছ এবং বনজসম্পদ, পাথর, মোরাম লুঠ হয়ে যাচ্ছে। ধ্বংস হচ্ছে প্রকৃতি। এর পিছনে প্রশাসনের একাংশ দায়ি বলে দাবি গ্রামবাসীরাে। তবে শালবনিতে গ্রামবাসীরা রুখে দাঁড়ানোে আপাতত বন্ধ হয়েছে মোরাম চুরি।

## আন্ডারপাশ নির্মানের কাজ অবিলম্বে শুরুর দাবিতে জাতীয় সড়ক কর্তৃপক্ষের নিকট স্মারকলিপি

দুরন্ত বার্তা, পূর্ব মেদিনীপুর , ৩ ফেব্রুয়ারি : ছয় নম্বর জাতীয় সড়কের (মুন্সাই রোড) পূর্ব মেদিনীপুর জেলার দেউলিয়া বাজার সংলগ্ন স্থানে বন্ধ থাকা আন্ডারপাস নির্মানের কাজ দ্রুত শেষ করে তা চালুর দাবিতে পূর্ব মেদিনীপুর জেলা ফুলাচাষী ও ফুলব্যবসায়ী সমিতির পক্ষ থেকে কলকাতায় ভারতের জাতীয় সড়ক কর্তৃপক্ষ (এন.এইচ.এ.আই.) র প্রোজেক্ট ইমপ্রুমেণ্টেশন ইউনিটের প্রোজেক্ট ডিরেক্টরের নিকট স্মারকলিপি পেশ করা হয়। স্মারকলিপিতে সম্পাদক নারায়ণ চন্দ্র নায়ক অভিযোগ করেন, গত কয়েক বছর আগে সড়ক কর্তৃপক্ষ জমি অধিগ্রহণ করে এলাকার ফুলাচাষী- ফুলব্যবসায়ী সহ সর্বস্তরের জনসাধারণের দীর্ঘদিনের দাবীকে মান্যতা দিয়ে বাজার সংলগ্ন স্থানে আন্ডারপাস নির্মাণের কাজ শুরু করে। সেইমতো মূল ছ লেনের রাস্তার দু’পাশে বাইপাস রাস্তাও তৈরি হয়। কিন্তু কোন এক অজ্ঞাত কারণে প্রায় বছর দুই হোল- আন্ডারপাশ নির্মাণ কার্য বন্ধ রয়েছে। ফলস্বরূপ প্রায়শই ওই স্থানে দুর্ঘটনা লেগে রয়েছে। অতি সস্তর নির্মাণ কাজ শুরু করা না হলে ফুলাচাষী- ফুলব্যবসায়ী, ছাত্র-ছাত্রী সহ সর্বস্তরের তুচ্ছভোগী জনসাধারণকে নিয়ে বৃহত্তর আন্দোলনে নামতে বাধ্য হবে বলে নারায়ণবাবু হুঁশিয়ারী দেন। প্রসঙ্গত উল্লেখ্য, দেউলিয়া হিয়ারাম উচ্চ বিদ্যালয়, দেউলিয়া বালিকা বিদ্যালয়দ্বিরের কয়েক কাজের ছাত্র-ছাত্রী প্রভাব ওই স্থান দিয়ে পারাপারের মাধ্যমে স্কুলে যাওয়াত থাকে। শুধু তাই নয়, রাজ্যের দ্বিতীয় বৃহত্তম দেউলিয়া ফুলাবাজারে দুই মেদিনীপুর ও হাওড়া জেলার কয়েক হাজার ফুলাচাষী ও ফুলব্যবসায়ী ফুল কেনা - চোচার কারণে প্রতিদিন আসে। ভারতবাসে ফুলাবাজার বসার কারনে নিত্য দিন দুর্ঘটনা লেগে থাকে জাতীয় সড়ককে ওই স্থানে।

## সিকিম জুড়ে তুষারপাত, সর্বেচ্ছ তাপমাত্রা হিমাক্ষের নিচে

সজল দাশগুপ্ত, সিকিম, ৩ ফেব্রুয়ারি : ফেব্রুয়ারি মাস পড়ে গেলেও শীতের দাপট অব্যাহত। সমতলে কিছুটা তাপমাত্রা বাড়লেও পাহাড়ে ঠান্ডার দাপট বজায় রয়েছে। সিকিমের নাথুলাস সর্বেচ্ছ সর্বনিম্ন তাপমাত্রা মাহিনাশে ঘোরাধুরি করছে। একই অবস্থা লাতুনো, কনকনে ঠান্ডায় কাঁপছে। সিকিমের বেশ কিছু জায়গায় সর্বেচ্ছ তাপমাত্রা ০ ডিগ্রি ফারেনহাইটের নিচে নেমে গেছে। তা বৃহস্পতিবার থেকে সিকিম জুড়ে বৃষ্টিপাত ও উঁচু জায়গায় তুষারপাতার ঘটনা ঘটেছে। অনেক জায়গায় রাস্তা ঘরবাড়ি বরফের সাদা চাদরে ঢেকে গিয়েছে। লাতুন , ছাদু সহ একাধিক জায়গায় ভারী তুষারপাতের ঘটনা ঘটেছে সেই কারণে নাথুলায় পারমিট দেওয়া বন্ধ রয়েছে। কনকনে ঠান্ডায় কাঁপছে সিকিম যে কারণে একাধিক জনপদগুলি প্রায় জন মানব শূন্য। খুব একটা প্রয়োজন না হলে বাড়ির বাইরে বের হচ্ছে না সাধারণ মানুষ।

এর প্রতিবাদেই এদিন টায়ার জ্বালিয়ে বিক্ষোভ দেখায় পাশ্পু দাস তার পরিবার এবং এলাকার গোটা গ্রামবাসী। সাথে পাশ্পু দাস জেলা শাসকের দ্বারস্থ হয়েছেন ন্যায় বিচারের জন্য। পাশ্পু সহ এলাকার মানুষের দাবি এই পিএইচই যাতে তাদের জমিতে বসে। এদিকে দূর্নীতি প্রসঙ্গকে সামনে এনে এই ঘটনার তৃণমূলকে তীব্র আক্রমণ বিজেপির। যদিও বিধায়ক নিহার রঞ্জন ঘোষের দাবি এলাকায় সঠিক ভাবে জল সরবরাহ করার জন্য ওই জমিতে পিএইচই বসানো যাবে না। সে ক্ষেত্রে জলসংকট থেকেই যাবে। তাই দপ্তরের লোকেরা অন্যত্র কাজ করছে। পাশ্পু তার জমি নিয়ম অনুযায়ী ফেরত পেয়ে যাবে। অন্যদিকে হরিশ্চন্দ্রপুর ১ নম্বর ব্লকের বিভিন্ন সৌমনে মন্তুল জানান আমাদের কাছে অভিযোগ আসার পর সেই অভিযোগ নির্দিষ্ট দপ্তরকে আমরা পাঠিয়েছি। স্থানীয় বাসিন্দা সুলতান আলী জানান, সম্পূর্ণ কাটমানির বিনিময়ে ওই জমি অন্য জায়গায় হস্তান্তর করা হয়েছে। আমরা শুনে ছিলাম এখানেই জল প্রকল্পটি হবে। তার জন্য সমস্ত রকম কাজ শুরু হয়েছিল। কিন্তু হঠাৎ করে ষড়যন্ত্র করে এখান থেকে মালপত্র উঠিয়ে নিয়ে চলে যায় জনস্বাস্থ্য কারিগরি দপ্তর। তারপরে জানতে পারি এখানে আর সেই প্রকল্প হবে না। আমরা চাই এখানে এই প্রকল্প হোক না হলে আমরা আরো বৃহত্তর আন্দোলনে নামবো। জমি দাতা পাশ্পু দাস জানান আমি এখানে জল প্রকল্প হওয়ার জন্য জমি দান করে ছিলাম সরকারকে। এই

জমিদারের পরিবর্তে এখানে জল প্রকল্প হবে সেখানে দুটো আমদের চাকরি দেওয়া হবে। এমনটাই বলা হয়েছিল। তার জন্য বন্ধুপাতি এনে কাজ শুরু করেছিল দপ্তর কিন্তু হঠাৎ করে সমস্ত কিছু উঠিয়ে নিয়ে চলে যায় এবং জানায় এখানে আর জল প্রকল্প হবে না। কেন হবে না এই বিষয়ে তারা কোন আশ্বাস উত্তর দিতে পারেনি। পাশ্পু দাসের দিদি খুমা দাস জানান এখানে জল প্রকল্প হলে বেশ কয়েকটি গ্রামের মানুষ প্রচুর সুবিধা ভোগ করতো। দীর্ঘদিন ধরেই এখানে জলের সমস্যা আছে। আমার ভাই তাই জমি দান করেছিল। প্রশাসনের কর্তারাও জানিয়েছিলেন যে এখানেই জল প্রকল্প হবে কিন্তু হঠাৎ করে এই প্রকল্প এখান থেকে সরিয়ে নেওয়া হয়েছে। আমরা চাই অবিলম্বে জল প্রকল্প তৈরি হোক। এলাকার বিধায়ক নিহার রঞ্জন ঘোষ জানান, জনস্বাস্থ্য কারিগরি দপ্তর প্রথমে এই জমি নিয়েছিল কিন্তু পরে তারা সার্ভে করে দেখে যে এখান থেকে জল প্রকল্প করে হলে বিভিন্ন গ্রামে পাইপ লাইনের সংযোগের সমস্যা হবে তাই তারা এই প্রকল্প সরিয়ে নিয়েছে। এই প্রসঙ্গে বিজেপির রজা সাংগঠনিক কমিটির সদস্য রুপেশ আনরওয়াল জানান, এর পিছনে কাটমানির গন্ধ রয়েছে। শাসকদের নেতারা পাশ্পু দাসের কাছ থেকে এই প্রকল্প করার জন্য টাকা চেয়ে ছিল। কিন্তু উনি দিতে পারেননি বলেই উনার জমি থেকে এই প্রকল্প সরিয়ে নেওয়া হয়েছে এটাই তো আজকের রাজ্যের শাসকের চরিত্র।

# আরবি বিষয়ে এমএ পড়ানো আরম্ভ হলো কালিয়াচক কলেজে

দুরন্ত বার্তা, মালদা, ৩ ফেব্রুয়ারি : এবার থেকে আরবি বিষয়ে এমএ পড়ানো হবে কালিয়াচক কলেজে। শনিবার আরবির এম এ কোর্স এর শুভ উদ্বোধন হলো মালদা জেলার কালিয়াচক কলেজে । এতদিন মালদার গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয় আরবি বিষয়ে রেগুলার কোর্সে এম এ করার ব্যবস্থা থাকলেও সিট লিমিটেড থাকার কারণে বহু ছাত্র-ছাত্রী পড়ার সুযোগ থেকে দীর্ঘদিন ধরে বঞ্চিত হয়ে আসছেন। এর ফলে মালদা জেলার ছাত্র-ছাত্রীদের দীর্ঘদিনের দাবি পূরণ হল। এদিন কলেজের কনফারেন্স রুমে এম এ ক্লাসের ছাত্রছাত্রীর উ পস্থিতিতে এই কোর্সের শুভরাস্তা হয়। এই উপলক্ষ্যে একটি ছোট অনুষ্ঠান হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ ডক্টর নাজিবুর রহমান। বক্তব্য রাখেন কলেজের আরবি বিভাগের বিভাগীয় প্রধান ডঃ মুজতবা জামাল। অনুষ্ঠান পরিচালনায় সহযোগিতা করেন আরবি বিভাগের শিক্ষক মুন্সিফ আলী রিজভী। সভাপতির ভাষণে অধ্যক্ষ নাজিবুর রহমান গুরুত্বের সঙ্গে উল্লেখ করেন যে উত্তরবঙ্গের উচ্চশিক্ষার ক্ষেত্রে আরবি, উর্দু , ইসলামিক স্টাডিজ এ এমএ পড়ার দ্বার নতুন করে উন্মোচিত হলো

কালিয়াচক কলেজে। মালদার গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয় আরবি বিষয়ে রেগুলার কোর্সে এম এ করার ব্যবস্থা থাকলেও সিট লিমিটেড থাকার কারণে বহু ছাত্র-ছাত্রী পড়ার সুযোগ থেকে দীর্ঘদিন ধরে বঞ্চিত হয়ে আসছেন। এর ফলে মালদা জেলার ছাত্র-ছাত্রীদের দীর্ঘদিনের দাবি পূরণ হল। এদিন কলেজের কনফারেন্স রুমে এম এ ক্লাসের ছাত্রছাত্রীর উ পস্থিতিতে এই কোর্সের শুভরাস্তা হয়। এই উপলক্ষ্যে একটি ছোট অনুষ্ঠান হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ ডক্টর নাজিবুর রহমান। বক্তব্য রাখেন কলেজের আরবি বিভাগের বিভাগীয় প্রধান ডঃ মুজতবা জামাল। অনুষ্ঠান পরিচালনায় সহযোগিতা করেন আরবি বিভাগের শিক্ষক মুন্সিফ আলী রিজভী। সভাপতির ভাষণে অধ্যক্ষ নাজিবুর রহমান গুরুত্বের সঙ্গে উল্লেখ করেন যে উত্তরবঙ্গের উচ্চশিক্ষার ক্ষেত্রে আরবি, উর্দু , ইসলামিক স্টাডিজ এ এমএ পড়ার দ্বার নতুন করে উন্মোচিত হলো



কলকাতা, ৩ ফেব্রুয়ারি : আজ পূর্ব রেলের জনসংযোগ দপ্তরের পক্ষ থেকে ঢাকুরিয়া সংলগ্ন লেভেল ক্রসিং গেটে জনসচেতনতামূলক প্রচার চালানো হলো। মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্রের নেতৃত্বে এই প্রচার চললো। এই প্রচারে বাসিগঞ্জ স্টেশনের স্টেশন ম্যানেজার, আরপিএফ এবং ভারত সের্বশ্রম সংস্থের সমস্ত সদস্যরা উপস্থিত ছিলেন, যারা এই জনসচেতনতামূলক প্রচারে আমাদের ব্যাপকভাবে সাহায্য করেছেন। এই প্রচারের মাধ্যমে স্টেশন ম্যানেজার, লেভেল ক্রসিং গেট বন্ধ থাকাকালীন সাধারণ মানুষ যাতে জীবনের ঝুঁকি নিয়ে লাইন পারাপার না করেন। এই লেভেল ক্রসিং গেট সংলগ্ন এলাকায় মহিফিং এর মাধ্যমে সাধারণ মানুষকে জনসচেতনতামূলক বিবৃতির

### শ্রমিকের ওপর চিতার হামলা, ঘুম পাড়ানি গুলিতে আবু

দুরন্ত বার্তা, ঢালাসা, ৩ ফেব্রুয়ারি : জলপাইগুড়ির মেটেল ব্লকের বিধাননগর গ্রাম পঞ্চায়েতের মাধারকুলকা ক্রিকুধুরা এলাকায় চা বাগানে জলসেচের কাজ করতে গিয়ে চিতা বাঘের হানায় জখম হলেন এক শ্রমিক। শনিবার সকালে ঘটনাটি ঘটেছে। এই ঘটনায় আতঙ্ক ছড়ায় এলাকায়। চিতাবাঘটিকে ধরতে ইতিমধ্যেই ঘটনাস্থলে পৌঁছে তৎপরতা শুরু করেছে বনদফতর। জানা গিয়েছে, আহত শ্রমিকের নাম সিন্ধু সিদ্ধা। এদিন সকালে তিনি ছোট ওই চা বাগানে জলসেচের জন্য পাইপ বসানোর কাজ করছিলেন। সেই সময় আচমকাই একটি বড় চিতাটি চা বাগানের ঘোপ থেকে ঝাঁপিয়ে পড়ে তার ওপর। চিতাবাঘের হামলায় তিনি গুরুতর জখম হন। চিতাবাঘটিতে জখম করেই ফের চা বাগানেই আশ্রয় নেয়। এরপরই জখম শ্রমিককে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করে প্রথমে নিয়ে যাওয়া হয় কলবাড়ি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে। পরে অবস্থার অবনতি হলে পাতানো হয় মাল সুপার স্পেশালিটি হাসপাতালে। বর্তমানে সেখানেই তাঁর চিকিৎসা চলছে। ঘটনাস্থলে ভিড জমান বহু মানুষ। এদিন ঘটনাস্থলে এসে বনকমীরা চিতাবাঘটিকে ধরার জন্য চা বাগানে একপাশে জাল লাগিয়ে দেয়। ঘটনায় হয় পাতানো ও ড্রোন ক্যামেরার সাহায্যে চিতাবাঘটির অবস্থান দেখা হয়। চিতাবাঘটিকে বনকমীরা ধরতে না পারায় এক সময় ক্ষিপ্ত হয়ে পরেন কিছু জনগণ। বিকেল পর্যন্ত বনকমীরা চিতাবাঘটিকে ঘুমপাড়ানি গুলি করার চেষ্টা করলেও চারদিকে মানুষের ভিড় থাকায় গুলি করতে বনকমীরা পড়তে হিঁচলি বনকমীদের। শেষে সন্ধ্যার আগে বনকমীরা চিতাবাঘ টিকে ঘুমপাড়ানি গুলি করে কবু করায়।

বি এ এবং এম এ পড়ানো হচ্ছে।

এছাড়াও জামিয়া মিল্লিয়া ইসলামিয়া বিশ্ববিদ্যালয়, নতুন দিল্লি এবং বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়, মেদিনীপুর স্টাডি সেন্টার চালু হয়েছিল। শিক্ষার মাধ্যম এবং অন্যান্য কারণে এই দুইটি স্টাডি সেন্টার ছাত্র-ছাত্রীদের বিশেষ দৃষ্টি আকর্ষণ করতে পারেনি কিন্তু নেতাজী সুভাষ ওপেন ইউনিভার্সিটি এবং মাওলানা আজাদ ন্যাশনাল উর্দু ইউনিভার্সিটি ছাত্র ছাত্রীদের জন্য উচ্চশিক্ষার পথ সুগম করে দিয়েছে। বিশেষত গরীব মেধাবী ছাত্র-ছাত্রী যারা বাইরে যাওয়ার সুবিধা পায় না তারা এখান থেকে এমএ পাস করে, অপরদিকে যে সকল ছাত্রীরা সাধারণত বাইরে গিয়ে থাকা ও পড়াশোনার সুবিধা থেকে বঞ্চিত হয়। তারা কালিয়াচক কলেজে স্টাডি সেন্টারের মাধ্যমে পোস্ট গ্রাজুয়েট ডিগ্রি করে উচ্চশিক্ষার মাধ্যমে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে সফলতা লাভ করবে। সর্বসাধারণ ছাত্রছাত্রীদের সুবিধা যেমন হচ্ছে বিশেষ করে অর্থিকভাবে দুর্বল শ্রেণীর ছাত্র এবং নারী শিক্ষার অগ্রগতির ক্ষেত্রে এই স্টাডি সেন্টার এক ইতিবাচক ভূমিকা পালন করে চলেছে।

### মুখ খুললেন প্রদেশ নেতা মিল্টন রসিদ

দুরন্ত বার্তা, বীরভূম, ৩ ফেব্রুয়ারি : ইণ্ডিয়া জোটে তৃণমূল না থাকা নিয়ে মুখ খুললেন প্রদেশ নেতা মিল্টন রসিদ। সিপিএমের হার্মাদ কংগ্রেসের কর্মীদের গলা কেটেছে বলে অভিযোগ করে। তাদের নিয়ে কংগ্রেস কোন ন্যায় যাত্রা করছে, এমন অভিযোগ তুলছে তৃণমূল। মিল্টন বলেন, কংগ্রেসের মুখপাত্র বধীশা কংগ্রেস নেতা জয়রাম রমেশ তো পরিস্কার ভাষায় বলেন, রাজা ও স্থানীয় স্তরে কোনো বিষয় এবং জাতীয় স্তরে বিষয় সব সময় আলাদা হয়। ইণ্ডিয়া গঠ বন্ধনের সবার সঙ্গে মমতা বন্দ্যোপাধ্যায় ২৬ জুন পাটনায়, ১৭-১৮ জুলাই বেঙ্গালুরুতে, ৩১ আগস্ট এবং সেপ্টেম্বরের ১ বৈঠক করছেন। তাহলে সেখানে সিপিএম থাকা সম্ভ্বেও ওতরাব বৈঠকে মমতা ছিলেন কি করে? এখানে তিনি নাটক করে বিজেপির হাত নে শত্রু করতে চাইছেন।

## আস্থা ভোটে ঝালদা পুরসভার চেয়ারম্যান সেই সুরেশ আগরওয়াল

দুরন্ত বার্তা, পুকুলিয়া, ৩ ফেব্রুয়ারি : আদালতের নির্দেশমতো নির্ধারিত দিনেই মিটল পুকুলিয়ার ঝালদা পুরসভার আস্থা ভোট। শনিবার আস্থা ভোটে জয়ী হয়ে নতুন চেয়ারম্যান হলেন প্রাক্তন সুরেশ আগরওয়াল। এদিন ৬ জন অংশগ্রহণ করেন ভোট প্রক্রিয়ায়। সর্বসম্মতিক্রমে সুরেশ আগরওয়ালকেই চেয়ারম্যান পদে নির্বাচিত করেন। ঝালদা পুরসভার জটিলতা দীর্ঘদিনের। দলবদলের সমীকরণে বার বার এখানকার বোর্ড তৈরি হয়েও ভেঙে যায়। চলতি মাসের ১৭ জানুয়ারি ঝালদা পুরসভার তৃণমূলগণের পূরণধান শীলা চট্টোপাধ্যাকে অপসারিত করেন দলের পাঁচ ও কংগ্রেসের দুই কাউন্সিলর মিলিয়ে মোট সাতজন। কংগ্রেস ও শ্রমিক দল তৃণমূলের অলিখিত জোটের সাত-শূন্য ভোটে অপসারিত হন তিনি। যা নিয়ে ঝালদার রাজনৈতিক মহলে ঝড় ওঠে। অভিযোগ, পূরণধান অপসারিত হওয়ার পরেও চেয়ার আঁকড়ে বসেছিলেন শীলা চট্টোপাধ্যায়। যে তলবি সভায় তাঁকে অপসারিত করা হয় সেই সভাকে তিনি বৈধ বলে মনে করেন না। তাঁর যুক্তি, ওই সভা অনুষ্ঠিত হওয়ার আগেই তিনি বিজ্ঞপ্তি জারি করে ২৭ জানুয়ারি তলবি সভার বৈধক ডেকেছিলেন। কিন্তু সেই বিজ্ঞপ্তির আমল না দিয়ে তলবি সভা হয়। শেষমেশ হাইকোর্টের নির্দেশে ৩ ফেব্রুয়ারি আস্থা ভোট এবং নতুন চেয়ারম্যান নির্বাচন। চেয়ারম্যান হওয়ার পর সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে সুরেশ আগরওয়াল জানান, কলকাতা হাই কোর্টের নির্দেশ মেনে শনিবার আস্থা ভোট হয়েছে এবং তিনিই চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন। শপথ পরে নেনেন। এদিনের নির্বাচনে গরহাজার ছিলেন প্রাক্তন পূরণধান শীলা চট্টোপাধ্যায়। এদিন নবনির্বাচিত চেয়ারম্যানের সঙ্গে ছিলেন ৫ কাউন্সিলর - বিপ্লব কল্লা, জবা মাছোয়াদ, সুদীপ কর্মকার, পূর্ণিমা বাগদি, রিজওয়ানা খাতুন। তাদের সমর্থনেই এদিন পূরণধান হন সুরেশ আগরওয়াল। এর আগে সুরেশ আগরওয়ালকে দলীয় হুইপ অমান্য করায় তাঁকে সরানো হয়েছিল। এবার ফের ঝালদা পুরসভা কংগ্রেসের দখলে গেলে।

এদিনের নির্বাচনে গরহাজার ছিলেন প্রাক্তন পূরণধান শীলা চট্টোপাধ্যায়। এদিন নবনির্বাচিত চেয়ারম্যানের সঙ্গে ছিলেন ৫ কাউন্সিলর - বিপ্লব কল্লা, জবা মাছোয়াদ, সুদীপ কর্মকার, পূর্ণিমা বাগদি, রিজওয়ানা খাতুন। তাদের সমর্থনেই এদিন পূরণধান হন সুরেশ আগরওয়াল। এর আগে সুরেশ আগরওয়ালকে দলীয় হুইপ অমান্য করায় তাঁকে সরানো হয়েছিল। এবার ফের ঝালদা পুরসভা কংগ্রেসের দখলে গেলে।

## আগুন ও খোঁয়া, আতঙ্ক কুলিক এক্সপ্রেসের যাত্রীদের

দুরন্ত বার্তা, মালদা, ৩ ফেব্রুয়ারি : মালদায় আগুন লাগল চলন্ত কুলিক এক্সপ্রেসে। রাধিকাপুর থেকে কলকাতা যাচ্ছিল কুলিক এক্সপ্রেস। শনিবার সকাল সাড়ে ৯টা নাগাদ খালতিপুর স্টেশন ছাড়ার পর ওই ট্রেনের চাকায় ধোঁয়া দেখা যায়। তাতে আতঙ্কিত হয়ে পড়েন যাত্রীরা। ডাউন ১৩০৫৪ কুলিক এক্সপ্রেসের চাকায় আগুন লাগার খবর পেয়ে তৎপর হয়ে পড়ে রেল কর্তৃপক্ষ। ধোঁয়া দেখতে পেয়ে তড়িৎঝি থামিয়ে দেওয়া হয় ট্রেনটি। জানা যাচ্ছে, মালদা বিভাগের খালতিপুর চ্যাম্পানি স্টেশনের কাছে একটি সাধারণ কোরের ‘ বাইন্ডিং’-এ আগুন লেগেছিল। ট্রেনটি যখন খালতিপুর স্টেশন সংলগ্ন জায়গায়, তখন ধোঁয়া দেখা যায়। সকাল ৯টা ৩১ মিনিট নাগাদ ট্রেনটি দাঁড়িয়ে যায়। শুধু হয় আগুন নেভানোর তড়াতাড়ো। ট্রেন থেকে যাত্রীদের নামিয়ে দেওয়া হয়। সমস্ত পরীক্ষা-নিরীক্ষার পরে ১০টা ১৪ মিনিট নাগাদ ট্রেনটি পুনরায় যাত্রা শুরু করে।

## প্রেমিকের সঙ্গে ঠিক বিয়ে, তারপরই নিখোঁজ ছাত্রী! ৩৬ ঘন্টা পেরিয়েও মেলেনি খোঁজ

দুরন্ত বার্তা, মালদা, ৩ ফেব্রুয়ারি : ভালোবাসার সাথীর সঙ্গে বিয়ে ঠিক হয়েছে। আর তারপর থেকেই নিখোঁজ তরুণী। ৩৬ ঘন্টা পেরিয়ে গেলেও খোঁজ নেই সেই কলেজ ছাত্রীরা। মালদার মানিকচক কলেজের প্রথম বর্ষের



ছাত্রীর রহস্যজনকভাবে নিখোঁজের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। ছোট থেকেই মথুরাপুরের শঙ্করটোলা এলাকায় মামা বিকাশ ঘোষের বাড়িতে বড়ো সে। মালদা জেলার ইংরেজবাজারে টিউশন পড়তে গিয়ে নিখোঁজ হয় প্রথম বর্ষের ছাত্রী প্রিয়াঙ্কা ঘোষ। ইতিমধ্যে

মানিকচক থানায় লিখিত অভিযোগ করেছে নিখোঁজ ছাত্রীর পরিবার। প্রথম বর্ষের ছাত্রী প্রিয়াঙ্কা ঘোষ (১৮) বৃহস্পতিবার সকালে মথুরাপুর শঙ্করটোলার মামার বাড়ি থেকে টিউশনি পড়তে ইংরেজবাজারের উদ্দেশ্যে সকাল সাড়ে আটটা বের হয়। পরিবারের সঙ্গে সেই শেষ কথা। তারপর ছাত্রীর সঙ্গে কোনওভাবে যোগাযোগ করা যায়নি। শেষমেষ পরিবারের সদস্যরা মালদা বিভিন্ন জায়গা খোঁজাখুঁজির পর ইংরেজবাজার থানায় লিখিত অভিযোগ করেছেন। ছাত্রীর দাদু আশুতোষ ঘোষ বলেন, ‘ঘোভাবে মালদা জেলাজুড়ে একের পর এক নিখোঁজের ঘটনা ঘটছে তাতে ভয়ের মধ্যে রয়েছি আমরা। ইতিমধ্যে মানিকচক ও ইংরেজবাজার থানায় লিখিত অভিযোগ দায়ের করেছি। পুলিশ অতি শীঘ্রই যাতে কোন ব্যবস্থা গ্রহণ করুক তার আবেদন জানাচ্ছি।’ মানিকচক থানার এনায়েতপুরে নিজস্ব বাসভবন থাকলেও পড়াশোনার সুবিধার জন্য মানিকচক থানার শঙ্করপুরে মামার বাড়িতে থাকত এই ছাত্রী। ৩৬ ঘণ্টা পেরিয়ে গেলেও কোন খোঁজ না পাওয়ায় উৎকণ্ঠায় রয়েছে ছাত্রীর পরিবার। তদন্ত শুরু করেছে ইংরেজবাজার ও মানিকচক থানার পুলিশ। যদিও এখনও কোনও ক্লু পায়নি পুলিশ। পরিবার সূত্রে জানা গিয়েছে, আগামী মার্চ মাসে ছাত্রীর প্রেমিকের সঙ্গে বিয়ে ঠিক হয়েছে। এরপর থেকে নিখোঁজ হয়ে যাওয়ায় চিন্তায় রয়েছে পরিবার।

## মেট্রোর ভাড়া-বহির্ভূত রাজস্ব আয়ে ৪৮.৬ শতাংশ বৃদ্ধি

কলকাতা, ৩ ফেব্রুয়ারি : ভারতীয় রেলের অ-ভাড়া রাজস্ব আয় বৃদ্ধিতে মেট্রো রেল একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। রেলওয়ে বোর্ডের নির্দেশিকা অনুসরণ করে, মেট্রো রেলওয়ে, ভারতীয় রেলওয়ের ক্ষুদ্রতম অঞ্চলগুলির মধ্যে একটি হওয়া সত্ত্বেও, বিগত বছরগুলিতে ভাড়া-বহির্ভূত রাজস্ব আয় বাড়ানোর প্রচেষ্টায় উল্লেখযোগ্য ফলাফল দেখাতে সক্ষম হয়েছে। চলতি অর্থবছরে অর্থাৎ ২০২৩-২৪-এ সেই ঐতিহ্যকে অক্ষুণ্ণ রেখে, কলকাতা মেট্রো স্টার্লিং ফলাফল তৈরিতে সমস্ত রেলওয়ে জোনের মধ্যে প্রথম পৌঁছানোর দিকে নিজেদের নিবন্ধন করতে সক্ষম হয়েছে। আয়ের ঐতিহ্যবাহী উৎসগুলি ছাড়াও উপার্জন বাড়ানোর জন্য ভারতীয় রেলওয়ের অ-ভাড়া রাজস্ব বাড়ানোর উদ্যোগগুলিকে সফল করার জন্য, মেট্রো রেলওয়ে তার রাজস্ব বাড়ানোর জন্য বিভিন্ন উদ্ভাবনী পদক্ষেপ গ্রহণ করেছে যা সাধারণত তার উপার্জনের উপর সম্পূর্ণ নির্ভরশীল। সেই প্রচেষ্টার অংশ হিসাবে, মেট্রো রেলওয়ে স্টেশনগুলিতে লিটার বিনগুলির ব্র্যান্ডিং, মেট্রো রেকের ভিতরে এবং বাইরে বিজ্ঞাপন প্রদর্শন, খোলা জায়গায় হোর্ডিংগুলি প্রদর্শন এবং বিভিন্ন স্টেশনে স্বাস্থ্য পরীক্ষা কিস্তি স্থাপন, হ্যান্ডেল চেনইন ব্র্যান্ডিং ইত্যাদির মাধ্যমে রাজস্ব আয়ের দিকে মনোনিবেশ করেছে। . এছাড়াও, মেট্রো রেলওয়ে ট্রাক সিস্টেম ডেভেলপমেন্ট প্রোগ্রাম, কার্ড ব্যালেন্স চেকিং টার্মিনাল (সিরিসিটি) ব্র্যান্ডিং, স্বয়ংক্রিয় স্মার্ট কার্ড রিচার্জ মেশিন (এক্সপারিআরএম) ব্র্যান্ডিং, এক্সপ্রি-পিসি গেটসি এবং ফ্ল্যাপ ব্র্যান্ডিং, ফুড কিস্তি স্থাপন, স্মার্ট কার্ডের মতো উদ্ভাবনী ধারণাগুলি বাস্তবায়ন করেছে। এবং টোকেন ব্র্যান্ডিং, যাত্রীদের ইনফোটেনইনমেন্ট দেওয়ার জন্য রেকের ভিতরে ডিজিটাল ডিসপ্লে স্থাপন করা ইত্যাদি। এই ধরনের উদ্যোগগুলি মেট্রো রেলওয়ের ভাড়া-বহির্ভূত রাজস্ব অনেকাংশে বৃদ্ধি করতে সাহায্য করেছে। এই ধরনের সমন্বিত প্রচেষ্টায়, মেট্রো রেল আয় করেছে। ১ এপ্রিল, ২০২৩ থেকে ৩১ জানুয়ারি, ২০২৪ সালে নেট-ফোয়ার রেভিনিউ হিসাবে ৩৭.৫৫ কোটি টাকা। ২০২২-২৩ সালে মেট্রো আয় করেছে একই সময়ের মধ্যে হিসাবে ২৫.২৬ কোটি টাকা (অর্থাৎ এপ্রিল, ২০২২ থেকে জানুয়ারি, ২০২৩ পর্যন্ত)। এটি ৪৮.৬ বৃদ্ধি। জানুয়ারিতেই মার্চিকুল মেট্রো আয় করেছে ৩.৭৬ কোটি টাকা তুলনায় এনএফআর হিসাবে জানুয়ারী, ২০২৩ এ ৬.৪৪ কোটি আয় হয়েছে। শ্রী পি উদয় কুমার রেড্ডি, মহাব্যবস্থাপক, মেট্রো রেলওয়ে তার সম্ভূতি প্রকাশ করেছে কারণ মেট্রো এমন একটি কর্মক্ষমতা দেখাতে সক্ষম হয়েছে। তিনি আশা প্রকাশ করেন যে এই অর্থবছরেও মেট্রো রেলওয়ে বোর্ডের প্রত্যাশা পূরণ করতে সক্ষম হবে।

### ইঞ্জিনের থাকায় মৃত্যু রেলওয়ে কর্মীর

ধর্মনগর (ত্রিপুরা), ৩ জানুয়ারি : রেল লাইনে ইলেক্ট্রিফিকেশনের কাজ করতে গিয়ে রেল ইঞ্জিনের থাকায় মৃত্যু হয়েছে এক রেলওয়ে কর্মীর। দুর্ঘটনাটি ঘটেছে শনিবার দুপুরে উত্তর ত্রিপুরা জেলার ধর্মনগর রেল স্টেশনের কাছে কৃষ্ণপুর এলাকায়। মৃত রেলওয়ে কর্মীর নাম রামদেও সিং (৫৮)। তাঁর বাসস্থান বিহারে। জানা গিয়েছে, অন্যান্য দিনের মতো রেলওয়ে ট্রাক মেগে টন্যাপ কর্মী রামদেও সিং কৃষ্ণপুর এলাকায় রেল লাইনে কাজ করছিলেন। তিনি একটি ব্রিজের উপর কাজ করছিলেন। আচমকা একটি ট্রেনের ইঞ্জিন ওই লাইন দিয়ে চলে আসে এবং ওই কর্মীকে ধাক্কা দিয়ে চলে যায়। ঘটনাস্থলেই মার্মিকুল মৃত্যু হয় রামদেও সিংয়ের। রেলওয়ের অন্যান্য কর্মীরা জানিয়েছেন, ইঞ্জিনের চালক কোনও ধরনের হর্ন বাজাননি। শুধু তা-ই নয়, রেলওয়ের কর্মী যে পোশাক পরেছিলেন সেটি রেলওয়ে প্রদত্ত সুনির্দিষ্ট আনুষার্ম। দূর থেকেই এই ইউনিফর্ম রেলের লকো পাইলটদের নজরে আসার কথা। কিন্তু, লকো পাইলট কোনও ধরনের হর্ন বাজাননি। এদিকে, রামদেও সিং যখন দেখতে পান ইঞ্জিন চলে এসেছে তখন তিনি প্রাণ বাঁচতে দৌঁতে থাকেন। যেহেতু একটি ব্রিজের উপর ছিলেন তিনি, তাই লাইনের পাশে ঝাঁপ দেওয়ার সুযোগ ছিল না। তিনি চেষ্টা করছিলেন যাতে ব্রিজটি দৌঁড়ে অতিক্রম করতে পারেন। কিন্তু, দুর্ভাগ্যবশত তিনি ব্রিজের মাত্র চার মিটার বাকি থাকতেই ইঞ্জিনের থাকায় প্রাণ হারান। পরে খবর পেয়ে আরপিএফ সহ অন্যান্য পুলিশ কর্মীরা সেখানে পৌঁছে মৃতদেহ উদ্ধার করে নিয়ে যান হাসপাতালে।

|                                                                                                                                                                                                                                                   |
|---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| <div>OFFICE OF THE PRADHAN</div> <div><b>ANARA GRAM PANCHAYAT</b></div> <div>VILL &amp; POST – ANARA. DIST. – PURULIA (WB.)</div> <div>UNDER PRAJ. DEVELOPMENT BLOCK</div> <div>e-TENDER NOTICE</div> <div>NIT Memo No - 65/AGP/2024      D</div> |
|---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|



## ‘যশস্বী ভব’, রেকর্ডে ভাগ বসাতেই বিশেষ বার্তা দিলেন শচীন

৩ ফেব্রুয়ারি : মাত্র দুটি শব্দ। ‘যশস্বী ভব’। শচীন তেণ্ডুলকরের এই বিশেষ বার্তা সোশাল মিডিয়াতে ভাইরাল হয়েছে। ইংল্যান্ডের বিরুদ্ধে দ্বিতীয় টেস্টে মারমুখী মেজাজে অপরাজিত শতরান। একাকুণ্ঠ রক্ষা করে ১৭৯ রানে অপরাজিত থাকার সুবাদে খবরের শিরোনামে জাগরণ করে নিয়েছেন যশস্বী জসওয়াল। আর তাই যশস্বীর মারকুটে ব্যাটিং দেখে এভাবেই প্রতিক্রিয়া জানানেন ‘গড অফ ক্রিকেট’। এদিকে এমন মহাকাব্যিক ইনিংস খেলে মাস্টার ব্লাস্টারের রেকর্ডে ভাগ বসালেন টিম ইন্ডিয়ায় বাহাতি ওপেনার। শতরান করার সুবাদে যশস্বী ভারতের চতুর্থ ব্যাটার, যিনি ২৩ বছরে পা দেওয়ার আগেই দেশে ও বিদেশে তিন অংকের রান করে ফেলেছেন। এই তালিকায় আগে ছিলেন শচীন, রবি শাস্ত্রী ও বিনোদ কাফলি। এবার সেই তালিকায় নাম লেখালেন ২২ বছরের যশস্বী। শুধু তাই নয়, মজার ব্যাপার হল এই চার ব্যাটারই মুম্বইকর। গত বছরের ১৩ জুলাই ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে অভিষেক টেস্টের দ্বিতীয় দিন ১৭১ রান করেছিলেন যশস্বী। ডমিনিকার বাইশ গড়ে ঘটেছিল ড্রিম ডেবিউ। এর পর সেই বছরের ৩ অক্টোবর নেপালের বিরুদ্ধে এশিয়ান গেমসে করেছিলেন ৪৯ বলে ১০০ রান। আর এবার বেন স্টোকসের দলের বিরুদ্ধে ২৫৭ বলে ১৭৯ রানে অপরাজিত রয়েছেন তিনি।

## পিএসজির জয়ের নায়ক এমবাপে

প্যারিস, ৩ ফেব্রুয়ারি : ফরাসি লীগে শুক্রবার রাতে স্টাসবুর বিরুদ্ধে পেনাল্টি থেকে গোল করতে পারলেন না কিলিয়ান এমবাপে। তবে তাতে দমে যাননি ফরাসি তারকা। প্রবলভাবেই ঘুরে দাঁালেন ফরাসি তারকা। শেষ পর্যন্ত তাঁর দুর্দান্ত পারফরম্যান্সের জন্য প্রতিপক্ষের মাঠ থেকে জয় নিয়ে ফিরেছে পিএসজি। প্রথমাধে একটি গোল করেন এমবাপে। আর দ্বিতীয়ার্ধে তারই সহায়তায় আরেকটি গোল হয়। স্টাসবুরকে ২-১ গোলে হারায় পিএসজি। এরফলে পিএসজির বিপক্ষে টানা ১২ ম্যাচ জয়যিহীন রইল স্টাসবুর । ২০ ম্যাচে ৪৭ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার শীর্ষে পিএসজি। ১৯ ম্যাচে ৬৮ পয়েন্ট নিয়ে দুইয়ে নিস।

## দ্বিশতরান করতেই শুভেচ্ছার বন্যায় ভাসলেন উত্তরপ্রদেশের তরুণ



৩ ফেব্রুয়ারি : দ্বিতীয় টেস্টের প্রথম দিন ১৭৯ রানে অপরাজিত থেকে ক্রিজ ছাড়েন যশস্বী জয়সওয়াল। বাকি ব্যাটাররা যখন চেনা উইকেটেও ইংলিশ বোলারদের সামনে অসহায়, তখন এক কুণ্ঠ সামলালো এক তরুণ তুর্কি। তখনই মনে উঁকি দিচ্ছিল প্রশ্টা। এ ম্যাচেই কি তবে ডাবল সেঞ্চুরি হাঁকাবেন তিনি? সত্যিই তাই হল, তিনি পারলেন। টেস্টে প্রথমবার দ্বিশতরানের নজির গড়লেন যশস্বী। শনিবার অর্থাৎ টেস্টের দ্বিতীয় দিনের খেলার শুরুতেই ২০০ রানের মহিলস্টোন স্পর্শ করেন যশস্বী। শোয়েব বাশিরের ডেলিভারিতে বাউন্ডারি হাঁকিয়ে দুশোর গণ্ডি পেরিয়ে যান তিনি। ২৭৭ বলে ডাবল সেঞ্চুরি করে দলকে ৪০০ রানের কাছাকাছি পৌঁছে দেন তিনি। রোহিত-গিলরা যেখানে ব্যাট হাতে বারবার ব্যর্থ হচ্ছেন, সেখানে ২৯০ বলে ২০৯ রানের মন ভালো করা ইনিংস খেলে তরুণ যশস্বী যেমন বার্তা দিলেন, সুযোগ পেলে দলের জন্য ঠিক কতখানি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন। আন্তরাসনের ডেলিভারিতে প্যাভিলিয়নে ফেরেন তিনি। ইংল্যান্ডের বিরুদ্ধে দ্বিতীয় টেস্টে মারমুখী মেজাজে শতরান করেন যশস্বী। বীরেন্দ্র শেহওয়াগের মতো মারকাটারি ব্যাটিংয়ে একাই চাপে ফেলে দেন ইংল্যান্ডকে। যার পরই এগ্ন হ্যাভেলে তাকে বিশেষ বার্তা দেন শচীন তেণ্ডুলকর লেখেন, ‘যশস্বী ভব। সোশাল মিডিয়ায় মুহূর্তে ভাইরাল হয়ে যায় সেই টুইট। আর এদিন দ্বিশতরান করতেই শুভেচ্ছার বন্যায় ভাসতে শুরু করেন উত্তরপ্রদেশের তরুণ। বিসিসিআই টুইট করে তাকে কুর্নিশ জানিয়েছে। এগ্ন হ্যাভেলে আপাতত ছয়লাফ ট্রেন্ডিং যশস্বীতেই।

## এএফসি এশিয়ান কাপ

## অস্ট্রেলিয়াকে বিদায় করে সেমিফাইনালে দক্ষিণ কোরিয়া



রিয়াদ, ৩ ফেব্রুয়ারি : এএফসি এশিয়ান কাপে অস্ট্রেলিয়াকে বিদায় করে সেমিফাইনালে চলে গেল দক্ষিণ কোরিয়া। ম্যাচের ৪২ মিনিটে ক্রেগ গডউইনের গোলে এগিয়ে গিয়েছিল অস্ট্রেলিয়া। প্রায় শেষ মুহূর্তে বাশি বাজার কয়েক সেকেন্ড আগে অস্ট্রেলিয়ার বক্সে সনকে ফেলে দেন লুইস মিলার। পেনাল্টি পায় কোরিয়া। সেখান থেকে গোল করেন হাওয়াং হি-চ্যান। কোরিয়া ১-১ গোলে সমতা আনার পর ম্যাচ গড়ায় অতিরিক্ত সময়ে। ১০৪ মিনিটে অস্ট্রেলিয়ার বক্সে ফ্রি কিক পায় ইয়র্গেন ক্লিন্সমানের দল। এই ফ্রি কিক থেকে বাকানো শটে গোল করে দক্ষিণ কোরিয়াকে দুর্দান্ত জয় এনে দেন সন। এবার সেমিফাইনালে ক্লিন্সমানের দল মুখোমুখি হবে জর্ডানে।

## আক্রমণ ও পাল্টা আক্রমণে রুদ্রশ্বাস মেগা ডার্বি ড্র

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ ফেব্রুয়ারি : দারুণ লড়াইে দুই দলই মাঠে তিন পয়েন্ট ফেলে এল। আইএসএলের মঞ্চে এতদিন ৬-০ ব্যবধানে এগিয়ে ছিল মোহনবাগান। সবুজ-মেরুনের সামনে এঁটে উঠতে পারেনি ইস্টবেঙ্গল। তবে কার্লোস কুয়াল্রাত দায়িত্ব নেওয়ার পর চাকা ঘোরালেন। মেগা ডার্বির আগে আন্ত্রোনিও লোপেজ হাবাস তাঁর ডার্বি জয়ের পরিসংখ্যানের খতিয়ান দিয়েছিলেন। যা ছিল প্রায় হুকারের সমান। তবে শেষ পর্যন্ত ডার্বি রেকর্ড অপরাজিত থাকার রেকর্ড অক্ষত রেখেই মাঠ ছাড়লেন হাবাস। কারণ টানটান উত্তেজনাপূর্ণ ম্যাচ ২-২ ব্যবধানে শেষ হল। এগিয়ে থেকেও পারল না ইস্টবেঙ্গল, পিছিয়ে পড়েও দারুণ কামব্যাক মোহনবাগানের, রুদ্রশ্বাস মেগা ডার্বি ড্র। আইএসএলে প্রথম লেগে কলকাতা ডার্বির প্রথমার্ধ বেশ জমজমাট। ইস্টবেঙ্গল শুরুর দিকে বাগানের রক্ষণে চাপ বাড়লেও ক্রমেই ম্যাচে ফেরে আন্ত্রোনিও লোপেজ হাবাসের দল। বিরতিতে খেলার ফল ১-১। ৩ মিনিটের মাথায় অজয় ছত্রীর গোল এগিয়ে দেয় কলিঙ্গ সুপার কপ জিতে আসা ইস্টবেঙ্গলকে। যদিও ১৭ মিনিটে আর্মালো সাদিকুর গোলে সমতা ফিরিয়েছে মোহনবাগান সুপার জায়ন্ট। কিক অফের ১ মিনিটের মধ্যেই কর্নার আদায় করে নিয়েছিল ইস্টবেঙ্গল। কার্লোস কুয়াল্রাতের দল ৩ মিনিটের মাথায় এগিয়ে যায় অজয় ছত্রীর গোলে। বাঁ প্রান্তে নওরুজ মহেশের থেকে বল পেয়ে ক্রস ডাসিয়েছিলেন নিশু কুমার। নিশুকে এদিন কুয়াল্রাত নামিয়েছেন সৌভিক চক্রবর্তী না থাকার। নিশুর মাপা ক্রস জালে জড়িয়ে দিত কোনও



ভুল করেননি অজয়। আইএসএলের ইতিহাসে তিনি ইস্টবেঙ্গলের হয়ে দ্বিতীয় দ্রুততম গোলাটি করলেন। ২ বছর আগে জামশেদপুর এফসির বিরুদ্ধে ভিপি সুহের গোল করেছিলেন ৯৮ সেকেন্ডের মাথায়। সেই নজির স্পর্শ করতে না পারলেও গুরুত্বপূর্ণ কাজটি করেন অজয়। ৯ মিনিটে বাগান শিবিরের উদ্বোগ বাড়ান চোট সমস্যা কাটিয়ে মাঠে ফেরা আলোয়ার আলি। এদিন তিনি হামস্ট্রিংয়ে চোট পান। তাঁর পরিবর্ত হিসেবে আমনদীপকে নামান হাবাস। ১৭ মিনিটে সাদিকুর গোল। ব্রেন্ডন হামিলের ক্রস থেকে গোল করে তিনি সমতা ফেলান। এরপর চোট সমস্যার কবলে পড়ে ইস্টবেঙ্গল। ঘড়ির কাঁটা ২০ মিনিট ছোয়ার আগেই সাউল ক্রেসপোকে তুলে সায়ন বদ্যোপাধ্যায়কে নামান কুয়াল্রাত। চোটের কারণেই ক্রেসপোকে লাল হলুদ কোড তুলে নিলেন বলে মনে করা হচ্ছে। এরপর থেকে অবশ্য ইস্টবেঙ্গলের অর্ধেই বারবার আক্রমণ

## আফ্রিকা কাপ অব নেশনস

## সেমিফাইনালে উঠল নাইজেরিয়া ও কঙ্গো প্রজাতন্ত্র



আইভোরিকোস্ট, ৩ ফেব্রুয়ারি : আফ্রিকান কাপ অব নেশনসে সেমিফাইনালে উঠেছে নাইজেরিয়া ও কঙ্গো প্রজাতন্ত্র। শুক্রবার রাতে প্রথম কোয়ার্টার ফাইনালে নাইজেরিয়া ১ গোলে হারায় অ্যাঙ্গোলাকে। আর অন্য কোয়ার্টার ফাইনাল ম্যাচে গিনিকে ৩-১ গোলে হারিয়েছে কঙ্গো প্রজাতন্ত্র। নাইজেরিয়ার হয়ে গোলাটি করেন আদেমোলা লোকমান। প্রথমার্ধের ৪১ মিনিটে গোলাটি করেন এই আটালান্টা ফরোয়ার্ড। এই জয়ে নাইজেরিয়া পৌঁছে গেছে সেমিফাইনালে। এনিয়ে ১৬তম বারের মতো আফ্রিকা কাপ অব নেশনসের সেমির টিকিট কাটল নাইজেরিয়া। আর কোনও দল এতবার সেমিফাইনালে যায়নি। আরেক ম্যাচে কঙ্গো প্রজাতন্ত্র বেশ দাপটের সঙ্গেই জিতেছে। যদিও ম্যাচের ২০ মিনিটে গিনি পেনাল্টি থেকে গোল করে এগিয়ে যায়। তবে ৭ মিনিট পর ম্যাচে সমতা ফেরা করে কঙ্গো। এরপর দ্বিতীয়ার্ধের ৬৫ ও ৮২ মিনিটে গোল করে ৩-১ করে জয় নিশ্চিত করে। ২০১৫ সালের পর প্রথমবারের মতো সেমিফাইনালের টিকিট পেল কঙ্গো প্রজাতন্ত্র।

## বাংলা তথা ভারতীয় ক্রিকেট ইতিহাসের অন্যতম নক্ষত্র পঞ্চজ রায়ের মৃত্যুবার্ষিকী আবারও তাঁর অবদানকে স্মরণ করাবে

কলকাতা, ৩ ফেব্রুয়ারি : বাংলা তথা ভারতীয় ক্রিকেট ইতিহাসের অন্যতম নক্ষত্র পঞ্চজ রায়ের মৃত্যুবার্ষিকীতে আমরা আবার তাকে স্মরণ করবো। আগামীকাল ৪ ফেব্রুয়ারি তাঁর ২৬তম মৃত্যুবার্ষিকী। সৌরভ গঙ্গোপাধ্যায়ের আগে তিনিই বাংলার ক্রিকেটকে আলো দেখিয়েছিলেন। ব্যাট হাতে পারদর্শী এই বাঙালি ২২ গজে মন কেড়েছিলেন হাজার হাজার মানুষের। আগামীকাল তাঁর মৃত্যুবার্ষিকীতে থাকছে আমাদের আন্তরিক শ্রদ্ধা। ঘরোয়া প্রথম-শ্রেণীর ভারতীয় ক্রিকেটে বাংলা দলের হয়ে প্রতিনিধিত্ব করেন তিনি। তিনি মূলত ডানহাতি উদ্বোধনী ব্যাটসম্যান সেই সঙ্গে ডানহাতি মিডিয়াম বোলারও। বাংলার হয়ে ভারতের ঘরোয়া ক্রিকেটে অভিষেক ঘটে ১৯৪৬-৪৭ মরসুমে। উদ্বোধনী খেলাতেই তিনি সেঞ্চুরি করার কৃতিত্ব দেখান। প্রথম-শ্রেণীর ক্রিকেটে সর্বমোট তিনি ৩৬টি শতরান করেছেন। ৪২.৬৮ গড়ে ১১,৬৮৬ রান করেছেন।

ভারতীয় দলে তাঁর অভিষেক ঘটে ১৯৫১ সালে দিল্লিতে সফরকারী ইংল্যান্ড দলের



বিরুদ্ধে। ওই সিরিজে তিনি দুটি সেঞ্চুরি করেছিলেন। পরের বছর তিনি ইংল্যান্ড সফরে

যান। কিন্তু সেই সফরে ওনার পারফরম্যান্স

ভালো ছিল না। ৭ ইনিংসের পাঁচটিতেই শূন্য



বোলিংয়ের রেকর্ড গাতে পারেননি বাটলেট। অস্ট্রেলিয়ার হয়ে ওয়ানডে অভিষেকে সেরা বোলিং (৫২১) টনি ডডমাইডের। রেকর্ড গড়া না

১৭৩ রান ছিল তাঁর ব্যক্তিগত সর্বোচ্চ রান তোলায় বছর। এমনকি ১৯৫৯ সালে স্বাগতিক ইংল্যান্ডের বিপক্ষে ভারতের হয়ে অধিনায়কত্বও করেছিলেন তিনি। তিনি ৪৩ টি টেস্ট ম্যাচ খেলে করেছেন ২৪৪২ রান। রয়েছে পাঁচটি সেঞ্চুরি ও ৯টি অর্ধশত রান। ১৯৫৬ সালে ১১ জানুয়ারি চেন্নাইয়ে সফরকারী নিউজিল্যান্ড দলের বিপক্ষে বিনু মানকডের সঙ্গে ৪১৩ রানের জুটির এই বিশ্বরেকর্ড ৫২ বছর টিকেছিল। ২০০৭-০৮ মরসুমে দক্ষিণ আফ্রিকা'র উদ্বোধনী জুটিতে গ্রেইম স্মিথ (২৩২) ও নিল ম্যাকেঞ্জি (২২৬) ৪১৫ রান তুলে নতুন বিশ্বরেকর্ড গড়েন। ১৯৭৫ সালে ভারত সরকার তাঁকে পদ্মশ্রী পদকে ভূষিত করে সম্মান জানান। বাংলার এই কিংবদন্তি ক্রিকেটারকে আমরা সবাই ভুলে গেছি। আগামী ক্রিকেট প্রজন্ম যেন তাঁকে স্মরণ করে এগিয়ে যায় ওনার মৃত্যুবার্ষিকীতে এই কামনাই জানাই।

পেয়েছিলেন ‘কিং পোয়ার’। এরপর ওয়ানডেতে সিরিজে প্রথম ম্যাচে করেছেন মাত্র ৪ রান। গত বছর বিশ্বকাপের পর থেকেই টানা খেলার মধ্যে আছেন হেড। হাজলউড আগে থেকেই টি-টোয়েন্টি দলে ছিলেন। এবার ওয়ানডেতেও ফিরলেন। হেডের বিকল্প হিসেবে এখনো কারও নাম ঘোষণা করেনি অস্ট্রেলিয়া। এর মানে সিডনিতে আগামীকাল হতে যাওয়া দ্বিতীয় ওয়ানডেতে জ্যাক ফ্রেসার ম্যাকগ্রকের অভিষেকের সম্ভাবনা আছে।

## কেন টার্নিং পিচে খেলবে ভারত?’, স্কোভে ফুসছেন সৌরভ

৩ ফেব্রুয়ারি : ঘরের মাঠে স্পিন পিচ বানিয়ে বিদেশি দলকে উড়িয়ে দাও। এই নীতি নিয়েই ঘরের মাঠে খেলতে নামে ভারতীয় দল। বহু বছর ধরে অযোযিত এই প্রথা চলে আসছে। তবে ঘরের মাঠে কেন টার্নিং পিচ তৈরি করা হবে? সেটা নিয়ে প্রশ্ন তুলে দিলেন ক্ষুর সৌরভ গঙ্গোপাধ্যায়। তাঁর স্পষ্ট কথা জশপ্রীত বুমরাহ, মহম্মদ শামির সঙ্গে মহম্মদ সিরাজ ও একাধিক বিশ্রুমানের স্পিনার থাকতে কেন টার্নিং পিচ তৈরি করতে হবে? ইংল্যান্ডের বিরুদ্ধে চলতি দ্বিতীয় টেস্টে চালকের আসনে টিম ইন্ডিয়া। সৌজন্যে বুমরাহর আগুনে বোলিং। বুমরাহর ৪৫ রানে ৬ উইকেট নেওয়ার সুবাদে ২৫৩ রানে অলআউট হয়ে গিয়েছে বেন স্টোকসের দল। পরে ব্যাট করতে নেমে দ্বিতীয় ইনিংসে কোনও উইকেট না হারিয়ে ২৮ রান তুলেছে ভারত। ফলে এই মুহূর্তে লিড ১৭১ রানের। এমন পারফরম্যান্স দেখার পর সৌরভ নিজের ল হ্যাভেলে লিখেছেন, আমাদের দলে বুমরাহ, শামি, সিরাজ, মুকেশের মতো পেস বোলার রয়েছে। তার পরও কেন ভারত দেশের মাটিতে টার্নিং পিচ বানায়? এটা বেশ অবাক করার মতো বিষয়। আমার তো মনে হয়,



ভালো পিচে খেললে প্রতি ম্যাচেই উন্নতি করা যায়। অশ্বিন, জদেজা, কুলদীপ, অক্ষরদের মতোই ভারতীয় পেসাররাও যে কোনও পিচে ২০ উইকেট নিতে পারে। গত ৬-৭ বছর ধরে ভারতের ব্যাটিংয়ের মানের পতনের কারণই হল দেশের মাঠের এইরকম পিচ। ভালো পিচ হলেও ভারত পাঁচ দিনে টেস্ট জিততে পারবে। হায়দরাবাদে আয়োজিত প্রথম টেস্টে ২৮ রানে হেরে গিয়েছে ভারত। সিরিজে সমতা ফেরাতে মরিয়া রোহিত ও তাঁর সতীর্থরা। আর তাই বিশাখাপত্তনমেও টার্নিং পিচ তৈরি করা হয়েছে। তবে একমাত্র যশস্বী জসওয়াল ছাড়া আর কেউ সুবিধা করতে পারেননি। ২০৯ রান করে বাহাতি ওপেনার। বাকিরা সেট হয়েছে বার্থ হন। আর সেটা দেখেই স্কোভ প্রকাশ করলেন ভারতের প্রাক্তন অধিনায়ক।

## ২ গোলে লিড নিয়েও জয় পেল না আর্জেন্টিনা

ভেনেজুয়েলা, ৩ ফেব্রুয়ারি : প্রি-অলিম্পিক ম্যাচে উরুগুয়ের বিরুদ্ধে শুরুর ১০ মিনিটের মধ্যেই ২ গোলে লিড নিয়েও আর্জেন্টিনা জিততে পারল না। ৩-৩ গোলে ম্যাচ ড্র হয়েছে। ভেনেজুয়েলার ডেলগ্যাডো স্টেডিয়ামে ম্যাচ ২ ফেব্রুয়ারি রাতে অনুষ্ঠিত হয়। কনমেবল প্রাক-অলিম্পিক বাছাইয়ে টিকিট আগেই চূড়ান্ত করে ফেলছে আর্জেন্টিনা অনুর্ধ্ব-২৩ দল। উরুগুয়ের বিপক্ষে ম্যাচটি ছিল আর্জেন্টিনার কাছে গুরুত্বহীন। এই ম্যাচ জয়ের পর গ্রুপ চ্যাম্পিয়ন হয়েছে আর্জেন্টিনার যুবরা। ৪ ম্যাচ ৮ পয়েন্ট পেয়েছে তারা। আর ৪ পয়েন্ট নিয়ে অলিম্পিক টিকিটের দৌড় থেকে বাদ পড়ল উরুগুয়ে। চূড়ান্ত পর্বে আর্জেন্টিনার প্রথম প্রতিপক্ষ ভেনেজুয়েলা। ৫ ফেব্রুয়ারি খেলবে তারা। ৮ ফেব্রুয়ারি প্যারাগুয়ে ও ১১ ফেব্রুয়ারি ব্রাজিলের বিপক্ষে নামবে আর্জেন্টিনা।



## ‘ফেডেরারের সঙ্গে কত ক্রিকেট খেলেছি’, স্মৃতিচারণ বোপন্নার

৩ ফেব্রুয়ারি : অস্ট্রেলিয়া মতিয়ে এসেছেন তিনি। কেরিয়ারের শেষলগ্নে এসে গ্র্যান্ড স্ল্যাম জেতেন রোহন বোপান্না। অস্ট্রেলিয়ান ওপেনের ফাইনালে ম্যাথু এবডেনকে সঙ্গে নিয়ে খেতাব জিতে নেন তিনি। প্রবীণতম খেলোয়াড় হিসেবে গ্র্যান্ডস্ল্যাম জয়ের নজির তৈরি করেন রোহন বোপান্না। সেই বোপান্না বলছেন, উইম্বলডনে লকার রুমে তিনি এবং রজার ফেডেরার ক্রিকেট খেলেছেন একাধিকবার। বোপান্নার মতে, রজার ফেডেরার খেলাটিই বদলে দিয়েছেন ফেডেরার।

হলেও সবার সঙ্গে সহজেই মিশে যেত। ফেডেরারের সঙ্গে তাঁর ক্রিকেট খেলা প্রসঙ্গে বোপান্না বলেন, একটা সময় ছিল যখন

আগে ২০১০ এবং ২০২৩ সালে যুক্তরাষ্ট্র ওপেনের ফাইনালে পৌঁছেছিলেন ভারতের টেনিস তারকা। কিন্তু খেতাব ঘরে আনতে



রজারের সঙ্গে প্রায়ই দেখা হত উইম্বলডনে। একই সঙ্গে উইম্বলডনের লকার রুম শোয়ার করতাম। আমি আর রজার একসঙ্গে ক্রিকেট খেলতাম। উল্লেখ্য করা যেতেই পারে, এর

পারেননি। ডাবলসে এটাই প্রথম ট্রফি বোপান্নার। ২০১৭ সালে (ফরাসি ওপেন) মিক্সড ডাবলস জেতেন তিনি। লড়াই চালিয়ে গিয়েছেন। তার ফল ফেয়েছেন কেরিয়ারের সাহায্য এসে।